অষ্টাবক্র সংহিতা

(সান্বয় বঙ্গানুবাদ ও পদ্যানুবাদ সম্বলিত)

শ্রীমৎ স্বামী ধ্রুবানন্দ গিরি কর্ত্তৃক
সম্পাদিত।

প্রকাশক—
শ্রীমৎ মহিমানন্দ ব্রহ্মচারী

সর্ব্বসত্ব সংরক্ষিত] ১৩৩৩ [মূল্য ১॥০ আনা মাত্র

অষ্টাবক্র সংহিতা

(সান্বয় বঙ্গানুবাদ ও পদ্যানুবাদ সম্বলিত)

শ্রীমৎ স্বামী ধ্রুবানন্দ গিরি কর্ত্তৃক
সম্পাদিত।

প্রকাশক—
শ্রীমৎ মহিমানন্দ ব্রহ্মচারী
"উত্তমাশ্রম"
ডুমুরদহ, জেলা হুগলী।

 ১৩৩৩ [মূল্য ৸৹ আনা মাত্র।

ওঁ জয়তি শ্রীহরিঃ।

ভূমিকা।

ছান্দোগ্যাদি উপনিষদে ব্রহ্মজ্ঞ মহর্ষি উদ্দালক ও শ্বেতকেতুর নাম শুনিতে পাওয়া যায়। কহোড় মুনি এই মহর্ষি উদ্দালকের প্রিয় শিষ্য ছিলেন। গুরু-শুশ্রূষা-পরায়ণ মহামতি কহোড় মহর্ষির কৃপায় সর্ব্বশাস্ত্রে পারদর্শিতা লাভ করেন। মহর্ষি উদ্দালক সুজাতানাম্নী স্বীয় কন্যাকে প্রিয় শিষ্য কহোড়ের হস্তে সমর্পণ করিয়াছিলেন। মহর্ষি অষ্টাবক্র এই কাহোড়পত্নী সুজাতার গর্ভে জন্মগ্রহণ করেন। কথিত আছে যে, অষ্টাবক্র মাতৃগর্ভে থাকিয়াই প্রাক্তনসংস্কারপ্রভাবে, কহোড় মুনির কণ্ঠনিঃসৃত সাঙ্গবেদ ও সর্ব্বশাস্ত্র শ্রবণ করিয়াই জ্ঞানলাভ করেন। কহোড় মুনি সমস্ত রাত্রি শাস্ত্রাধ্যায়ন করিতেন। একদা মহামতি কহোড় শিষ্যগণপরিবেষ্টিত হইয়া অধ্যয়ন করিতেছেন, এমন সময়ে সুজাতার গর্ভে থাকিয়াই অষ্টাবক্র পিতাকে বলিলেন "সর্ব্বাং রাত্রিমধ্যয়নং করোষি নেদং পিতঃ সম্যগিবোপবর্ত্ততে।" হে পিতঃ! আপনি সমস্ত রাত্রিই অধ্যয়ন করেন, কিন্তু ইহা সর্ব্বাঙ্গসুন্দর হয় না।" শিষ্যগণ-মধ্যে অবস্থিত মহামতি কহোড় গর্ভস্থ পুত্রকর্ত্তৃক উক্ত প্রকারে অবমানিত হইয়া, ক্রোধভরে তাঁহাকে অভিশাপ প্রদান করিলেন যে, তুমি গর্ভে থাকিয়াই আমার অবমাননা করিলে, এইজন্য তোমার শরীরের অষ্টস্থান বক্র হউক।

একদা সুজাতা নির্জ্জনে স্বামী কহোড়কে বলিলেন প্রিয়তম! "আমার দশম মাস সমুপস্থিত; এ সময়ে অর্থ ব্যতীত কিরূপে এ বিপদ্ হইতে

উদ্ধার হইব ?” কহোড় প্রণয়িণীর এই ন্যায়সঙ্গত বাক্য শ্রবণ করিয়া অর্থপ্রাপ্তির আশায়, বিদেহাধিপতি জনকের সমীপে গমন করিলেন। জনকরাজের সভাপণ্ডিত বন্দী অসাধারণ পণ্ডিত ও তার্কিক ছিলেন। তাঁহার সহিত বিচারে পরাজিত হইয়া, পূর্ব্বকৃত প্রতিজ্ঞানুসারে মহর্ষি কহোড় জলে নিমজ্জিত হইলেন। ইতিমধ্যে অষ্টাবক্র শরীরের অষ্টস্থান বক্র অবস্থায় ভূমিষ্ঠ হইলেন। মহর্ষি উদ্দালক জামাতার এই শোচনীয় সংবাদ স্বীয় কন্যাকে প্রদান করিয়া বলিলেন, বৎসে! তোমার পুত্র যেন এই বৃত্তান্ত কোন প্রকারে জানিতে না পারে।

মহর্ষি অষ্টাবক্র উদ্দালককে পিতা ও শ্বেতকেতুকে ভ্রাতা বলিয়াই জানিতেন। দ্বাদশ বর্ষ বয়ঃক্রম কালে একদা অষ্টাবক্র মাতামহের ক্রোড়ে বসিয়া আছেন, এমন সময়ে সমবয়স্ক মাতুল শ্বেতকেতু তথায় আসিয়া অষ্টাবক্রকে স্বীয় পিতার ক্রোড় হইতে নামাইবার জন্য তাঁহার হস্ত ধারণ করিয়া আকর্ষণ করতঃ বলিলেন—ইহা তোমার পিতার ক্রোড় নহে। মাতুল শ্বেতকেতুর ঐরূপ অপ্রিয় বাক্য শ্রবণ করিয়া অষ্টাবক্র অতি বিষণ্ণ মনে মাতৃ-সন্নিধানে আগমন করতঃ মাতাকে জিজ্ঞাসা করিলেন, মাতঃ! আমার পিতা কোথায়? পুত্রের বাক্যে মাতার শোকসিন্ধু উথলিয়া উঠিল। তিনি অভিশাপের ভয়ে আর গোপন রাখিতে না পারিয়া পুত্রকে ক্রোড়ে লইয়া রুদ্ধকণ্ঠে বলিলেন, বৎস! তোমার পিতা ধনপ্রার্থী হইয়া মিথিলাধিপতি জনকের নিকট গমন করিয়াছিলেন; শুনিয়াছি তিনি জনকের সভাপণ্ডিত বন্দীকর্ত্তৃক বাদে পরাজিত হইয়া জলে নিমজ্জিত হইয়াছেন। অষ্টাবক্র এই নিদারুণ সংবাদ শ্রবণ করিয়া মর্ম্মাহত হইলেন এবং মাতুল শ্বেতকেতুকে বলিলেন, আগামী কল্য আমি বিদেহরাজ জনকের সুসমৃদ্ধ যজ্ঞ দর্শননিমিত্ত গমন করিব। শ্বেতকেতু বলিলেন আমিও তোমার সহিত গমন করিব।

আশ্রমের অধ্যাপক পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত ননীগোপাল ভট্টাচার্য্য বেদান্তশাস্ত্রী মহাশয় সংহিতার অন্বয়মুখী বঙ্গানুবাদ করিয়া বিশেষ সাহায্য করিয়াছেন তজ্জন্য তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ। ইতি—

উত্তমাশ্রম—(ডুমুরদহ)
পোঃ, নয়াসরাই, জেলা, হুগলী।
১৩ই ফাল্গুন, ১৩৩২।

ধ্রুবানন্দ গিরি।

ওঁ জয়তি শ্রীহরিঃ।

অষ্টাবক্র-সংহিতা

প্রথমপ্রকরণম।

জনক উবাচ।

কথং জ্ঞানমবাপ্নোতি কথং মুক্তির্ভবিষ্যতি।
বৈরাগ্যঞ্চ কথং প্রাপ্যমেতত্ত্বং ব্রূহি মে প্রভো॥ ১।

জনক উবাচ (জনক বলিলেন)।

প্রভো! কথং (কি প্রকারে) জ্ঞানম্ অবাপ্নোতি (আত্ম-জ্ঞান প্রাপ্ত হয়), কথং মুক্তিঃ ভবিষ্যতি (কিরূপে মুক্তি হইবে), কথঞ্চ (কি প্রকারেই বা) বৈরাগ্যং প্রাপ্যং (বৈরাগ্য পাওয়া যাইতে পারে)? ত্বং (আপনি) এতৎ (ইহা) মে (আমাকে) ব্রূহি (বলুন)। ১।

কেমনে পাইব জ্ঞান, কিসে মুক্তি হবে।
বৈরাগ্য কেমনে পা'ব? কহ গুরো এবে॥ ১।

অষ্টাবক্র উবাচ।

মুক্তিমিচ্ছসি চেত্তাত! বিষয়ান্ বিষবত্ত্যজ।
ক্ষমার্জ্জব-দয়া-তোষ-সত্যং পীযূষবদ্ভজ॥ ২।

অষ্টাবক্র উবাচ (অষ্টাবক্র বলিলেন)।

তাত! (হে বৎস) চেৎ (যদি) মুক্তিম্ ইচ্ছসি (মুক্তি ইচ্ছা কর), [তাহা হইলে] বিষয়ান্ বিষবৎ (বিষয়াসক্তিকে বিষের ন্যায়)

ত্যজ (ত্যাগ কর)। ক্ষমা, আর্জ্জব (সরলতা), দয়া, তোষ (সন্তোষ) [ও] সত্যং (সত্যকে) পীযূষবৎ (অমৃতের ন্যায়) ভজ [সাদরে] (গ্রহণ কর)। ২।

মুক্তি চাও, ত্যজ বিষ-বিষয়-পিপাসা।
ক্ষমার্জ্জব, দয়া, তোষ, সত্য কর ভূষা ॥ ২।

ন পৃথ্বী ন জলং নাগ্নির্নবায়ুর্দ্যৌর্নবা ভবান্।
এষাং সাক্ষিণমাত্মানং চিদ্রূপং বিদ্ধি মুক্তয়ে ॥ ৩।

ভবান্ (তুমি) পৃথ্বী (পৃথিবী) ন (নও), জলং ন (জল নও), অগ্নিঃ ন (অগ্নি নও), বায়ুঃ ন (বায়ু নও), দ্যোঃ ন (আকাশ নও); মুক্তয়ে (মুক্তির জন্য) এষাং (পৃথিব্যাদি পঞ্চভূতের) সাক্ষিণং (সাক্ষীভূত) চিদ্রূপং (চৈতন্যকে) আত্মানং (নিজের আত্মা বলিয়া) বিদ্ধি (জানীহি =জান)। ৩।

পৃথ্বী, জল, অগ্নি, বায়ু, নহ তারাগণ!
চিৎস্বরূপ সাক্ষী মাত্র আপনারে জান ॥ ৩।

যদি দেহং পৃথক্ কৃত্য চিতি বিশ্রাম্য তিষ্ঠসি।
অধুনৈব সুখী শান্তো বন্ধমুক্তো ভবিষ্যসি ॥ ৪।

যদি দেহং পৃথক্কৃত্য (যদি দেহকে চৈতন্যস্বরূপ আত্মা হইতে পৃথক্ করিয়া) চিতি (চৈতন্যস্বরূপ আত্মাতে) বিশ্রাম্য (বিশ্রামলাভ করতঃ) তিষ্ঠসি (অবস্থান কর), [তাহা হইলে] অধুনৈব (এইক্ষণেই) শান্তঃ (বিগততৃষ্ণ হইয়া) সুখী বন্ধমুক্তঃ (সুখী ও বন্ধন হইতে মুক্ত) ভবিষ্যসি (হইবে)। ৪।

দেহ ছাড়ি চিদাকাশে কর যদি স্থিতি।
এখনই বুঝিবে বন্ধমুক্ত সুখ শান্তি ॥ ৪।

পরদিন প্রাতঃকালে মহর্ষি অষ্টাবক্র মাতুলের সহিত জনকরাজের যজ্ঞ-দর্শনে গমন করিলেন। তাঁহারা মিথিলায় উপস্থিত হইয়া যজ্ঞভূমি-দর্শনে দ্বারপালকর্ত্তৃক বাধাপ্রাপ্ত হওয়ায়, রাজসভায় মহারাজ জনকের সহিত সাক্ষাৎ করিলেন এবং বাদিশ্রেষ্ঠ বন্দীর সহিত বিচারের অভিপ্রায় প্রকাশ করিলেন। বিদেহরাজ অষ্টাবক্রের প্রাজ্ঞজনোচিত বাক্য শ্রবণ করিয়া ও তাঁহার প্রতিভাদীপ্ত সুন্দর মুখমণ্ডল দর্শন করিয়া দ্বারপালকে দ্বার ছাড়িয়া দিতে আদেশ করিলেন। মহর্ষি অষ্টাবক্র মাতুলের সহিত যজ্ঞভূমিতে উপনীত হইয়া বাদে বন্দীকে পরাজিত করিয়া জলনিমজ্জিত করিলেন।

বন্দী জলাধিপতি বরুণের পুত্র। তিনি জলে নিমজ্জিত হইয়া সানন্দে পিতার নিকটে গমন করিলেন। বরুণ একটী সুসমৃদ্ধ যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন; সেই যজ্ঞে স্বধর্ম্মনিষ্ঠ বেদজ্ঞ ব্রাহ্মণের প্রয়োজন হওয়ায়, বন্দী জনকরাজের যজ্ঞস্থলে উপস্থিত হন এবং তথায় পরাজিতের জলনিমজ্জন-পণরূপ কৌশল করিয়া বিচারে পরাজিত বেদজ্ঞ ব্রাহ্মণগণকে জলে নিমজ্জিত করেন। ঐ ব্রাহ্মণগণ বরুণকর্ত্তৃক সৎকৃত হইয়া তাঁহার যজ্ঞকার্য্যে ব্রতী হন্ এবং যজ্ঞসমাপনান্তে জলাধিপতি বরুণের নিকট হইতে বহু সম্মান ও প্রচুর ধনরত্ন প্রাপ্ত হইয়া জল হইতে উত্থিত হন্। মহর্ষি কহোড়ও জল হইতে উত্থিত হইয়া জনকের যজ্ঞস্থলে পুনরায় আগমন করেন। তিনি পুত্রের পরিচয় প্রাপ্ত হইয়া সানন্দে পুত্রকে ক্রোড়ে ধারণ করিলেন; অষ্টাবক্রও পিতাকে দর্শন করিয়া সাতিশয় আনন্দে পিতার চরণ বন্দনা করিলেন। মিথিলাধিপতি জনকের নিকট হইতে বহুতর সম্মান ও প্রচুর অর্থ প্রাপ্ত হইয়া অষ্টাবক্র, পিতা ও মাতুল সমভিব্যাহারে মাতৃসন্নিধানে উপস্থিত হইলেন। সুজাতা নষ্টপ্রায় পতি ও প্রবাসাগত পুত্রকে প্রাপ্ত হইয়া নিরতিশয় আনন্দলাভ করিলেন। অনন্তর মহর্ষি অষ্টাবক্র পিতার আদেশে মধুবিলা নদীতে স্নান করায় তাঁহার শরীরের

অষ্ট-বক্র অঙ্গ সম অর্থাৎ অবক্র হইয়াছিল। অষ্টাবক্রের অঙ্গ-সমীকরণের জন্য ঐ মধুবিলা নদী সমঙ্গা নামে প্রসিদ্ধিলাভ করিয়াছিল।

জগতে চৈতন্যময় আত্মার ন্যায় প্রিয়তম আর কেহই নাই। সকলেই প্রাকৃতিক উপাদানে নিজেকে জীবিত রাখিতে ইচ্ছা করে। আত্মা আনন্দময়; জীব তাঁহার স্বরূপের আস্বাদ গ্রহণ করিতে ও তাঁহাকে হৃদয়ের সুগভীর প্রশান্ত প্রদেশে স্পর্শ করিয়া অনুভব করিতে চায়। আত্মা যখন স্থূল শরীরের আকারে ভাবিত হন, তখন তাঁহার আনন্দময় স্বরূপটি বুঝিতে পারা যায় না। শরীরের জরা-বার্দ্ধক্য প্রভৃতি পরিণতির আবরণে আনন্দময় আত্মার স্বরূপ গুপ্ত থাকে। শরীরে আত্ম-ভাবনাই দুঃখের মূলকারণ। এই স্থূল শরীরের ভাবনা ভুলিয়া গিয়া যখন জীব স্বপ্নাবস্থা প্রাপ্ত হয়, তখন সে কতকগুলি চিরপুরাতন কাল্পনিক সংস্কার বা কতকগুলি জাগ্রৎ ভাবনা লইয়া তাহাদের ভাবে ভাবিত হয়; স্বপ্নেও ভাবনা বা বাসনাময় শরীরে জীব আবদ্ধ থাকিয়া বাসনার অনুরূপভাবে অনুপ্রাণিত হইয়া থাকে। বাসনা জীবাত্মাকে মনোমত করিয়া সাজাইয়া খেলা করিতেছে। জীব যখনই নিজেকে "আমি কে" এইরূপে অনুসন্ধান করিতে চেষ্টা করে, তখন সে কতকগুলি বাসনা লইয়াই অনুসন্ধানে প্রবৃত্ত হয় এবং তদ্‌বাসনাসংসৃষ্ট আত্মাও বাসনার অনুরূপ ছাঁচে পড়িয়া বাসনার গণ্ডীর ভিতরে থাকিয়া নিজে বাসনাময় স্বরূপেই প্রকাশ পান। জীবাত্মা যেন বাসনার দাস হইয়া রহিয়াছেন। তাঁহার আনন্দময় স্বরূপটি সর্ব্বপ্রকার বাসনাশূন্য হৃদয়ের গভীরতম প্রশান্ত প্রদেশে অবগত হওয়া যায়। হৃদয়ে বাসনার গন্ধমাত্র থাকিলেও আত্মার সচ্চিদানন্দময় স্বরূপ অবগত হওয়া যায় না। সর্ব্বপ্রকার বাসনা ও সঙ্কল্পাদির বাহিরে থাকিয়া আত্মাকে জানিতে পারিলেই জীব, জন্ম-মৃত্যুপ্রবাহটি রুদ্ধ করিতে পারে; ইহাই শ্রুতি-স্মৃতি-সিদ্ধান্ত। সুষুপ্তিতেও জীবের আবিদ্যিক ভোগ-বাসনাগুলি অব্যক্ত অবস্থায় থাকে। তজ্জন্য জীব সুষুপ্তির আনন্দময়

স্বরূপে অবস্থান করিতে পারে না। জীবের ভোগবাসনাই জীবকে সুষুপ্তি হইতে জাগাইয়া দেয়। জীবের বিবেক বা জ্ঞানশক্তি ভোগেচ্ছার অধীনে থাকিয়া স্বাধীনভাবে বিচার করিতে অভ্যস্ত নহে। জীব যখন নূতন কিছু দেখে অথবা শোনে, তখন সে চিরপুরাতন কতকগুলি সংস্কারের সহিত নূতন ভাবটি মিলাইয়া সাদৃশ্য করিয়াই বুঝিয়া থাকে কিম্বা বুঝিতে চেষ্টা করে এবং যখন "আমি কে" এইরূপে নিজেকেও অনুসন্ধান করিতে ইচ্ছা করে, তখন নিজেকে চির অভ্যস্ত আমিত্ব ভাবনার অনুরূপই বুঝিয়া থাকে। জাগরণে স্থূল শরীরের ভাবনায় আকৃষ্ট হইয়া নিজেকে স্থূল শরীররূপে, স্বপ্নে ভাবনাময় শরীর লইয়া দেবতা ও মহারাজাদিরূপে ভাবিত হয়। জাগরণে ও স্বপ্নে জীবের বিবেকশক্তির স্বাধীন ব্যবহার হয় না। মোহদ্বারা আবৃত থাকিয়া বিবেকশক্তি মোহবাসনার অনুরূপ ভাবে অনুপ্রাণিত হইয়া থাকে। স্থূলদেহ জীবের স্বভাব-অনুগামী—প্রতিনিয়ত স্বরূপ নহে। নতুবা সুষুপ্তি অবস্থাতে স্থূল দেহে আমিত্বের অপুস্ফুর্তির ছায়া পড়িতে পারিত না। আমি স্থূল দেহ নহি; তথাপি স্বপ্ন কিম্বা সুষুপ্তি হইতে যখনই উঠিয়া থাকি, তখনই যে আমি সুপ্ত অথবা প্রসুপ্ত ছিলাম, সেই আমিই এক্ষণে জাগরিত, এইরূপে জাগরিত আমির সহিত জড়াইয়া স্থূল দেহকেই স্বাপ্নিক অথবা সৌষুপ্ত আমি বলিয়া মনে করি। মনের এইরূপ ভাবনাগুলি এতাদৃশ বদ্ধমূল হইয়াছে যে, "তুমি দেহ নও" বলিতে গেলে ইহা কিছুতেই বিশ্বাস বা সহজেই ধারণা করিতে পারা যায় না। জীবের জ্ঞানশক্তি আবিদ্যিক বাসনায় আচ্ছন্ন—সচ্চিদানন্দময় আত্মার স্বরূপ পরিজ্ঞানে যেন একেবারে অক্ষম হইয়া পড়িয়াছে। মহর্ষি অষ্টাবক্র জীবের উক্ত জ্ঞানশক্তি বা বিবেক জাগরিত করিবার জন্য জনকের প্রতি জীবাত্মার "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" স্বরূপটির যে উপদেশ প্রদান করিয়াছিলেন তাহাই মহর্ষি অষ্টাবক্র-রচিত অষ্টাবক্র-সংহিতা নামে পরিচিত। জনক-রাজা ব্রহ্মজ্ঞ অষ্টাবক্রের মুখপদ্ম-বিনিঃসৃত

উপদেশে আত্মজ্ঞান লাভ করিয়া জীবন্মুক্ত হইয়াছিলেন। তিনি গৃহী হইয়াও মহাত্যাগী ছিলেন। মহর্ষি অষ্টাবক্র "বাসনা এব সংসারঃ" বাসনাকেই সংসার বলিয়াছেন। বাসনা-ত্যাগেই সংসার ত্যাগ করা হয়; গৃহত্যাগমাত্রেই সংসার ত্যাগ করা হয় না। বাসনার সমূলে উচ্ছেদ করাই অষ্টাবক্রীয় উপদেশের মূলভিত্তি। যিনি যে পরিমাণে চিত্ত হইতে বাসনা বিদূরিত করিয়াছেন, তিনি সেই পরিমাণে আত্মার আনন্দময় স্বরূপের স্ফূর্ত্তি অনুভব করিয়া থাকেন। দেহেন্দ্রিয়াদির অধ্যাসবশতঃই আত্মায় বাসনার অভিব্যক্তি হয়। বস্তুগত্যা আত্মায় কোন বাসনাই নাই—তিনি নির্লিপ্ত, স্বয়ম্প্রকাশ, বিশুদ্ধ জ্ঞানস্বরূপ। আবিদ্যিক সংসার-বাসনাবশতঃ অখণ্ড আত্মায় খণ্ডভাব বা দ্বৈতভ্রম উপস্থিত হয়। মহামুনি অষ্টাবক্র "জীবো ব্রহ্মৈব নাপরঃ" ইত্যাদি শ্রৌত মহাবাক্যগুলির অর্থ প্রদর্শন করিবার জন্য জনকের প্রতি বাসনাত্যাগের উপদেশ প্রদান করিয়াছিলেন। অষ্টাবক্র-সংহিতা উত্তম অধিকারিগণের অতীব উপাদেয় গ্রন্থ। মন্দাধিকারী অষ্টাবক্রীয় তত্ত্ব বুঝিতে না পারিয়া সংহিতাখানিকে নাস্তিক গ্রন্থ বলিয়া ঘোষণা ও উপেক্ষা করে। অসাধক হৃদয়ে অষ্টাবক্র-সংহিতার শ্লোকার্থগুলি যেন উন্মত্ত প্রলাপ বলিয়া বিবেচিত হয়। উক্ত সংহিতায় বেদান্তের তাবৎ তত্ত্ব নিহিত আছে। উহা বেদান্তের সারভূত গ্রন্থ, সাধকের হৃদয়। অষ্টাবক্র-সংহিতার প্রয়োজন মুক্তি। ইহা প্রধানতঃ মুমুক্ষুগণেরই অতিশয় আদরণীয় গ্রন্থ। জগতে প্রকৃত শান্তিলাভে ইচ্ছুক ব্যক্তিমাত্রেই উক্ত সংহিতার নির্ম্মল জ্ঞানালোকে নিজেকে অবিদ্যার গ্রন্থি হইতে মুক্ত করিতে পারেন। পূজ্যপাদ গুরুদেব শ্রীমৎ উত্তমানন্দ স্বামী সংক্ষিপ্ত পদ্যে এই সংহিতার বিশদার্থ প্রকাশ করিয়া গিয়াছেন। উহা সংহিতায় যথাস্থানে সন্নিবেশিত হইল। পাঠকবর্গ উক্ত সংহিতাখানি পাঠ করিয়া কিঞ্চিন্মাত্র উপকৃত হইলে আমাদের শ্রম সফল হইবে।

ন ত্বং বিপ্রাদিকো বর্ণো নাশ্রমী নাক্ষগোচরঃ।
অসঙ্গোঽসি নিরাকারো বিশ্বসাক্ষী সুখী ভব ॥ ৫।

ত্বং (তুমি) বিপ্রাদিকো (ব্রাহ্মণাদি) বর্ণঃ (জাতি) ন (নও), আশ্রমী ন (ব্রহ্মচর্য্যাদি আশ্রমান্তর্গতও নও), অক্ষগোচরঃ (মন ও বহিরিন্দ্রিয়ের বিষয়ও) ন (নও), নিরাকারঃ অসঙ্গোঽসি (তুমি নিরাকার ও নির্লিপ্ত), বিশ্বসাক্ষী (বিশ্বের উপদ্রষ্টা) [হইয়া] সুখী ভব (সুখী হও)। ৫।

নহ বর্ণ, নহাশ্রমী, নহ দৃষ্টি-গম্য।
বিশ্বসাক্ষী, নিরাকার, অসঙ্গ, সুরম্য ॥ ৫।

ধর্ম্মাধর্ম্মৌ সুখং দুঃখং মানসানি ন তে বিভো।
ন কর্ত্তাসি ন ভোক্তাসি মুক্ত এবাসি সর্ব্বদা ॥ ৬।

হে বিভো ! ধর্ম্মাধর্ম্মৌ (অদৃষ্ট), সুখং দুঃখং (সুখ দুঃখ) [ইহারা] মানসানি (মনের ধর্ম্ম), তে (তোমার) ন (নয়)। কর্ত্তা ন অসি (তুমি কর্ত্তা নও), ভোক্তা ন অসি (তুমি ফলভোক্তা নও), সর্ব্বদা মুক্ত এব অসি (সর্ব্বদা মুক্তই রহিয়াছ)। ৬।

ধর্ম্মাধর্ম্ম সুখ দুঃখ নহে তব, মনে।
নহ কর্ত্তা, নহ ভোক্তা, মুক্ত সর্ব্বক্ষণে ॥ ৬।

একো দ্রষ্টাসি সর্ব্বস্য মুক্ত প্রায়োঽসি সর্ব্বদা।
অয়মেব হি তে বন্ধো দ্রষ্টারং পশ্যসীতরম্ ॥ ৭।

[তুমি] সর্ব্বস্য (সকলের) একঃ (অদ্বিতীয়) দ্রষ্টা অসি (সাক্ষি-স্বরূপে রহিয়াছ)। [তুমি] সর্ব্বদা মুক্তপ্রায়ঃ অসি (সর্ব্বদা মুক্তই আছ) [তথাপি], দ্রষ্টারং (যদ্দ্রষ্টারং=দ্রষ্টা আত্মাকে) [যেহেতু] ইতরং

(অদ্বিতীয় দ্রষ্টা না দেখিয়া বিভিন্ন দ্রষ্টা বলিয়া) পশ্যসি (অনুভবসি = অনুভব করিতেছ), অয়মেব (ইহাই) হি (নিশ্চয়) তে (তোমার) বন্ধঃ (বন্ধন)। ৭।

সকলের দ্রষ্টা তুমি, মুক্ত সর্ব্বক্ষণ।
আপনারে দেখ ক্ষুদ্র, ওই তো বন্ধন॥ ৭।

অহং কর্ত্তেত্যহংমান মহাকৃষ্ণাহিদংশিতঃ।
নাহং কর্ত্তেতি বিশ্বাসামৃতং পীত্বা সুখী ভব॥ ৮।

[তুমি] "অহং কর্ত্তা" ("আমি কর্ত্তা") ইতি (এই) অহংমান (অভিমানরূপ) মহাকৃষ্ণাহিদংশিতঃ (প্রচণ্ড বিষধর সর্পদ্বারা দষ্ট হইয়াছ)। [এক্ষণে], অহং "কর্ত্তা ন" (আমি "কর্ত্তা নই") ইতি (এই) বিশ্বাসামৃতং (বিশ্বাসরূপ অমৃত) পীত্বা (পান করিয়া) সুখী ভব (সুখী হও)। ৮।

"আমি কর্ত্তা" ভ্রান্তি কাল-ভুজঙ্গ-দংশিত।
"নহি কর্ত্তা" জ্ঞান-সুধা পানে হও সুস্থ॥ ৮।

একো বিশুদ্ধবোধোঽহমিতি নিশ্চয়বহ্নিনা।
প্রজ্বাল্যাজ্ঞানগহনং বীতশোকঃ সুখী ভব॥ ৯।

অহং (আমি) একঃ (অখণ্ড), বিশুদ্ধ বোধঃ (নির্ব্বিকল্প জ্ঞানস্বরূপ) ইতি (এই প্রকার) নিশ্চয়বহ্নিনা (আত্মসাক্ষাৎকারাত্মক জ্ঞানাগ্নি দ্বারা) অজ্ঞানগহনং (অজ্ঞানরূপ বন) প্রজ্বাল্য দগ্ধ করিয়া) বীতশোকঃ (বিগতসন্তাপ) [হইয়া] সুখী ভব (সুখী হও)। ৯।

শুদ্ধবোধরূপ ইতি জ্ঞান-অগ্নি জ্বালি।
সুখী হও, করি দগ্ধ ভ্রান্তিবনস্থলী॥ ৯।

যত্র বিশ্বমিদং ভাতি কল্পিতং রজ্জুসর্পবৎ।
আনন্দঃ পরমানন্দঃ স বোধস্ত্বং সুখী ভব॥ ১০।

যত্র (যে চিদানন্দস্বরূপে) রজ্জুসর্পবৎ কল্পিতং ইদং বিশ্বং (রজ্জুতে সর্পের ন্যায় কল্পিত হইয়া এই জগৎ) [মিথ্যারূপে] ভাতি (প্রকাশতে=প্রতিভাত হয়) ত্বং (তুমি) সঃ (সেই) পরমানন্দঃ (আনন্দময়) [ও] বোধঃ (শুদ্ধ-জ্ঞানস্বরূপ) আনন্দঃ (ব্রহ্ম) [হইয়া] সুখী ভব (সুখী হও)। ১০।

পরম আনন্দ বোধ, ব্রহ্মাণ্ড যথায়।
কল্পনা চিত্রিত ভাসে রজ্জুসর্প প্রায়॥ ১০।

মুক্তাভিমানী মুক্তো হি বদ্ধো বদ্ধাভিমান্যপি।
কিম্বদন্তীতি সত্যেয়ং যা মতিঃ সা গতির্ভবেৎ॥ ১১।

হি (নিশ্চয়) মুক্তাভিমানী মুক্তঃ (মুক্তাভিমানী মুক্ত), বদ্ধাভিমান্যপি (বদ্ধাভিমানীই) বদ্ধঃ (বদ্ধ হইয়া থাকে), [অতএব] মতিঃ (বুদ্ধি) যা (যদ্বিষয়া=যে উদ্দেশ্যবিশিষ্টা) গতিঃ (প্রাপ্তিও) সা (তদ্বিষয়া-তদ্বিষয়ক) ভবেৎ (হইয়া থাকে); ইতি (এই যে) কিম্বদন্তী (জনশ্রুতি) ইয়ং (ইহা) সত্যা (সত্য)। ১১।

মুক্ত-জ্ঞানীমুক্ত, বদ্ধ, বদ্ধ অভিমানী।
"যথা মতি তথা গতি" জনশ্রুতি মানি॥ ১১।

আত্মা সাক্ষী বিভুঃ পূর্ণ একো মুক্তশ্চিদক্রিয়ঃ।
অসঙ্গো নিস্পৃহঃ শান্তো ভ্রমাৎ সংসারবানিব॥ ১২।

আত্মা সাক্ষী (আত্মা সর্ব্বদ্রষ্টা) [সুতরাং] বিভুঃ (সর্ব্বব্যাপী) [অতএব] একঃ (ভেদরহিত), পূর্ণঃ (অখণ্ড), মুক্তঃ (নিত্যমুক্ত), চিৎ (চৈতন্যস্বরূপ); অক্রিয়ঃ (অবিকারী), অসঙ্গঃ (গুণাতীত), নিস্পৃহঃ

(উদাসীন), শান্তঃ (সমভাবাপন্ন) ; ভ্রমাৎ (ভ্রমবশতঃ) ইব (যেন) সংসারবান্ (সংসারী) [হইয়া থাকেন]। ১২।

আত্মা সাক্ষী, বিভু, পূর্ণ, মুক্ত, অবিকারী।
অসঙ্গ, নিস্পৃহ, শান্ত, ভ্রমেতে সংসারী॥ ১২।

কূটস্থং বোধমদ্বৈতমাত্মানং পরিভাবয়।
আভাসোঽহয়ং ভ্রমং মুক্ত্বা বাহ্যভাবমথান্তরম্॥ ১৩।

বাহ্যভাবম্ (স্থূলভাব) অথ (অনন্তর) আন্তরং (সূক্ষ্মভাব) মুক্ত্বা (ত্যাগ করিয়া) অয়ং (অনুভূয়মান্ এই) আভাস (চিচ্ছায়া বা জীবকে) কূটস্থং (অবিকারী) অদ্বৈতং (অখণ্ড) বোধং (চৈতন্যস্বরূপ) আত্মানং (আত্মারূপে) পরিভাবয় (অবগত হও)। ১৩।

অদ্বৈত কূটস্থ বোধ, জান আপনারে।
বাহ্যান্তর ভ্রান্তিমুক্ত, আভাস আকারে॥ ১৩।

দেহাভিমানপাশেন চিরং বদ্ধোঽসি পুত্রক!
বোধোঽহং জ্ঞানখড়্গেন তন্নিকৃত্য সুখী ভব॥ ১৪।

হে পুত্রক! (স্নেহাস্পদ!) [তুমি] দেহাভিমানপাশেন ('আমি দেহ' এই অভিমানরূপ জাল দ্বারা) চিরং (অনাদিকাল ব্যাপিয়া) বদ্ধঃ অসি (বদ্ধ রহিয়াছ) ; অহং (আমি) বোধঃ (চৈতন্যস্বরূপ) [এই] জ্ঞান-খড়্গেন (জ্ঞান-খড়্গের দ্বারা) তৎ (উক্ত দেহাভিমানরূপ পাশ) নিকৃত্য (কর্ত্তন করিয়া) সুখী ভব (সুখী হও)। ১৪।

"দেহ আমি" ভ্রান্তিজালে বদ্ধ চিরকাল।
"বোধ আমি" জ্ঞান-খড়্গে কাট সে জঞ্জাল॥ ১৪।

নিঃসঙ্গো নিষ্ক্রিয়োঽসি ত্বং স্বপ্রকাশো নিরঞ্জনঃ।
অয়মেব হি তে বন্ধঃ সমাধিমনুতিষ্ঠসি॥ ১৫।

ত্বং (তুমি) নিঃসঙ্গঃ (নির্লিপ্ত), নিষ্ক্রিয়ঃ (পরিণামবিহীন), স্বপ্রকাশঃ (স্বাধীন প্রকাশ), নিরঞ্জনঃ (নিরাকার) [স্বরূপে] অসি (রহিয়াছ)। সমাধিম্ (সমাধি) অনুতিষ্ঠসি (অনুষ্ঠান করিতেছ), হি (নিশ্চয়) অয়ম্ এব (ইহাই) তে (তোমার) বন্ধঃ (বন্ধন)। ১৫।

অসঙ্গ, নিষ্ক্রিয়, স্বপ্রকাশ, নিরঞ্জন।
যোগাবলম্বন কর ওই ত বন্ধন॥ ১৫।

ত্বয়া ব্যাপ্তমিদং বিশ্বং ত্বয়ি প্রোতং যথার্থতঃ।
শুদ্ধবুদ্ধস্বরূপস্ত্বং মাগমঃ ক্ষুদ্রচিত্ততাম্॥ ১৬।

ত্বয়া (তোমার দ্বারা) ইদং (এই) বিশ্বং (জগৎ) ব্যাপ্তং (পরিব্যাপ্ত রহিয়াছে), ত্বয়ি (তোমাতেই) যথার্থতঃ (যথার্থরূপে) [এই বিশ্ব] প্রোতং (গাঁথা রহিয়াছে)। ত্বং (তুমি) শুদ্ধ-বুদ্ধ-স্বরূপঃ (বিশুদ্ধ জ্ঞান-স্বরূপ), ক্ষুদ্রচিত্ততাম্ (মূঢ় ভাব) মাগমঃ (প্রাপ্ত হইও না)। ১৬।

তুমি বিশ্বময়, বিশ্ব ভাসিছে তোমাতে।
শুদ্ধ বোধরূপ তুমি, থেকো না লঘুত্বে॥ ১৬।

নিরপেক্ষো নির্ব্বিকারো নির্ভয়ঃ শীতলাশয়ঃ।
অগাধবুদ্ধিরক্ষুব্ধো ভব চিন্মাত্রবাসনঃ॥ ১৭।

[তুমি] নিরপেক্ষঃ (নিস্পৃহ), নির্ব্বিকারঃ (ক্রোধাদিবিকারশূন্য), নির্ভয়ঃ (ভয়শূন্য আত্ম-জ্ঞানী), শীতলাশয়ঃ (প্রশান্তচিত্ত), অগাধবুদ্ধিঃ

(প্রগাঢ়-নির্ম্মল-বুদ্ধিসম্পন্ন) [ও] অক্ষুব্ধঃ (অচঞ্চল) [হইয়া] চিন্মাত্রবাসনঃ (নিজে চৈতন্যস্বরূপে ভাবিত) ভব (হও)। ১৭।

নিরপেক্ষ, নির্ব্বিকার, বাসনা-রহিত।
ক্ষোভশূন্য, থাক চিদাকাশে বিরাজিত॥ ১৭।

সাকারমনৃতং বিদ্ধি নিরাকারন্তু নিশ্চলং।
এতত্তত্ত্বোপদেশেন ন পুনর্ভবসম্ভবঃ ১৮।

সাকারং (সাকার বস্তু) অনৃতং (মিথ্যা—অনিত্য) [বলিয়া] বিদ্ধি (জান), তু (কিন্তু) নিরাকারং (নিরাকার বস্তুকে) নিশ্চলং (নিত্য) [বলিয়া] [বিদ্ধি = জান]; এতৎ (এই) তত্ত্বোপদেশেন (তত্ত্বজ্ঞানের উপদেশ দ্বারা) পুনর্ভবঃ (পুনর্জন্ম) সম্ভবঃ ন (সম্ভবপর হয় না)। ১৮।

সাকার অনিত্য জান, নিত্য নিরাকার।
এই তত্ত্বজ্ঞানে জন্ম না হয় আবার॥ ১৮।

যথৈবাদর্শ-মধ্যস্থে রূপেঽন্তঃ পরিতস্তু সঃ।
তথৈবাস্মিন্ শরীরেঽন্তঃ পরিতঃ পরমেশ্বরঃ॥ ১৯।

সঃ (দ্রষ্টা) যথা (যেমন) [দর্পণের] অন্তঃ (ভিতর) তু (ও) পরিতঃ (সর্ব্বত্র) [ব্যাপিয়া] আদর্শমধ্যস্থে (দর্পণে প্রতিবিম্বিত) রূপে (যে স্বরূপ তদ্রূপে অর্থাৎ প্রতিবিম্বিত স্বরূপে) [তিষ্ঠতি = অবস্থান করে], তথা এব (ঠিক সেইরূপ) পরমেশ্বরঃ (পরমাত্মা) [শরীরের] অন্তঃ (ভিতর) [ও] পরিতঃ (সর্ব্বত্র) [ব্যাপিয়া] অস্মিন্ (এই) শরীরে [তিষ্ঠতি = অবস্থান করিতেছেন]। ১৯।

দ্রষ্টা যথা দর্পণের অন্তরে বাহিরে।
শরীরের বহিরন্তঃ পূর্ণ সে ঈশ্বরে॥ ১৯।

একং সর্ব্বগতং ব্যোম বহিরন্তর্যথা ঘটে।
নিত্যং নিরন্তরং ব্রহ্ম সর্ব্বভূতগণে তথা ॥ ২০ ।

ইত্যাত্মানুভবোপদেশো নাম প্রথমপ্রকরণম্।

যথা (যেমন) একং (অংশশূন্য), সর্ব্বগতং (সর্ব্বব্যাপী) ব্যোম (আকাশ) [ঘটের] অন্তঃ (ভিতর) বহিঃ (বাহির) [ব্যাপিয়া] ঘটে [তিষ্ঠতি] (ঘটে রহিয়াছে), তথা (সেইরূপ) নিত্যং (অবিনাশী), ব্রহ্ম (সর্ব্বব্যাপী ব্রহ্ম) সর্ব্বভূতগণে (সর্ব্বভূতে) [নিরন্তরং তিষ্ঠতি] (সর্ব্বদা অবস্থিত)। ২০।

ঘটের বাহিরে অন্তে ব্যোম পূর্ণ যথা।
জীবের বাহিরে অন্তে ব্রহ্মপূর্ণ তথা ॥ ২০

ইতি আত্মানুভবোপদেশ নামক প্রথম প্রকরণ।

দ্বিতীয়প্রকরণম্।

অহো নিরঞ্জনঃ শান্তো বোধোঽহং প্রকৃতেঃ পরঃ।
এতাবন্তমহং কালং মোহেনৈব বিড়ম্বিতঃ॥ ১।

অহো! (কি আশ্চর্য্য!) প্রকৃতেঃ (ত্রিগুণাত্মিকা প্রকৃতি হইতে) পরঃ (বিভিন্ন—স্বয়ংপ্রকাশ), নিরঞ্জনঃ (উদয়াস্তশূন্য), শান্তঃ (অপরিণামী বা স্থির), বোধঃ (বোধস্বরূপ) অহং (আমি) এতাবন্তং (এতাবৎ) কালং (কাল ব্যাপিয়া) মোহেনৈব (মোহের দ্বারাও) বিড়ম্বিতঃ (বঞ্চিত ছিলাম)। ১।

অহো! শান্ত বোধরূপ, প্রকৃতি-অতীত।
এত দিন ছিনু মোহজালে আচ্ছাদিত॥ ১।

যথা প্রকাশয়াম্যেকো দেহমেনং তথা জগৎ।
অতো মম জগৎ সর্ব্বমথবা চ ন কিঞ্চন॥ ২।

যথা (যেমন) একঃ (সর্ব্বক্ষেত্রেষ্বেক = সর্ব্বভূতের এক ক্ষেত্রজ্ঞ হইয়া) অহং (আমি) এনং (অনুভূয়মান এই) দেহং (দেহ) প্রকাশয়ামি (প্রকাশ করি অর্থাৎ আমাকে আশ্রয় করিয়াই জড় দেহ অনুভবগম্য হয়, নতুবা নহে), তথা জগৎ (জগৎও তদ্রূপ); অতঃ (অতএব) সর্ব্বং (চরাচর জগৎ) মম (আমার), অথবা (কিম্বা) [নির্লিপ্ত বলিয়া আমার] ন চ কিঞ্চন (কিছুই নাই)। ২।

আমাতে প্রকাশ দেহ, বিশ্ব দেখি তাই।
জগতই আমার, কিম্বা কিছু মম নাই॥ ২।

সশরীরমহো বিশ্বং পরিত্যজ্য ময়াধুনা।
কুতশ্চিৎ কৌশলাদেব পরমাত্মা বিলোক্যতে॥ ৩।

অহো! ময়া (আমি) অধুনা সশরীরং (এক্ষণে ত্রিবিধ শরীরের সহিত) বিশ্বং (জগৎ) পরিত্যজ্য (পরিত্যাগ করিয়া) কুতশ্চিৎ (কি অপূর্ব্ব) কৌশলাৎ এব (কৌশলেই) পরমাত্মা বিলোক্যতে (পরমাত্মাকেই দেখিতেছি)! ৩।

শরীর সহিত বিশ্ব ত্যজিয়া এখন।
মরি কি কৌশল! আত্মা করি বিলোকন॥ ৩।

যথা ন তোয়তো ভিন্নাস্তরঙ্গাঃ ফেনবুদ্বুদাঃ।
আত্মনো ন তথা ভিন্নং বিশ্বমাত্মবিনির্গতম্॥ ৪।

যথা (যেমন) তরঙ্গাঃ (ঢেউগুলি), ফেনবুদ্বুদাঃ (ফেন ও জলবিম্ব-সমূহ) তোয়তঃ (জল হইতে) ভিন্নাঃ (ভিন্ন) ন (নহে), তথা (সেইরূপ) আত্মবিনির্গতম্ (পরমাত্মা হইতে উৎপন্ন) বিশ্বং (জগৎ) আত্মনো (পরমাত্মা হইতে) ভিন্নং (বিভিন্ন) ন (নহে)। ৪।

তরঙ্গবুদ্বুদ-নহে জল হইতে ভিন্ন।
আত্মবিনির্গত বিশ্ব নহে আত্মভিন্ন॥ ৪।

তন্তুমাত্রো ভবেদেব পটো যদ্বদ্বিচারিতঃ।
আত্মতন্মাত্রমেবেদং তদ্বদ্বিশ্বং বিচারিতম্॥ ৫।

যদ্বৎ (যেমন) বিচারিতঃ (কারণই কার্য্য এই বিচার দ্বারা নিরূপিত হইয়া) পটঃ (বস্ত্র) তন্তুমাত্রঃ এব (সূত্রই) ভবেৎ (হইয়া থাকে),

তদ্বৎ (তদ্রূপ) বিচারিতম্ (উক্ত প্রকার বিচার দ্বারা নিরূপিত) ইদং (এই) বিশ্বং (বিশতীতি বিশ্বং = বিলয়শীল বস্তু) আত্মতন্মাত্রং (আত্মার স্বরূপ) এব (ছাড়া কিছু নহে)। ৫।

সূত্র মাত্র পটাকারে বিচারে নিরখি।
আত্মমাত্র বিশ্বাকারে জ্ঞান দৃষ্টে দেখি॥ ৫।

যথৈবেক্ষুরসে কৢপ্তা তেন ব্যাপ্তৈব শর্করা।
তথা বিশ্বং ময়ি কৢপ্তং ময়া ব্যাপ্তং নিরন্তরম্॥ ৬।

যথা (যেমন) শর্করা (চিনি) তেন (ইক্ষুরসেন = ইক্ষুরস দ্বারা) ব্যাপ্তা এব (সর্ব্বতোভাবে পরিব্যাপ্ত বলিয়া) ইক্ষুরসে (ইক্ষুরসে [তাহার অর্থাৎ শর্করার] কৢপ্তা (কল্পনা করা হয়), [ইক্ষুরস ছাড়া শর্করা অন্য কিছুই নহে, তথাপি ইক্ষুরসে শর্করার যেমন কল্পনা করা হয়] তথা (সেইরূপ) ময়া (আমার দ্বারা) নিরন্তরং (অবিচ্ছিন্ন ভাবে) ব্যাপ্তং (পরিব্যাপ্ত) [বলিয়া] বিশ্বং (বিশ্ব) ময়ি (আমাতে) কৢপ্তং (কল্পিত হয়) [অর্থাৎ আমি ছাড়া বিশ্ব কিছুই নহে]। ৬।

শর্করায় ইক্ষুরস, রসে যথা চিনি।
আত্মায় প্রকাশ বিশ্ব, বিশ্বে আত্মা জানি॥ ৬।

আত্মাজ্ঞানাজ্জগদ্ভাতি আত্মজ্ঞানান্ন ভাসতে।
রজ্জ্বজ্ঞানাদহির্ভাতি তজ্জ্ঞানাদ্ভাসতে নহি॥ ৭।

[যথা] রজ্জ্বজ্ঞানাৎ (রজ্জুর স্বরূপ প্রত্যক্ষ না হওয়ায়) অহিঃ (রজ্জ্বাং সর্পঃ = রজ্জুতে সর্প) [মিথ্যারূপে] ভাতি (প্রতীত হয়), তজ্জ্ঞানাৎ (রজ্জুজ্ঞানাৎ = রজ্জুর স্বরূপ প্রত্যক্ষ হইলে) হি (নিশ্চয়) [রজ্জু সর্পরূপে] ন ভাসতে (অনুভূত হইতে পারে না); [তথা]

আত্মাজ্ঞানাৎ (আত্মাকে স্বরূপতঃ না জানার কারণে) [আত্মায় মায়া-কল্পিত] জগৎ (বিশ্ব) ভাতি (সত্যত্বেন প্রকাশতে = সত্য বলিয়া প্রতীত হয়), তজ্জ্ঞানাৎ (আত্মজ্ঞানাৎ = আত্মার স্বরূপ সাক্ষাৎকৃত হইলে) ন ভাসতে (আত্মনোঽতিরিক্তত্বেন জগৎ ন প্রতীয়তে = আত্মা হইতে অতিরিক্ত সত্তাশালী বলিয়া জগৎ প্রতীয়মান হয় না)। ৭।

আত্মভ্রান্তি জাত বিশ্ব, মিথ্যা আত্মজ্ঞানে।
রজ্জুতে ভুজঙ্গ ভ্রান্তি, মিথ্যা রজ্জুজ্ঞানে॥ ৭।

প্রকাশো মে নিজং রূপং নাতিরিক্তোঽস্ম্যহং ততঃ।
যদা প্রকাশতে বিশ্বং তদাহং ভাস এব হি॥ ৮।

প্রকাশঃ (প্রকাশ অর্থাৎ স্বয়ম্প্রকাশ) মে (আমার) নিজং (নিজের) রূপম্ (স্বরূপ), অহং (আমি) ততঃ (তাহা হইতে) অতিরিক্তঃ (ভিন্ন) ন অস্মি (নহি), যদা (যখন) বিশ্বং (জগৎ) প্রকাশতে (প্রকাশ্যত্বেন ভাসতে = প্রকাশ্যরূপে প্রকাশ পায়) তদা (তখন) হি (নিশ্চয়) অহমেব (আমিই) ভাসে (বিশ্বস্য প্রকাশকত্বেন প্রকাশে—বিশ্বের প্রকাশকরূপে প্রকাশ পাই)। ৮।

স্বপ্রকাশ রূপ মম, নহি আমি অন্য।
বিশ্ব প্রকাশিত যদি, আমি তার জন্য॥ ৮।

অহো ! বিকল্পিতং বিশ্বমজ্ঞানান্ময়ি ভাসতে।
রূপ্যং শুক্তৌ ফণী রজ্জৌ বারি সূর্য্যকরে যথা॥ ৯।

অহো ! যথা (যেমন) সূর্য্যকরে (মরীচিকায়) বারি (জল), রজ্জৌ (রজ্জুতে) ফণী (সর্প), শুক্তৌ (শুক্তিতে) রূপ্যং (রৌপ্য) [ভাসতে = ভ্রান্তিজ্ঞানের বিষয়রূপে প্রকাশ পায়], [তথা] বিকল্পিতং (মিথ্যা)

বিশ্বং (বিশ্ব) অজ্ঞানাৎ (ভ্রান্তিবশতঃ) ময়ি (আমাতে) ভাসতে (প্রকাশ পাইতেছে)। ৯।

মম ভ্রান্তিজাত বিশ্ব ভাসিছে আমাতে।
বারি সূর্য্যকরে যথা, ভুজঙ্গ রজ্জুতে॥ ৯।

মত্তো বিনির্গতং বিশ্বং ময্যেব লয়মেষ্যতি।
মৃদি কুম্ভো জলে বীচিঃ, কনকে কটকং যথা॥ ১০।

যথা (যে প্রকার) মৃদি (মৃত্তিকাতে) কুম্ভঃ (ঘট), জলে বীচিঃ (জলে তরঙ্গ). কনকে (সুবর্ণে) কটকং (বলয়) [লয় প্রাপ্ত হয়], [সেইরূপ] মত্তঃ (আমা হইতে) বিনির্গতং (উৎপন্ন) বিশ্বং (বিশ্ব) ময়ি এব (আমাতেই) লয়ং (বিলয়) এষ্যতি (প্রাপ্ত হইবে)। ১০।

আত্মবিনির্গত বিশ্ব আমাতেই লয়।
মৃদি কুম্ভ, জলে বীচি, সুবর্ণে বলয়॥ ১০।

অহো! অহং নমো মহ্যং বিনাশো নাস্তি যস্য মে।
ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তজগন্নাশেঽপি তিষ্ঠতঃ॥ ১১।

অহো! ব্রহ্মাদি (ব্রহ্ম হইতে আরম্ভ করিয়া) স্তম্বপর্য্যন্ত (সূক্ষ্ম কীট বিশেষ পর্য্যন্ত) জগৎ (জগতের) নাশেঽপি (নাশ হইলেও) [স্থায়ীভাবে] তিষ্ঠতঃ (অবস্থিত) যস্য মে (যে আমার) বিনাশঃ (বিনাশ) নাস্তি (নাই), [সেই] অহং (আমি) মহ্যং (আমাকে) নমঃ [করোমি] (প্রণাম করি)। ১১।

আপনারে নমি আমি নাহি যার নাশ।
ব্রহ্মাদিস্তম্বব্রহ্মাণ্ডনাশেও প্রকাশ॥ ১১।

অহো! অহং নমো মহ্যং একোঽহং দেহবানপি।
ক্বচিন্ন গন্তা নাগন্তা ব্যাপ্য বিশ্বমবস্থিতঃ॥ ১২।

অহো! অহং (আমি) দেহবানপি (শরীরী হইয়াও) একঃ (পূর্ণঃ-সর্ব্বব্যাপী) [সুতরাং] ক্বচিৎ (কোথাও) ন গন্তা (গমন করি না), ন আগন্তা (আগমনও করি না), বিশ্বং (বিশ্ব) ব্যাপ্য (ব্যাপিয়া) অবস্থিতঃ (অবস্থান করিতেছি); অহং মহ্যং নমঃ [করোমি] (আমি সেই আমাকে প্রণাম করি)। ১২।

নমি মোরে এক পূর্ণ হ'লেও শরীরী।
আসি নাই নাহি যা'ব, আছি বিশ্ব ভরি॥ ১২।

অহো! অহং নমো মহ্যং দক্ষো নাস্তীহ মৎসমঃ।
অসংস্পৃশ্য শরীরেণ যেন বিশ্বং চিরং ধৃতম্॥ ১৩।

অহো! ইহ (ইহলোকে) মৎসমঃ (আমার ন্যায়) দক্ষঃ (নিপুণ) [আর কেহই] নাস্তি (নাই), যেন (যেহেতু আমি) অসংস্পৃশ্য শরীরেণ (স্বস্বরূপ দ্বারা স্পর্শ না করিয়াও অর্থাৎ নির্লিপ্ত থাকিয়াও) ইদং (এই) বিশ্বং (বিশ্ব) চিরং (অনাদিকাল ব্যাপিয়া) ধৃতং (ধারণ করিয়া আছি); অহং (আমি) মহ্যং (সেই আমাকে) নমঃ [করোমি] (প্রণাম করি)। ১৩।

নমি মোরে, যা'র সম নাহি দক্ষ আর।
বিনা স্পর্শে ধরি চির দিন বিশ্ব ভার॥ ১৩।

অহো! অহং নমো মহ্যং যস্য মে নাস্তি কিঞ্চন।
অথবা যস্য মে সর্ব্বং যদ্বাঙ্মনসো গোচরম্॥ ১৪।

অহো! [নির্লিপ্ত বলিয়া] যস্য মে (যে আমার) কিঞ্চন (কিছুই) নাস্তি (নাই), অথবা [আমি সর্ব্বকারণ বলিয়া] যস্য মে (যে আমার)

যৎ (যাহা কিছু) বাঙ্মনসঃ (বাক্য মনের) গোচরম্ (বিষয়) সর্ব্বং (তৎসর্ব্বং-সে সকলই) [আছে]; [সেই] অহং (আমি মহ্যং (আমাকে) নমঃ [করোমি] (প্রণাম করি)। ১৪।

আপনারে নমি আমি কিছু নাই যার।
অথবা সকলি যার বাঙ্মনোগোচর ॥ ১৪।

জ্ঞানং জ্ঞেয়ং তথা জ্ঞাতা ত্রিতয়ং নাস্তি বাস্তবম্।
অজ্ঞানাদ্ভাতি যত্রেদং সোঽহমস্মি নিরঞ্জনঃ ॥ ১৫।

জ্ঞানং (বুদ্ধি), জ্ঞেয়ং (জানিবার বিষয়) তথা (ও) জ্ঞাতা (অনুভব-কর্ত্তা) এতৎ (এই) ত্রিতয়ং (ত্রিপুটী—তিনটী) বাস্তবং (বস্তুতঃ) নাস্তি (নাই); যত্র (যে আত্মাতে) ইদং (অনুভূয়মান উক্ত ত্রিপুটী) অজ্ঞানাৎ (ভ্রান্তিবশতঃ) ভাতি (প্রকাশ পায়), অহং (আমি) সঃ (বেদাদি-প্রসিদ্ধ সেই) নিরঞ্জনঃ (স্বয়ম্প্রকাশ কূটস্থচৈতন্যস্বরূপ) অস্মি (হই)। ১৫।

জ্ঞান জ্ঞেয় জ্ঞাতা তিন বাস্তবিক নাই।
ভ্রান্তিহেতু প্রকাশিত যাহে, আমি তাই ॥ ১৫।

দ্বৈতমূলমহো দুঃখং নান্যত্তস্যাস্তি ভেষজম্।
দৃশ্যমেতন্মৃষা সর্ব্বমেকোঽহং চিদ্রসোঽমলঃ ॥ ১৬।

অহো! দুঃখং (দুঃখ) দ্বৈতমূলং (দ্বৈতজ্ঞান হইতেই) [জন্মিয়া থাকে], এতৎ (এই) দৃশ্যং (দৃশ্যসমূহ) মৃষা (অনিত্য), অহং (আমি) একঃ (পূর্ণ) চিদ্রসঃ (চিন্ময়), অমলঃ (নিত্য) [এইরূপ জ্ঞান ব্যতিরেকে] তস্য (দ্বৈতজ্ঞানস্য = দ্বৈতজ্ঞানের) [নিবৃত্তি করিবার আর] অন্যৎ (অন্য) ভেষজং (ঔষধ—উপায়) নাস্তি (নাই)। ১৬।

দুঃখ হেতু দ্বৈত, নাহি অন্যৌষধ তার।
চিৎস্বরূপ এক আমি, মিথ্যা দৃশ্যাকার॥ ১৬।

বোধরূপোঽহমজ্ঞানাদুপাধিঃ কল্পিতো ময়া।
এবং বিমৃশতো নিত্যং নির্ব্বিকল্পে স্থিতির্মম॥ ১৭।

অহং (আমি) বোধরূপঃ (শুদ্ধজ্ঞানস্বরূপ), অজ্ঞানাৎ (অজ্ঞানবশতঃ) ময়া (আমি) উপাধিঃ (মায়া, অবিদ্যা ইত্যাদি উপাধি) [আমাতে] কল্পিতঃ (রজ্জুতে সর্পের ন্যায় কল্পনা করিয়াছি); এবং (এইরূপে) নিত্যং (সর্ব্বদা) বিমৃশতো (বিচারসম্পন্ন হওয়ায়) [এক্ষণে] মম (আমার) নির্ব্বিকল্পে (নিত্যস্বরূপে) স্থিতিঃ (অবস্থিতি) [ঘটিয়াছে]। ১৭।

আমি বোধরূপোপাধি ভ্রান্তি-বিকল্পিত।
এই জ্ঞানে থাকি নিত্য নির্ব্বিকল্পে স্থিত॥ ১৭।

ন মে বন্ধোঽস্তি মোক্ষো বা ভ্রান্তিঃ শান্তা নিরাশ্রয়া।
অহো! ময়ি স্থিতং বিশ্বং বস্তুতো ন ময়ি স্থিতম্॥ ১৮।

মে (আমার) বন্ধঃ (বন্ধন) বা (অথবা) মোক্ষঃ (মুক্তি) ন (নাই)। ভ্রান্তিঃ (অবিদ্যা) নিরাশ্রয়া [সতী] (আলম্বনশূন্যা সতী—অবলম্বনশূন্য হইয়া) শান্তা (উপরতা—উপশমিত হইয়াছে)। অহো! ময়ি (আমাতে) স্থিতং (অবস্থিত) বিশ্বং (এই বিশ্ব) [আমি নির্লিপ্ত বলিয়া] বস্তুতঃ (যথার্থতঃ) ময়ি (আমাতে) ন স্থিতম্ (অবস্থিত নহে)। ১৮।

দেখি আত্মস্থিত বিশ্ব, কিন্তু তাহা নয়।
বন্ধমুক্তিশূন্য, ভ্রান্তিমুক্ত নিরাশ্রয়॥ ১৮।

২

সশরীরমিদং বিশ্বং ন কিঞ্চিদিতি নিশ্চিতম্।
শুদ্ধশ্চিন্মাত্র আত্মা চ তৎ কথং কল্পনাধুনা ॥ ১৯।

সশরীরং (শরীরাদি করিয়া) ইদং (এই) বিশ্বং (বিশ্ব) ন কিঞ্চিৎ (আকাশকুসুমকল্পং তুচ্ছং—আকাশকুসুমের ন্যায় অলীক অর্থাৎ কিছুই নয়) ইতি (ইহা) নিশ্চিতং (নিশ্চয় করা হইয়াছে) চ (আর) আত্মা (আমি) শুদ্ধঃ (ত্রিগুণাতীত) চিন্মাত্রঃ (বোধস্বরূপ), তৎ (তস্মাৎ—অতএব) অধুনা (নিত্যমুক্ত শুদ্ধবোধস্বরূপ অবস্থায়) কথং (কিরূপে) [আত্মাতে বা আমাতে বিশ্বের] কল্পনা [কল্পনা করা যাইতে পারে]? ১৯।

শরীরসহিত বিশ্ব, সত্য কিছু নয়।
শুদ্ধবোধরূপ আত্মা, কল্পনা কি তায়? ১৯।

শরীরং স্বর্গনরকৌ বন্ধমোক্ষৌ ভয়ং তথা।
কল্পনামাত্রমেবৈতৎ কিং মে কার্য্যং চিদাত্মনঃ ॥ ২০।

শরীরং (শরীর), স্বর্গনরকৌ (স্বর্গনরক), বন্ধ (বন্ধন), মোক্ষৌ (মুক্তি) তথা (এবং) ভয়ং (ভয়) এতৎ (ইহারা) কল্পনামাত্রং (মনের কার্য্য), চিদাত্মনঃ (বোধস্বরূপ) মে (আমার) [আবার] কিং (কি) কার্য্যং (কার্য্য) [থাকিতে পারে]? ২০

শরীর, নরক, স্বর্গ, বন্ধ, মুক্তি তথা।
সকলি কল্পনা, কার্য্য চিদাত্মার কোথা? ২০।

অহো! জনসমূহেঽপি ন দ্বৈতং পশ্যতো মম।
অরণ্যমিব সংবৃত্তং ক্ব রতিং করবাণ্যহম্ ॥ ২১।

অহো! জনসমূহেঽপি (জনসমাজের মধ্যেও) ন দ্বৈতং (অদ্বৈতভাব) পশ্যতঃ (অনুভবকর্ত্তা) মম (আমার) [জনসমাজও] অরণ্যং

(অরণ্যের) ইব (ন্যায়) [বিজন] সংবৃত্তং (হইয়াছে) ; অহং (আমি [আর] ক্ব (কাহার সহিত) রতিং (প্রীতি) করবাণি (করিব) ! ২১।

চৌদিকে মানব, কিন্তু দেখি না দ্বিতীয়।
বৃক্ষসম চারিদিকে কেবা হয় প্রিয় ॥ ২১।

নাহং দেহো ন মে দেহো জীবো নাহমহং হি চিৎ।
অয়মেব হি মে বন্ধ আসীদ্ যজ্জীবিতে স্পৃহা ॥ ২২।

অহং (আমি) দেহঃ (দেহ) ন (নহি), দেহঃ (দেহ) মে (আমার) ন (নহে), অহং (আমি) জীবঃ (জীব) ন (নহি), হি (নিশ্চয়) অহং (আমি) চিৎ (কূটস্থ চৈতন্যস্বরূপ)। জীবিতে জীবনধারণে) যৎ (যে) স্পৃহা আসীৎ (আকাঙ্ক্ষা রহিয়াছে), হি (নিশ্চয়) অয়মেব (ইহাই) মে (আমার) বন্ধঃ (বন্ধন)। ২২।

নহি দেহ, নহে দেহ, জীব নহি, চিৎ।
জীবনে বাসনা, এই বন্ধন নিশ্চিত ॥ ২২।

অহো ! ভুবনকল্লোলৈর্বিচিত্রৈর্দ্রাক্ সমুত্থিতম্।
ময্যনন্তমহাম্ভোধৌ চিত্তবাতে সমুদ্যতে ॥ ২৩।

অহো ! অনন্ত (পূর্ব্বাপরবিভাগশূন্য) মহাম্ভোধৌ (মহাসমুদ্র-স্বরূপ) ময়ি (আমাতে) চিত্তবাতে (চিত্তরূপ বায়ু) সমুদ্যতে [সতি] (উত্থিত হইলেই) বিচিত্রৈঃ (নানাবিধ) ভুবনকল্লোলৈঃ (ভুবনরূপ তরঙ্গ) দ্রাক্ (সহসা) সমুত্থিতং (আবির্ভূত হয়)। ২৩।

অনন্ত সমুদ্র আমি, বাসনা সমীর।
তুলি বিশ্ববীচি যাহে গরজে গভীর ॥ ২৩।

ময্যনন্তমহাম্ভোধৌ চিত্তবাতে প্রশাম্যতি।
অভাগ্যাজ্জীববণিজো জগৎ-পোতো বিনশ্বরঃ ॥ ২৪।

অনন্ত (অসীম) মহাম্ভোধৌ (মহাসমুদ্ররূপ) ময়ি (আমাতে) চিত্তবাতে (অন্তঃকরণরূপ বায়ু) প্রশাম্যতি [সতি] (উপসম প্রাপ্ত হইলে) অভাগ্যাৎ (দুর্ভাগ্যবশতঃ) জীববণিজঃ (জীবরূপী বণিকের) জগৎ-পোতঃ (জগৎরূপ নৌকাখানি) বিনশ্বরঃ [ভবতি] (বিনষ্ট হইয়া যায়)। ২৪।

বাসনাতরঙ্গ যদি শান্ত সে সাগরে।
দুঃখী জীব-বণিকের বিশ্বপোত মরে॥ ২৪।

ময্যনন্তমহাম্ভোধৌ আশ্চর্য্যং জীববীচয়ঃ।
উদ্যন্তি ঘ্নন্তি খেলন্তি প্রবিশন্তি স্বভাবতঃ॥ ২৫।

ইত্যাত্মানুভবোল্লাসে নাম দ্বিতীয়প্রকরণম্।

অনন্ত (সীমাবিহীন) মহাম্ভোধৌ (মহাসমুদ্ররূপী) ময়ি (আমাতে) জীববীচয়ঃ (জীবরূপতরঙ্গশ্রেণী) স্বভাবতঃ (স্বরূপতঃ) আশ্চর্য্যং (আশ্চর্য্যরূপে) উদ্যন্তি (উঠিতেছে) ঘ্নন্তি (পড়িতেছে) খেলন্তি (খেলিতেছে) [আবার আমাতেই] প্রবিশন্তি (প্রবেশ বা লয়প্রাপ্ত হইতেছে)॥ ২৫।

অনন্ত আত্মসাগরে জীব-বীচিমালা।
উঠে পড়ে লুপ্ত হয়, করে নানা খেলা॥ ২৫।

ইতি আত্মানুভবোল্লাস নামক দ্বিতীয় প্রকরণ।

তৃতীয়প্রকরণম্ ।

অষ্টাবক্র উবাচ।

অবিনাশিনমাত্মানমেকং বিজ্ঞায় তত্ত্বতঃ।
তবাত্মজ্ঞস্য ধীরস্য কথমর্থার্জ্জনে রতিঃ ॥ ১ ।

অষ্টাবক্র বলিলেন।

অবিনাশিনং (উৎপত্তি-বিনাশাদিবিকাররহিত), একং (অখণ্ড) আত্মানং (আত্মাকে) তত্ত্বতঃ (স্বরূপতঃ) বিজ্ঞায় (সাক্ষাৎ করিয়া) আত্মজ্ঞস্য (আত্মজ্ঞ) তব (তোমার) কথং (কেন) অর্থার্জ্জনে (অর্থোপার্জ্জনে) রতিঃ (অনুরাগ) [হইবে]? ।১।

অবিনাশী এক আত্মা বুঝি আত্মজ্ঞানে।
ধীর তুমি, তবু কেন রতি অর্থার্জ্জনে? ১।

আত্মাজ্ঞানাদহো প্রীতির্বিষয়ভ্রমগোচরে।
শুক্তেরজ্ঞানতো লোভো যথা রজতবিভ্রমে ॥ ২ ।

অহো! যথা (যেমন), শুক্তেঃ (শুক্তির স্বরূপ) অজ্ঞানতঃ (না জানায়) রজতবিভ্রমে (রৌপ্যভ্রমবশতঃ) লোভঃ [ভবতি] (তাহাতে লোভ হয়), [তথা] আত্মাজ্ঞানাৎ (আত্মার স্বরূপজ্ঞান না হওয়ায়) বিষয়ভ্রমগোচরে (বিষয়ভ্রমস্য সত্যত্বেনালম্বনীকরণাৎ—বিষয়ভ্রমটীকে সত্যরূপে অবলম্বন করায়) [বিষয়ে] প্রীতিঃ (অনুরাগ) [জায়তে—জন্মিয়া থাকে]। ২।

আত্মজ্ঞানাভাবে প্রীতি বিষয়ের রসে।
শুক্তি না চিনিয়া লুব্ধ ধায় রৌপ্য আশে ॥ ২।

বিশ্বং স্ফুরতি যত্রেদং তরঙ্গা ইব সাগরে।
সোঽহমস্মীতি বিজ্ঞায় কিং দীন ইব ধাবসি ? ৩।

সাগরে তরঙ্গা ইব (সাগরে তরঙ্গের ন্যায়) যত্র (যাহাতে) ইদং (এই) বিশ্বং (বিশ্ব) স্ফুরতি (প্রকাশ পায়), অহং (আমিই) সোঽস্মি (সেই) ইতি (ইহা) বিজ্ঞায় (জানিয়াও) দীন ইব (দরিদ্রের ন্যায়) কিং (কেন) ধাবসি (ছুটিতেছ) ? ৩।

সাগরে তরঙ্গসম বিশ্বস্ফুট যায়।
আমি তাই, তবু কেন ক্ষুব্ধ দীন প্রায় ॥ ৩।

শ্রুত্বাপি শুদ্ধচৈতন্যমাত্মানমতিসুন্দরম্।
উপস্থেঽত্যন্তসংসক্তো মালিন্যমধিগচ্ছতি ॥ ৪।

শুদ্ধ (অপরিণামী) চৈতন্যম্ (বোধস্বরূপ) আত্মানম্ (আত্মাকে) অতিসুন্দরং (অতিশয় মনোরম) শ্রুত্বাপি (শাস্ত্রতঃ জানিয়াও) উপস্থে (কামভোগে) অত্যন্তসংসক্তঃ [সন্] (অত্যন্ত আসক্ত হইয়া) [লোকে] মালিন্যম্ (রাগ-দ্বেষ-মোহরূপ মলিনতা) অধিগচ্ছতি (প্রাপ্ত হয়) । ৪।

বিশুদ্ধ চৈতন্য আত্মা অতীব সুন্দর।
জানি, কামভোগে রতি মালিন্য-বিস্তার ॥ ৪।

সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
মুনের্জ্জানত আশ্চর্য্যং মমত্বমনুবর্ত্ততে ॥ ৫।

সর্ব্বভূতেষু চ (সর্ব্বভূতেও) আত্মানং (আত্মাকে) [আর] আত্মনি চ (আত্মাতেও) সর্ব্বভূতানি (ভূতসমূহ) [রহিয়াছে এইরূপ] জানতঃ

(জ্ঞানবিশিষ্ট) মুনেঃ (মুনিও) মমত্বং (বিষয়ে মমতার) অনুবর্ত্ততে (অনুসরণ করে) [ইতি] আশ্চর্য্যং (ইহাই আশ্চর্য্য) ॥ ৫ ।

সর্ব্বভূতে আমি, সর্ব্বভূত সে আমাতে।
জানি তত্ত্ব, কি আশ্চর্য্য মোহিত মমত্বে ॥ ৫ ।

আস্থিতঃ পরমাদ্বৈতং মোক্ষার্থেঽপি ব্যবস্থিতঃ।
আশ্চর্য্যং কামবশগো বিকলঃ কেলিশিক্ষয়া ॥ ৬।

পরমাদ্বৈতং (ব্রহ্মের) আস্থিতঃ (আশ্রিত), মোক্ষার্থে (মুক্তির জন্য) ব্যবস্থিতঃ অপি (যত্নবান্ মুমুক্ষুও) কামবশগঃ [সন্] (কামের বশবর্ত্তী হইয়া) কেলিশিক্ষয়া (কামক্রীড়ার অভ্যাসে) বিকলঃ (অবশ বা মুগ্ধ) [ভবতি—হইয়া থাকে], [ইতি] আশ্চর্য্যং (ইহাই আশ্চর্য্য) । ৬ ।

মুমুক্ষু, পরমাদ্বৈত ব্রহ্মে অবস্থিত।
কি আশ্চর্য্য! কামকেলি রসে মগ্ন চিত ॥ ৬ ।

উদ্ভূতং জ্ঞানদুর্ম্মিত্রমবধার্য্যাতিদুর্ব্বলঃ।
আশ্চর্য্যং কামমাকাঙ্ক্ষেৎ কালমন্তমনুশ্রিতঃ ॥ ৭ ।

অন্তং কালং (মরণকাল) অনুশ্রিতঃ (প্রাপ্ত) অতিদুর্ব্বলঃ (অতি দুর্ব্বল লোকও) [কামকে] জ্ঞানদুর্ম্মিত্রং (জ্ঞানের শত্রুরূপে) উদ্ভূতং (আবির্ভূত) অবধার্য্য (জানিয়াও) কামং (কামভোগের) আকাঙ্ক্ষেৎ (আকাঙ্ক্ষা করে), [ইতি] আশ্চর্য্যং (ইহাই আশ্চর্য্য) । ৭ ।

কি আশ্চর্য্য! বুঝিয়া কুমিত্র দ্বৈতজ্ঞানে।
লঘুচিত্তে ভোগস্পৃহা অন্তিমজীবনে ॥ ৭ ।

ইহামুত্র বিরক্তস্য নিত্যানিত্যবিবেকিনঃ।
আশ্চর্য্যং মোক্ষকামস্য মোক্ষাদেব বিভীষিকা॥ ৮।

ইহ (ঐহিক) অমুত্র (পারলৌকিক) [ভোগে] বিরক্তস্য (দোষদর্শী), নিত্যানিত্যবিবেকিনঃ (ব্রহ্ম নিত্য এবং তদতিরিক্ত সমস্তই অনিত্য এইরূপ বিবেকবিচারসম্পন্ন) মোক্ষকামস্য এব (মুমুক্ষুর ও) মোক্ষাৎ (মোক্ষ হইতে) বিভীষিকা [ভবতি] (ভয় উপস্থিত হয়), [ইতি] আশ্চর্য্যং (ইহাই আশ্চর্য্য)। ৮।

নিত্যানিত্যজ্ঞানী, নাহি স্বর্গমর্ত্ত্যে প্রীতি।
মুমুক্ষু, কিন্তু আশ্চর্য্য মোক্ষে আছে ভীতি॥ ৮।

ধীরস্তু ভোজ্যমানোঽপি পীড্যমানোঽপি সর্ব্বদা।
আত্মানং কেবলং পশ্যন্ ন তুষ্যতি ন কুপ্যতি॥ ৯।

তু (কিন্তু) ধীরঃ (আত্মদর্শনকারী ব্যক্তি) সর্ব্বদা ভোজ্যমানোঽপি (সর্ব্বদা বৈষয়িক সুখভোগ করিলেও) [অথবা] পীড্যমানোঽপি (নিষ্পেষিত হইলেও) কেবলং (একমাত্র) আত্মানং (আত্মাকে) পশ্যন্ (দেখেন বলিয়া) ন তুষ্যতি (সুখসাধনবস্তুতে তুষ্ট-হন্ না) [ও] ন কুপ্যতি (দুঃখসাধন বস্তুতে কুপিত হন না)। ৯।

আত্মারে কেবল দেখি, আত্মজ্ঞানধন্য।
ভোগে নাহি তুষ্টি, নির্য্যাতনে কোপশূন্য॥ ৯।

চেষ্টমানং শরীরং স্বং পশ্যত্যন্যশরীরবৎ।
সংস্তবে চাপি নিন্দায়াং কথং ক্ষুভ্যেন্মহাশয়ঃ॥ ১০।

মহাশয়ঃ (আত্মনিষ্ঠ যোগী) চেষ্টমানং (ক্রিয়াশীল) স্বং (স্বীয়) শরীরং (শরীরকে) অন্যশরীরবৎ (অন্যের শরীরের ন্যায়) পশ্যতি

(দেখিয়া থাকেন); [অতএব] সংস্তবে (স্তুতিতে) চ (এবং) নিন্দায়াং অপি (নিন্দাতেও) [তিনি] কথং (কেন) ক্ষুভ্যেৎ (ক্ষুব্ধ হইবেন) ? ১০।

ক্রিয়াশীল দেহে দেখি অপর শরীর।
স্তুতি নিন্দা উভয়েই অচঞ্চল, ধীর ॥ ১০।

মায়ামাত্রমিদং বিশ্বং পশ্যন্ বিগতকৌতুকঃ।
অপি সন্নিহিতে মুক্তৌ কথং ত্রস্যতি ধীরধীঃ ॥ ১১।

ইদং (এই) বিশ্বং (জগৎ) মায়ামাত্রং (রজ্জুতে সর্পের ন্যায় মিথ্যা) পশ্যন্ (দেখিয়া) বিগতকৌতুকঃ (কৌতূহলশূন্য) ধীরধীঃ (ধীরবুদ্ধি জ্ঞানী) মুক্তৌ (মুক্তি) সন্নিহিতে (অদূরে) অপি (সম্ভাবিতা হইতেছে ; [এরূপ অবস্থায়] কথং (কেন) ত্রস্যতি (ভীত হইবেন) ? ১১।

মায়ামাত্র দেখি বিশ্ব নাহি কৌতূহল।
মুক্তি সন্নিহিত, আর কি ভয়ে চঞ্চল ॥ ১১।

নিস্পৃহং মানসং যস্য নৈরাশ্যেঽপি মহাত্মনঃ।
তস্যাত্মজ্ঞানতৃপ্তস্য তুলনা কেন জায়তে ? ১২।

নৈরাশ্যেঽপি (নিরাশাতেও) যস্য মহাত্মনঃ (যে মহাত্মার) মানসং (মন) নিস্পৃহং (স্পৃহাশূন্য), আত্মজ্ঞানতৃপ্তস্য (আত্মজ্ঞানদ্বারা তৃপ্ত) তস্য [তাদৃশ] (জীবন্মুক্তের) কেন (কাহার সহিত) তুলনা (উপমা) জায়তে (হইতে পারে) ? ১২।

আশাশূন্য, স্পৃহাশূন্য মানস যাঁহার।
আত্মজ্ঞানতৃপ্তসহ তুলনা কাহার ? ১২।

স্বভাবাদেব জানানো দৃশ্যমেতন্ন কিঞ্চন।
ইদং গ্রাহ্যমিদং ত্যাজ্যং স কিং পশ্যতি ধীরধীঃ॥ ১৩।

[যিনি] এতৎ (এই) দৃশ্যং (প্রপঞ্চ) স্বভাবাদেব (স্বরূপতঃ) ন কিঞ্চন (কিছুই নয়) জানানঃ (জানেন) সঃ ধীরধীঃ (সেই জ্ঞানী) ইদং (ইহা) গ্রাহ্যং (গ্রহণযোগ্য) ইদং (ইহা) ত্যাজ্যং (ত্যাগযোগ্য) [এইরূপ] কিং (কি) পশ্যতি (দেখিয়া থাকেন)? [কখনই না]। ১৩।

দেখি আত্মা, দৃশ্য বস্তু কিছু নহে জানি।
কিবা গ্রাহ্য কিবা ত্যাজ্য করিবেন জ্ঞানী? ১৩।

অন্তস্ত্যক্তকষায়স্য নির্দ্বন্দ্বস্য নিরাশিষঃ।
যদৃচ্ছয়াগতো ভোগো ন দুঃখায় ন তুষ্টয়ে॥ ১৪।

ইত্যাক্ষেপদ্বারোপদেশকং নাম তৃতীয়প্রকরণম্।

অন্তস্ত্যক্তকষায়স্য (অন্তঃকরণের কামক্রোধাদিরূপ কষায়—মালিন্য পরিত্যাগী), নির্দ্বন্দ্বস্য (সুখদুঃখে হর্ষবিষাদরহিত), নিরাশিষঃ (বাসনাশূন্য ব্যক্তির) যদৃচ্ছয়া (দৈববশতঃ) আগতঃ (প্রাপ্ত) ভোগঃ (বিষয়ভোগ) ন দুঃখায় (দুঃখেরও নিমিত্ত নহে) [ও] ন তুষ্টয়ে (সন্তোষেরও নিমিত্ত নহে)। ১৪।

নির্ম্মল অন্তর, সুখ-দুঃখ-দ্বন্দ্বশূন্য।
যে ভোগ আসুক, নহে দুঃখ-তুষ্টি জন্য॥ ১৪।

ইতি আক্ষেপদ্বারোপদেশনামক তৃতীয় প্রকরণ।

———

চতুর্থপ্রকরণম্ ।

জনক উবাচ।

হন্তাত্মজ্ঞস্য ধীরস্য খেলতো ভোগলীলয়া।
ন হি সংসারবাহীকৈর্মূঢ়ৈঃ সহ সমানতা ॥ ১ ।

জনক বলিলেন।

হন্ত! (আহা!) ভোগলীলয়া (ভোগচ্ছলে) খেলতঃ (ক্রীড়াকারী) আত্মজ্ঞস্য (আত্মজ্ঞানী) ধীরস্য (জীবন্মুক্তের) হি (সত্যই) সংসারবাহীকৈঃ (সংসারের দাস) মূঢ়ৈঃ (মূঢ়ের সহিত) ন সমানতা [ভবিতুমর্হতি] (তুলনা হইতে পারে না) ১ ।

আত্মজ্ঞ সুধীর ভোগ খেলামাত্র যাঁর।
সংসারবাহীক মূঢ় তুল্য কি তাঁহার? ১ ।

যৎপদং প্রেপ্সবো দীনাঃ শক্রাদ্যাঃ সর্ব্বদেবতাঃ।
অহো! তত্র স্থিতো যোগী ন হর্ষমুপগচ্ছতি ॥ ২ ।

অহো! (কি আশ্চর্য্য!) শক্রাদ্যাঃ (ইন্দ্রাদি) সর্ব্বদেবতাঃ (দেবগণ) দীনাঃ [সন্তঃ] (প্রার্থী হইয়া) যৎপদং (যে পদ) প্রেপ্সবঃ (লাভ করিতে ইচ্ছা করেন), যোগী (জ্ঞানী) তত্র (সেই পদে) স্থিতঃ [সন্] (প্রতিষ্ঠিত থাকিয়া) হর্ষং ন উপগচ্ছতি (হৃষ্ট হয়েন না)। ২ ।

যে পদ ইন্দ্রাদি সর্ব্বদেবতা বাঞ্ছিত।
সে পদে বসিয়া যোগী নহে হর্ষান্বিত ॥ ২ ।

তজ্‌জ্ঞস্য পুণ্যপাপাভ্যাং স্পর্শোহ্যন্তর্ন জায়তে।
নহ্যাকাশস্য ধূমেন দৃশ্যমানাপি সঙ্গতিঃ ॥ ৩।

[যেমন] আকাশস্য (আকাশের) ধূমেন (ধূমের সহিত) সঙ্গতিঃ (সংযোগ) দৃশ্যমানা অপি (দৃষ্ট হইলেও) ন (আকাশ ধূমলিপ্ত হয় না); [তদ্রূপ] হি (ইহা নিশ্চিত যে) পুণ্যপাপাভ্যাং (পুণ্যপাপ) তজ্জ্ঞস্য (আত্মজ্ঞ ব্যক্তির) অন্তঃ (অন্তঃকরণকে) স্পর্শঃ (স্পর্শ) ন জায়তে (করিতে পারে না)। ৩।

পাপ পুণ্য না পরশে আত্মজ্ঞ-হৃদয়।
ধূম না পরশে ব্যোম, হ'লে ধূমময় ॥ ৩।

আত্মৈবেদং জগৎ সর্ব্বং জ্ঞাতং যেন মহাত্মনা।
যদৃচ্ছয়া বর্ত্তমানং তং নিষেদ্ধুং ক্ষমেত কঃ ॥ ৪।

যেন (যে) মহাত্মনা (মহাপুরুষ) ইদং (দৃশ্যমান) সর্ব্বং (সমূহ) জগৎ (বিশ্ব) আত্মা এব [ইতি] (আত্মা বলিয়াই) জ্ঞাতং (পরিজ্ঞাত হইয়াছেন), [তিনি] যদৃচ্ছয়া (স্বেচ্ছায়) বর্ত্তমানং (যথেচ্ছ ব্যবহার করেন); [তদ্বিষয়ে] তং (তাঁহাকে) নিষেদ্ধুং (নিষেধ করিতে) কঃ (কে) ক্ষমেত (সমর্থ) [হইতে পারে]? ৪।

আত্মময় সর্ব্ববিশ্ব দৃশ্য হয় যাঁর।
যা করেন সাজে, নিবারিতে শক্তি কা'র? ৪।

আব্রহ্মস্তম্বপর্য্যন্তে ভূতগ্রামে চতুর্ব্বিধে।
বিজ্ঞস্যৈব হি সামর্থ্যমিচ্ছানিচ্ছাবিবর্জ্জনে ॥ ৫।

আব্রহ্ম (ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া) স্তম্বপর্য্যন্তে (সূক্ষ্ম কীটবিশেষ পর্য্যন্ত) চতুর্ব্বিধে (উদ্ভিজ্জ, স্বেদজ, অণ্ডজ ও জরায়ুজ এই চারি প্রকার)

ভূতগ্রামে (প্রাণিসমূহের মধ্যে) হি (নিশ্চয়) বিজ্ঞস্যৈব (বিজ্ঞেরই) [একমাত্র] ইচ্ছা অনিচ্ছা (বিষয়ভোগের ইচ্ছা ও অনিচ্ছা উভয়েরই) বিবর্জ্জনে (ত্যাগে) সামর্থ্যং (যোগ্যতা) [অস্তি—আছে]। ৫ ।

স্বেদজ, অণ্ডজ আদি চতুর্ব্বিধ প্রাণে।
জ্ঞানী সে সমর্থ ইচ্ছা অনিচ্ছা বর্জ্জনে॥ ৫।

আত্মানমদ্বয়ং কশ্চিজ্জানাতি পরমেশ্বরম্।
যদ্বেত্তি তৎ স কুরুতে ন ভয়ং তস্য কুত্রচিৎ॥ ৬।

ইতি শিষ্যপ্রোক্তানুভবোল্লাস-ষট্কং নাম চতুর্থপ্রকরণম্।

কশ্চিৎ (সহস্রের মধ্যে কোন লোক) আত্মানং (আত্মাকে) অদ্বয়ং (অখণ্ড) পরমেশ্বরং (পরমেশ্বর) [বলিয়া] জানাতি (জানেন), সঃ (তিনি) যৎ (যাহা) বেত্তি (বুঝেন) তৎ (তাহাই) কুরুতে (করেন), তস্য (তাঁহার) কুত্রচিৎ (কোথাও) ভয়ং (ভীতি) ন (নাই)। ৬।

অদ্বয় পরমেশ্বর আত্মারে জানিয়া।
যা' বুঝেন তা' করেন—ভয়শূন্য হিয়া॥ ৬।

ইতি শিষ্যপ্রোক্তানুভবোল্লাসনামক চতুর্থ প্রকরণ।

পঞ্চমপ্রকরণম্ ।

অষ্টাবক্র উবাচ ।

ন তে সঙ্গোঽস্তি কেনাপি কিং শুদ্ধস্ত্যক্তুমিচ্ছসি ।
সংঘাতবিলয়ং কুর্ব্বন্নেবমেব লয়ং ব্রজ ॥ ১ ।

অষ্টাবক্র বলিলেন ।

কেন অপি (কাহারও সহিত) তে (তোমার) সঙ্গঃ (সম্বন্ধ) নাস্তি (নাই), [ত্বং—তুমি] শুদ্ধঃ (নির্লিপ্ত), কিং (কাহাকে) ত্যক্তুং (ত্যাগ করিতে) ইচ্ছসি (ইচ্ছা করিবে)? সংঘাতবিলয়ং (দেহেন্দ্রিয়াদি ক্রমে আত্মাতে লয়) কুর্ব্বন্ (করিয়া) এবমেব (এই প্রকারে [ত্বমপি—তুমিও] লয়ং ব্রজ (লয় প্রাপ্ত হও অর্থাৎ জীবভাবকে পরমভাবে লয় কর) । ১ ।

কা'র সঙ্গে কি সম্বন্ধ ? ত্যজিবে কাহারে ?
দ্বন্দ্ব নষ্ট করি' লয় কর আপনারে ॥ ১ ।

উদেতি ভবতো বিশ্বং বারিধেরিব বুদ্বুদঃ ।
ইতি জ্ঞাত্বৈকমাত্মানমেবমেব লয়ং ব্রজ ॥ ২ ।

বারিধেঃ (সমুদ্র হইতে) বুদ্বুদ ইব (জলবিম্বের ন্যায়) ভবতঃ (তোমা- হইতে) বিশ্বং (জগৎ) উদেতি (আবির্ভূত), ইতি (এইরূপে) আত্মানং (আত্মাকে) একং (অখণ্ড) জ্ঞাত্বা (জানিয়া) এবমেব (এই প্রকারে) লয়ং ব্রজ (লয় প্রাপ্ত হও অর্থাৎ আপনাকে পরমভাবে লয় কর) । ২ ।

জল হ'তে বিম্ব যেন, বিশ্ব তোমা হ'তে ।
জানি আপনারে লয় কর এই মতে ॥ ২ ।

প্রত্যক্ষমপ্যবস্তুত্বাদ্ বিশ্বং নাস্ত্যমলে ত্বয়ি।
রজ্জুসর্প ইব ব্যক্তমেবমেব লয়ং ব্রজ ॥ ৩।

অমলে (বিশুদ্ধ অর্থাৎ অপরিণামী) ত্বয়ি (তোমাতে) বিশ্বং (জগৎ) রজ্জুসর্প ইব প্রত্যক্ষমপি (রজ্জুতে সর্পের ন্যায় প্রত্যক্ষগোচর হইলেও) অবস্তুত্বাৎ (মায়িক বলিয়া) নাস্তি (নাই); এবমেব (এইরূপ জ্ঞানদ্বারা) ব্যক্তং (স্পষ্টতঃ) লয়ং ব্রজ (লয়প্রাপ্ত হও)। ৩।

শুদ্ধ তুমি, দৃশ্য বিশ্ব কিন্তু কিছু নয়।
রজ্জু সর্পসম, কর আপনারে লয় ॥ ৩।

সমদুঃখসুখঃ পূর্ণ আশানৈরাশ্যয়োঃ সমঃ।
সমজীবিতমৃত্যুঃ সন্নেবমেব লয়ং ব্রজ ॥ ৪।

ইত্যাচার্য্যোক্তং লয়চতুষ্টয়ং নাম পঞ্চমপ্রকরণম্।

সমদুঃখসুখঃ (সুখদুঃখে সমভাবাপন্ন), পূর্ণঃ (নিত্যতৃপ্ত), আশা-নৈরাশ্যয়োঃ (আশা ও নিরাশায়) সমঃ (সমভাবাপন্ন) সমজীবিতমৃত্যুঃ (জীবনে মরণে সমবুদ্ধি), সন্ (হইয়া) এবমেব (উক্তপ্রকারে) লয়ং ব্রজ (লয়প্রাপ্ত হও)। ৪।

সুখে দুঃখে সম, পূর্ণ আশা নিরাশায়।
জীব মৃত্যু সম, কর আপনারে লয় ॥ ৪।

ইতি আচার্য্যোক্ত-লয়নামক পঞ্চম প্রকরণ।

ষষ্ঠপ্রকরণম্।

আকাশবদনন্তোঽহং ঘটবৎ প্রাকৃতং জগৎ।
ইতি জ্ঞানং তথৈতস্য ন ত্যাগো ন গ্রহোলয়ঃ॥ ১।

অহং (আমি) আকাশবৎ (আকাশের ন্যায়) অনন্তঃ (অসীম অর্থাৎ নিত্য), জগৎ ঘটবৎ (জগৎ ঘটের ন্যায়) প্রাকৃতং (প্রকৃতিসম্ভূত অতএব অনিত্য) [কিংবা নাই বলিলেও অত্যুক্তি হয় না] ইতি জ্ঞানং (এই জ্ঞান) তথা (তথা সতি—দৃঢ় হইলে) এতস্য (এই জগতের) ন ত্যাগঃ (ত্যাগ না করা) [ও] ন গ্রহঃ (গ্রহণ না করাই) লয়ঃ [অভিধীয়তে] (লয় নামে অভিহিত হয়)। ১।

খ বৎ অনন্ত আমি, বিশ্ব ঘট প্রায়।
নহে ত্যাজ্য নহে গ্রাহ্য বিশ্বভাব, লয়॥ ১।

মহোদধিরিবাহং স প্রপঞ্চো বীচিসন্নিভঃ।
ইতি জ্ঞানং তথৈতস্য ন ত্যাগো ন গ্রহোলয়ঃ॥ ২।

অহং (আমি) মহোদধিঃ ইব (মহাসমুদ্রের ন্যায় স্থির) সঃ (চিরপরিচিত) প্রপঞ্চঃ (জগৎ) বীচিসন্নিভঃ (তরঙ্গের ন্যায় চঞ্চল) ইতি জ্ঞানং (এই জ্ঞান) তথা (তথা সতি—দৃঢ় হইলে) এতস্য (এই জগতের) ন ত্যাগঃ (ত্যাগ না করা) [ও] ন গ্রহঃ (গ্রহণ না করাই) লয়ঃ (লয় নামে প্রসিদ্ধ)। ২।

সিন্ধু সম আমি, বিম্বসম বিশ্বোদয়।
নহে ত্যাজ্য নহে গ্রাহ্য বিশ্বভাব, লয়॥ ২।

অহং স শুক্তিসঙ্কাশো রূপ্যবদ্বিশ্বকল্পনা।
ইতি জ্ঞানং তথৈতস্য ন ত্যাগো ন গ্রহোলয়ঃ ॥ ৩।

অহং (আমি) সঃ (রৌপ্যভ্রান্তির আশ্রয়ভূত) শুক্তিসঙ্কাশো (শুক্তির ন্যায়), বিশ্বকল্পনা (আমাতে জগতের কল্পনা) রূপ্যবৎ (রৌপ্যের ন্যায় মিথ্যা) ইতি জ্ঞানং (এই জ্ঞান) তথা (তথা সতি—দৃঢ় হইলে) এতস্য (এই জগতের) ন ত্যাগঃ (ত্যাগ না করা) [ও] ন 'গ্রহঃ (গ্রহণ না করাই) লয়ঃ [অভিধীয়তে] (লয় নামে অভিহিত হয়)। ৩।

শুক্তিসম জানি আমি, বিশ্বরৌপ্য প্রায়।
নহে ত্যাজ্য নহে গ্রাহ্য বিশ্বভাব—লয় ॥ ৩।

অহং বা সর্ব্বভূতেষু সর্ব্বভূতান্যথো ময়ি !
ইতি জ্ঞানং তথৈতস্য ন ত্যাগো ন গ্রহোলয়ঃ ॥ ৪।

ইতি শিষ্যপ্রোক্তমুত্তরচতুষ্কং নাম ষষ্ঠপ্রকরণম্।

বা (অথবা) অহং (আমি) সর্ব্বভূতেষু [অস্মি] (সর্ব্বভূতে আছি) অথো (কিম্বা) ময়ি (আমাতে) সর্ব্বভূতানি [সন্তি] (ভূতসমূহ আছে) ইতি জ্ঞানং (এই জ্ঞান) তথা (তথা সতি—দৃঢ় হইলে) এতস্য এই জগতের) ন ত্যাগঃ (ত্যাগ না করা) ন গ্রহঃ (গ্রহণ না করাই) লয়ঃ [অভিধীয়তে] (লয় নামে অভিহিত হয়)। ৪।

সর্ব্বভূতে আমি, আমা ছাড়া কিছু নয়।
নহে ত্যাজ্য নহে গ্রাহ্য বিশ্বভাব লয় ॥ ৪।

ইতি শিষ্যপ্রোক্ত উত্তর-চতুষ্ক নামক ষষ্ঠ প্রকরণ।

সপ্তমপ্রকরণম্।

জনক উবাচ।

ময্যনন্তমহাম্ভোধৌ বিশ্বপোত ইতস্ততঃ।
ভ্রমতি স্বান্তবাতেন মম নাস্ত্যসহিষ্ণুতা॥ ১।

জনক বলিলেন।

অনন্ত (অসীম) মহাম্ভোধৌ (মহাসমুদ্ররূপ) ময়ি (আমাতে) বিশ্বপোতঃ (জগৎরূপ নৌকা) স্বান্ত (চিত্ত) বাতেন (বায়ুদ্বারা) ইতস্ততঃ (এদিকে সেদিকে) ভ্রমতি (ভ্রমণ করিতেছে) [তাহাতেও] মম (আমার) অসহিষ্ণুতা (অসহ্যভাব) নাস্তি (নাই)। ১।

অনন্ত সমুদ্র আমি, বিশ্বপোত যথা।
ভ্রমিছে স্বভাবে, মম নাহি অসহ্যতা॥ ১।

ময্যনন্ত-মহাম্ভোধৌ জগদ্বীচিঃ স্বভাবতঃ।
উদেতু বাস্তমায়াতু ন মে বৃদ্ধির্ন মে ক্ষতিঃ॥ ২।

অনন্ত (পূর্ব্বাপররূপ সীমারহিত) মহাম্ভোধৌ (মহাসমুদ্রস্বরূপ) ময়ি (আমাতে) জগদ্বীচিঃ (বিশ্বরূপতরঙ্গ) স্বভাবতঃ (নিজের পরিণামরূপ স্বভাববশতঃ) উদেতু (আবির্ভূত হউক) বা (অথবা) অস্তং (তিরোভাব) আয়াতু (প্রাপ্ত হউক) [তাহাতে] মম (আমার) বৃদ্ধিঃ ন (বৃদ্ধি নাই) [ও] ক্ষতিঃ ন (ক্ষতিও নাই)। ২।

অনন্ত সমুদ্র আমি, বিশ্ববীচি যায়।
তুলিছে প্রকৃতি, কিবা ক্ষতি বৃদ্ধি তায়॥ ২।

ময্যনন্তমহাম্ভোধৌ বিশ্বং নাম বিকল্পনা।
অতিশান্তো নিরাকার এতদেবাহমাস্থিতঃ ॥ ৩।

অনন্ত (অসীম) মহাম্ভোধৌ (মহাসমুদ্রস্বরূপ) ময়ি (আমাতে) বিশ্বং (জগৎ) বিকল্পনা (মিথ্যারূপে) নাম (সম্ভাবিত হয়)। অহং (আমি) অতিশান্তঃ (নির্ব্বিশেষ), নিরাকারঃ (আকারবিহীন), এতদেব (এই স্বরূপেই) আস্থিতঃ (অবস্থিত রহিয়াছি)। ৩।

অনন্ত সমুদ্র আমি, শান্ত নিরাকার।
ব্রহ্মাণ্ড কল্পনা, আমি আছি এ প্রকার ॥ ৩।

নাত্মাভাবেষু নো ভাবাস্তত্রাত্মনি নিরঞ্জনে।
ইত্যসক্তোহস্পৃহঃ শান্ত এতদেবাহমাস্থিতঃ ॥ ৪।

আত্মাভাবেষু (আত্মা, জন্ম ও মৃত্যু প্রভৃতি বিকার সমূহের মধ্যে) [কিঞ্চন] ন (কিছুই নহেন) [এবং] নিরঞ্জনে (উদয়াস্তশূন্য) তত্র (সেই) আত্মনি (আত্মায়) ভাবাঃ (উক্ত বিকারসমূহও) নো (নাই); ইতি (অতএব) অহং অসক্তঃ (আমি নির্লিপ্ত), নিস্পৃহঃ (কামাদি ভাবশূন্য), শান্তঃ (স্থির), এতদেব (এই স্বরূপেই) আস্থিতঃ (অবস্থিত রহিয়াছি)। ৪।

নির্ম্মল, নিষ্কল আত্মা, ভাব কিছু নাই।
অসক্ত, নিস্পৃহ, শান্ত, আছি আমি তাই ॥ ৪।

অহো! চিন্মাত্রমেবাহমিন্দ্রজালোপমং জগৎ।
অতো মম কথং কুত্র হেয়োপাদেয়কল্পনা ॥ ৫।

ইত্যনুভবপঞ্চকবিবরণং নাম সপ্তমপ্রকরণম্।

অহো! অহং (আমি) চিন্মাত্রমেব (নিত্য-চৈতন্যস্বরূপ), জগৎ ইন্দ্রজালোপমং (জগৎ ইন্দ্রজালের ন্যায় মিথ্যা), অতঃ (অতএব) মম

(আমার) কথং (কিরূপে) কুত্র (কোথায় অর্থাৎ কোন বিষয়ে) হেয়োপাদেয়কল্পনা (ত্যাজ্য-গ্রাহ্য-কল্পনা) [ভবেৎ] (হইতে পারে) ? ৫।

চিৎস্বরূপ আমি, বিশ্বমাত্র ইন্দ্রজাল।
হেয় উপাদেয় তাহে কল্পনা বিফল॥ ৫।

ইতি অনুভবপঞ্চকবিবরণ নামক সপ্তম প্রকরণ।

অষ্টমপ্রকরণম্।

অষ্টাবক্র উবাচ।

তদা বন্ধো যদা চিত্তং কিঞ্চিদ্বাঞ্ছতি শোচতি।
কিঞ্চিন্মুঞ্চতি গৃহ্ণাতি কিঞ্চিৎ হৃষ্যতি কুপ্যতি ॥ ১।

অষ্টাবক্র বলিলেন।

যদা (যখন) চিত্তং (চিত্ত) কিঞ্চিৎ (কিছু) বাঞ্ছতি (বাঞ্ছা করে) [এবং] শোচতি (শোক করে), কিঞ্চিৎ (কিছু) মুঞ্চতি (ত্যাগ করে) [এবং] গৃহ্ণাতি (গ্রহণ করে), কিঞ্চিৎ (কিছু) [উপলক্ষ্য করিয়া] হৃষ্যতি (হৃষ্ট) [এবং] কুপ্যতি (কুপিত হয়) তদা (তখনই) বন্ধঃ [জ্ঞেয়ঃ] (বন্ধন বলিয়া জানিবে)। ১।

ত্যাগ, গ্রহ, হর্ষ, কোপ, বাঞ্ছানুশোচন।
আছে যতক্ষণ মনে, বন্ধ ততক্ষণ ॥ ১।

তদা মুক্তির্যদা চিত্তং ন বাঞ্ছতি ন শোচতি।
ন মুঞ্চতি ন গৃহ্ণাতি ন হৃষ্যতি ন কুপ্যতি ॥ ২।

যদা (যখন) চিত্তং (অন্তঃকরণ) ন বাঞ্ছতি (বাঞ্ছা করে না), ন শোচতি (শোক করে না), ন মুঞ্চতি (ত্যাগ করে না), ন গৃহ্ণাতি (গ্রহণ করে না), ন হৃষ্যতি (হৃষ্ট হয় না), ন কুপ্যতি (কুপিত হয় না), তদা (তখনই) মুক্তিঃ [জ্ঞেয়া] (মুক্তি বলিয়া জানিবে)। ২।

ত্যাগ, গ্রহ, হর্ষ, কোপ, বাঞ্ছানুশোচন।
নাহি যবে, মুক্ত তবে, শুদ্ধ নিরঞ্জন ॥ ২।

তদা বন্ধো যদা চিত্তং সক্তং কাস্বপি দৃষ্টিষু।
তদা মোক্ষো যদা চিত্তমসক্তং সর্ব্বদৃষ্টিষু ॥ ৩।

যদা (যখন) চিত্তং (অন্তঃকরণ) কাসু অপি (কোনও) দৃষ্টিষু (দৃশ্যবস্তুতে) সক্তং (আসক্ত) তদা (তখনই) বন্ধঃ (বন্ধন) [এবং] যদা (যখন) চিত্তং (চিত্ত) সর্ব্বদৃষ্টিষু (সর্ব্ববিষয়ে) অসক্তং (অনাসক্ত) তদা (তখনই) মোক্ষঃ [জ্ঞেয়ঃ] (মুক্তি বলিয়া জানিবে)। ৩।

কোন দৃষ্টিবদ্ধ চিত্ত তাবৎ বন্ধন।
সর্ব্বদৃষ্টিমুক্ত চিত্ত তবে মুক্তিধন ॥ ৩।

যদা নাহং তদা মোক্ষো যদাহং বন্ধনং তদা।
মত্বেতি হেলয়া কিঞ্চিন্মা গৃহাণ বিমুঞ্চ মা ॥ ৪।

ইতি বন্ধমোক্ষচতুষ্কং নাম অষ্টমপ্রকরণম্।

যদা (যখন) অহং (আমি জ্ঞান) ন (থাকে না) তদা (তখনই) (মুক্তি), যদা (যখন) অহং (অহংজ্ঞানম্ অস্তি—আমিজ্ঞান আছে) তদা (তখনই) বন্ধনং (বন্ধন) ইতি (এইরূপ) মত্বা (জানিয়া) হেলয়া (অবহেলা করিয়াও) কিঞ্চিৎ (কিছু) মা গৃহাণ (গ্রহণ করিও না), মা বিমুঞ্চ (ত্যাগও করিও না)। ৪:।

"নাহি আমি" মুক্তি, "আমি আছি" সে বন্ধন।
ত্যাগ-গ্রহশূন্য, কর মমত্ব বর্জ্জন ॥ ৪।

ইতি বন্ধমোক্ষচতুষ্টয় নামক অষ্টম প্রকরণ।

———

নবমপ্রকরণম্।

গুরুরাহ।

কৃতাকৃতে চ দ্বন্দ্বানি কদা শান্তানি কস্য বা।
এবং জ্ঞাত্বেহ নির্ব্বেদাদ্ভব ত্যাগপরো ব্রতী ॥ ১।

গুরু বলিলেন।

কদা (কদাচিৎ) কস্য বা (সহস্রের মধ্যে কাহারও) কৃতাকৃতে (বিহিত ও অবিহিত কর্ম্ম) চ (এবং) দ্বন্দ্বানি (সুখদুঃখাদি দ্বন্দ্বভাব) শান্তানি (উপরত হয়); এবং (এইরূপ) জ্ঞাত্বা (জানিয়া) ইহ (ঐহিক ভোগে) নির্ব্বেদাৎ (বৈরাগ্যসহকারে) ত্যাগপরো ব্রতী (ত্যাগী) ভব (হও)। ১।

কৃতাকৃত কর্ম্ম-দ্বন্দ্ব শান্ত কভু কা'র (ও)।
বুঝিয়া বৈরাগ্যে কর স্পৃহা পরিহার ॥ ১।

কস্যাপি তাত ! ধন্যস্য লোকচেষ্টাবলোকনাৎ।
জীবিতেচ্ছা বুভুক্ষা চ বুভুৎসোপশমং গতাঃ ॥ ২।

হে তাত ! (হে বৎস !) কস্যাপি (কোনও এক) ধন্যস্য (জীবন্মুক্ত ব্যক্তির) লোকচেষ্টার লোকনাৎ (লৌকিক চেষ্টাসমূহের ফল অদৃষ্টাধীন দেখিয়া) জীবিতেচ্ছা (জীবন ধারণে ইচ্ছা) বুভুক্ষা (ভোজনেচ্ছা) চ (ও) বুভুৎসা (ভোগেচ্ছা) উপশমং গতাঃ (শান্ত হয়) । ২।

জ্ঞানধন্য দেখি' সর্ব্ব লোকের অবস্থা।
জীবনে ভোজনে ভোগে না রাখেন আস্থা ॥ ২।

অনিত্যং সর্ব্বমেবেদং তাপত্রিতয়দূষিতং।
অসারং নিন্দিতং হেয়মিতি নিশ্চিত্য শাম্যতি ॥ ৩।

[বিবেকী] ইদং (দৃশ্যমান) সর্ব্বমেব (সকল বস্তুই) তাপত্রিতয়দূষিতং (আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ দুঃখ দ্বারা জড়িত), অনিত্যং (অস্থির), অসারং (ক্ষণভঙ্গুর), নিন্দিতং (পরিণামী) [অতএব] হেয়ং (অবশ্যত্যাজ্য) ইতি (এইরূপ) নিশ্চিত্য (নিশ্চয় করিয়া) [ঐ সকল বস্তুতে] শাম্যতি (বৈরাগ্য লাভ করেন)। ৩।

ত্রিতাপতাপিত এই অনিত্য সংসার।
নিবৃত্তি লভেন সাধু, বুঝিয়া অসার ॥ ৩।

কোঽসৌ কালো বয়ঃ কিম্বা যত্র দ্বন্দ্বানি নো নৃণাং।
তান্যুপেক্ষ্য যথাপ্রাপ্তবর্ত্তী সিদ্ধিমবাপ্নুয়াৎ ॥ ৪।

অসৌ কালঃ কঃ (ঐ কাল কি বস্তু) বা (কিম্বা) বয়ঃ কিং (বয়ঃক্রমই বা কি বস্তু)? যত্র (যে বিষয়ে) নৃণাং নঃ (মানব-আমাদের) দ্বন্দ্বানি (বিবাদ) [উপস্থিত হয়]; তানি (ঐ দ্বন্দ্বের) উপেক্ষ্য (গ্রহণে ও ত্যাগে বাসনা না রাখিয়া) যথাপ্রাপ্তবর্ত্তী (যথাপ্রাপ্ত দ্রব্যে জীবনযাত্রা নির্ব্বাহকারী) [বিবেকী] সিদ্ধিং (মুক্তি) অবাপ্নুয়াৎ (প্রাপ্ত হন)। ৪।

বয়স সময় লয়ে দ্বন্দ্ব কি লাগিয়া।
প্রাপ্তিমাত্র লহ সিদ্ধি, ও বাধা ত্যজিয়া ॥ ৪।

নানামতং মহর্ষীণাং সাধূনাং যোগিনাং তথা।
দৃষ্ট্বা নির্বেদমাপন্নঃ কো ন শাম্যতি মানবঃ ॥ ৫।

মহর্ষীণাং (ব্যাসাদি মহর্ষিগণের), সাধূনাং (সাধুগণের) তথা (এবং) যোগিনাং (যাজ্ঞবল্ক্য প্রভৃতি যোগিগণের) নানামতং (নানাবিধ মতবাদ)

দৃষ্ট্বা (আলোচনা করিয়া) নির্ব্বেদং (বৈরাগ্য) আপন্নঃ (প্রাপ্ত হইয়া) কো মানবঃ (কোন মানব) ন শাম্যতি (শান্তিলাভ করে না) ? ৫।

ঋষি, সাধু, যোগীদের দেখি মতান্তর।
বৈরাগ্যে, লভিতে শান্তি চাহে না, কে নর ? ৫।

কৃত্বা মূর্ত্তিপরিজ্ঞানং চৈতন্যস্য ন কিং গুরুঃ।
নির্বেবদসমতাযুক্ত্যা নিস্তারয়তি সংসৃতেঃ ॥ ৬।

গুরুঃ (তত্ত্বদর্শী গুরু) নির্ব্বেদ (বৈরাগ্য) [ও] সমতা (সাম্যে স্থিতি বিষয়ক) যুক্ত্যা (যুক্তি দ্বারা) চৈতন্যস্য (চৈতন্যস্বরূপ আত্মার) মূর্ত্তি (স্বরূপ) পরিজ্ঞানং কৃত্বা (সম্যক্‌রূপে দেখাইয়া) [শিষ্যকে] সংসৃতেঃ (সংসারসমুদ্র হইতে) কিং ন নিস্তারয়তি (উদ্ধার করিতে কি বিরত হন্) ? ৬।

আত্মরূপ দেখাইয়া বৈরাগ্য-সংযুত
করিয়া, তারিতে শিষ্যে গুরু কি বিরত ? ৬।

পশ্য ভূতবিকারাংস্ত্বং ভূতমাত্রান্ যথার্থতঃ।
তৎক্ষণাদ্বন্ধনির্মুক্তঃ স্বরূপস্থো ভবিষ্যসি ॥ ৭।

ত্বং (তুমি) ভূতবিকারান্ (শরীর ও ইন্দ্রিয়াদি পাঞ্চভৌতিক কার্য্যগুলি) যথার্থতঃ (স্বরূপতঃ) ভূতমাত্রান্ (পঞ্চভূত বলিয়াই) পশ্য (অবগত হও); [তাহা হইলে] তৎক্ষণাৎ (তখনই) [তুমি] বন্ধনির্মুক্তঃ (শরীরাভিমানরূপ বন্ধন হইতে বিমুক্ত হইয়া) স্বরূপস্থঃ (চৈতন্যমাত্রে অবস্থিত) ভবিষ্যসি (হইবে)। ৭।

ভূতের বিষয় দেখ ভূতের বিকার।
স্বরূপে থাকিয়া দ্বন্দ্বমুক্ত কর সার ॥ ৭।

বাসনা এব সংসার ইতি সর্ব্বা বিমুঞ্চ তাঃ।
তত্ত্যাগো বাসনাত্যাগাৎ স্থিতিরদ্য যথাতথা ॥ ৮।

ইতি নির্ব্বেদাষ্টকং নাম নবমপ্রকরণম্।

বাসনা এব (বাসনাই) সংসারঃ (সংসারের হেতু) ইতি (অতএব) তাঃ সর্ব্বাঃ (বাসনাসমূহ) বিমুঞ্চ (ত্যাগ কর); [তাহা হইলে] অদ্য (আজই) [তোমার] যথা তথা (যে স্থানেই) স্থিতিঃ (অবস্থিতি) ভবতু (হউক), বাসনাত্যাগাৎ (বাসনাত্যাগমাত্রেই) তত্ত্যাগঃ (সংসার ত্যাগ করা) [ভবিষ্যতি] (হইবে) [গৃহত্যাগমাত্রেই সংসার ত্যাগ করা হয় না]। ৮।

বাসনা সংসার হেতু বাসনা ত্যজিলে।
হইবে সংসার ত্যাগ যথেচ্ছ থাকিলে ॥ ৮।

ইতি বৈরাগ্যাষ্টক নামক নবম প্রকরণ।

— —

দশমপ্রকরণম্।

বিহায় বৈরিণং কামমর্থঞ্চানর্থসঙ্কুলং।
ধর্ম্মমপ্যেতয়োর্হেতুং সর্ব্বত্রানাদরং কুরু ॥ ১।

বৈরিণং (জ্ঞানের শত্রু) কামং (ভোগকামনা) চ (এবং) অনর্থ-সঙ্কুলং অর্থং (বহুল ক্লেশলভ্য বাহ্য বিষয়), এতয়োঃ (কাম ও অর্থের) হেতুং (হেতুভূত) ধর্ম্মমপি (ধর্ম্মও) বিহায় (পরিত্যাগ করিয়া) সর্ব্বত্র (সমস্ত বিষয়েই) অনাদরং (অনাস্থা) কুরু (কর)। ১।

ত্যজ শত্রু কাম অর্থ অকল্যাণ কর।
কামার্থপ্রাপক ধর্ম্মে কর অনাদর ॥ ১।

স্বপ্নেন্দ্রজালবৎ পশ্য দিনানি ত্রীণি পঞ্চ বা।
মিত্রক্ষেত্রধনাগারদারদায়াদিসম্পদঃ ॥ ২।

[ত্বং—তুমি] পঞ্চ (পাঁচ) বা (অথবা) ত্রীনি (তিন) দিনানি (দিন) [ব্যাপ্য স্থিতাঃ—ব্যাপিয়া অবস্থিত] মিত্র (বন্ধু), ক্ষেত্র (ভূসম্পত্তি), ধনাগার (ধনভাণ্ডার), দার (পত্নী) [ও] দায়াদি (জ্ঞাতি প্রভৃতি) সম্পদঃ (ঐশ্বর্য্য) স্বপ্ন-ইন্দ্রজালবৎ (স্বপ্ন ও ইন্দ্রজালের ন্যায়) [মিথ্যা—অলীকরূপে] পশ্য (অবগত হও)। ২।

মিত্র, ক্ষেত্র, ধন, দারা পুত্রাদি বিষয়।
দুদিনের জন্য স্বপ্ন ইন্দ্রজালময় ॥ ২।

যত্র যত্র ভবেৎ তৃষ্ণা সংসারং বিদ্ধি তং তদা।
প্রৌঢ়বৈরাগ্যমাস্থায় বীততৃষ্ণঃ সুখী ভব ॥ ৩।

[যদা—যখন] যত্র যত্র (যে যে বিষয়ে) তৃষ্ণা (কামনা) ভবেৎ (জন্মিয়া থাকে), তদা (তখন) তং (কামনার বিষয়ীভূত সেই বস্তুকেই) সংসারং (সংসার) [বলিয়া] বিদ্ধি (জান)। [বিষয়ে] প্রৌঢ়বৈরাগ্যং (দৃঢ় বৈরাগ্য) আস্থায় (অবলম্বন করিয়া) বীততৃষ্ণঃ [সন্] (আসক্তিশূন্য হইয়া) সুখী (শান্তিসুখে সুখী) ভব (হও)। ৩।

যাহাতে কামনা তা'ই জানিবে সংসার।
প্রগাঢ় বৈরাগ্যে কর স্পৃহা পরিহার ॥ ৩।

তৃষ্ণামাত্রাত্মকো বন্ধস্তন্নাশো মোক্ষ উচ্যতে।
ভবাসংসক্তিমাত্রেণ প্রাপ্তুতুষ্টির্মুহুর্মুহুঃ ॥ ৪।

বন্ধঃ (বন্ধন) তৃষ্ণামাত্রাত্মকঃ (বাসনা) [ব্যতীত কিছুই নহে], তন্নাশঃ (বাসনার আত্যন্তিক বিলয়ই) মোক্ষঃ (মুক্তি) [নামে] উচ্যতে (অভিহিত হয়)। অসংসক্তিমাত্রেণ (বিষয়ে অনাসক্তিমাত্রে) মুহুর্মুহুঃ (সর্ব্বদা) প্রাপ্তুতুষ্টিঃ ভব (অনুত্তম সুখ প্রাপ্ত হও)। ৪।

যাহে তৃষ্ণা তা'ই বন্ধ, মোক্ষ নাশে ত'ার।
ভোগাসক্তি-ত্যাগমাত্রে আনন্দ অপার ॥ ৪ ।

ত্বমেকশ্চেতনঃ শুদ্ধো জড়ং বিশ্বমসৎ তথা।
অবিদ্যাপি ন কিঞ্চিৎ সা কা বুভুৎসা তথাপি তে ॥ ৫।

ত্বং (তুমি) একঃ (অখণ্ড) শুদ্ধঃ (অবিনাশী) চেতনঃ (চৈতন্যস্বরূপ জ্ঞাতা), বিশ্বং (বিনাশশীল বিশ্ব) জড়ং (জ্ঞেয়স্বরূপে প্রকাশ পায় বলিয়া অচেতন) তথা (ও) অসৎ (জ্ঞাতা চৈতন্যের সম্পর্ক ছাড়িয়া দিলে বিশ্ব শশকশৃঙ্গের ন্যায় কোন কালেই নাই এইরূপে প্রতীয়মান হয় বলিয়া অসৎ

বা অলীক)। সা অবিদ্যা (জীবভাবের উপাদানভূত অবিদ্যা) অপি (ও) ন কিঞ্চিৎ (অসৎ বা কিছুই নহে), তথাপি (তবুও) তে (তোমার) কা বুভুৎসা (কি বিষয় ভোগ করিতে ইচ্ছা হয়)? ৫।

বিশুদ্ধ চৈতন্য তুমি, বিশ্বানিত্য জড়।
তুচ্ছ সে অবিদ্যা, তাহে ভোগাসক্তি ছাড়॥ ৫।

রাজ্যং সুতাঃ কলত্রাণি শরীরাণি ধনানি চ।
সংসক্তস্যাপি নষ্টানি তব জন্মনি জন্মনি॥ ৬।

জন্মনি জন্মনি (জন্ম-জন্মান্তর ব্যাপিয়া) [রাজ্যাদিতে] সংসক্তস্য-অপি (সম্যকরূপে আসক্ত থাকিলেও) তব (তোমার) রাজ্যং (রাজ্য), সুতাঃ (পুত্র), কলত্রাণি (পত্নী), শরীরাণি (শরীরসমূহ) চ (এবং) ধনানি (ধনরাশি) নষ্টানি (নষ্ট হইয়া গিয়াছে অর্থাৎ তাহারা সকলে তোমার আসক্তির পাশ কাটিয়া চলিয়া গিয়াছে, তুমি কিন্তু এখনও আসক্তির পাশ কাটিতে পার নাই)। ৬।

রাজ্য, সুত, ধন, দারা আর এ শরীরে।
জন্মজন্মাসক্ত, কিন্তু নষ্ট বারে বারে॥ ৬।

অলমর্থেন কামেন সুকৃতেনাপি কর্ম্মনা।
এভিঃ সংসারকান্তারে ন বিশ্রান্তমভূন্মনঃ॥ ৭।

অর্থেন (বিষয়), কামেন (ভোগেচ্ছা), সুকৃতেন (পুণ্য) কর্ম্মনা অপি (কর্ম্মেরও) অলং (প্রয়োজন নাই), [কারণ] এভিঃ (ইহাদের জন্য) সংসারকান্তারে (সংসাররূপ মহারণ্যে) [ভ্রমণকারী] মনঃ (মন) বিশ্রান্তং ন অভূৎ (আত্মায় বিশ্রামলাভ করিতে পারিল না)। ৭।

কাম, অর্থ, শুভকর্ম্ম করি' বারে বারে।
কভু না পাইলে শান্তি সংসার-কান্তারে॥ ৭।

কৃতং ন কতি জন্মানি কায়েন মনসা গিরা।
দুঃখমায়াসদং কর্ম্ম তদদ্যাপ্যুপরম্যতাম্॥ ৮।

ইত্যুপশমাষ্টকং নাম দশমপ্রকরণম্।

[আমি] কতি জন্মানি (কত জন্মজন্মান্তরে) কায়েন (শরীর) মনসা (মন) [ও] গিরা (বাক্য-দ্বারা) আয়াসদং (কষ্টদায়ক) [সুতরাং] দুঃখং (দুঃখময়) [কিং—কি কর্ম্মই] ন কৃতং (না করিয়াছি) ? অদ্যাপি (এখনও) তৎ (তাহারা) উপরম্যতাং (ফলোৎপাদনে বিরত হউক) [তাহা হইলেও শান্তিলাভ করিতে পারি]। ৮।

কায়মনোবাক্যে কর্ম্ম, কত জন্ম করি'।
লভিলে যন্ত্রণা, এবে লহ শান্তিবারি॥ ৮।

ইতি উপশমাষ্টক নামক দশম প্রকরণ।

———

একাদশপ্রকরণম্।

গুরুরাহ।

ভাবাভাববিকারাশ্চ স্বভাবাদিতি নিশ্চয়ী।
নির্ব্বিকারো গতক্লেশঃ সুখেনৈবোপশাম্যতি ॥ ১।

গুরু বলিলেন।

ভাব (দেহেন্দ্রিয়াদির আবির্ভাব), অভাব (উহাদের তিরোভাবরূপ) বিকারাঃ (কার্য্যসমূহ) স্বভাবাচ্চ (আত্মার ভাব বা স্বরূপ হইতেই প্রকাশ পায়) ইতি (এইরূপ) নিশ্চয়ী (নিশ্চয়জ্ঞানসম্পন্ন), গতক্লেশঃ (অবিদ্যাদি ক্লেশশূন্য), নির্ব্বিকারঃ (ক্রোধাদিবিকাররহিত ব্যক্তি) সুখেনৈব (অনায়াসেই) উপশাম্যতি (শান্তিলাভ করেন)। ১।

স্বভাব সঞ্জাত ভাব, অভাব বিকার।
অক্লেশে লভেন শান্তি এই জ্ঞান যাঁ'র ॥ ১।

ঈশ্বরঃ সর্ব্বনির্ম্মাতা নেহান্য ইতি নিশ্চয়ী।
অন্তর্গলিতসর্ব্বাশঃ শান্তঃ ক্বাপি ন সজ্জতে ॥ ২।

ঈশ্বরঃ (পরমেশ্বর) সর্ব্বনির্ম্মাতা (সকলের স্রষ্টা), ইহ (জগতে) অন্যঃ (অন্য দ্বিতীয় স্রষ্টা কেহ) ন (নাই) ইতি নিশ্চয়ী (এইরূপ নিশ্চয়-জ্ঞানসম্পন্ন), অন্তর্গলিতসর্ব্বাশঃ (নিঃস্পৃহ) [ও] শান্তঃ (ধীর ব্যক্তি) ক্ব অপি (কোনও বস্তুতেই) ন সজ্জতে (আসক্ত হন্ না)। ২।

নিখিল কারণ আত্মা, কিছু নাহি আর।
আশাসক্তি ত্যজি' শান্ত, এই জ্ঞান যাঁ'র ॥ ২।

আপদঃ সম্পদঃ কালে দৈবাদেবেতি নিশ্চয়ী।
তৃপ্তঃ স্বচ্ছেন্দ্রিয়ো নিত্যং ন বাঞ্ছতি ন শোচতি॥

কালে (সময়ে) আপদঃ (বিপৎ) সম্পদঃ (সম্পৎ) দৈবাদেব (অদৃষ্টক্রমেই) [ঘটে] ইতি নিশ্চয়ী (এইরূপ নিশ্চয়জ্ঞানসম্পন্ন) নিত্যং (সর্ব্বদা) তৃপ্তঃ (সন্তুষ্ট) স্বচ্ছেন্দ্রিয়ঃ (প্রসন্নচিত্ত ব্যক্তি) ন বাঞ্ছতি (বাঞ্ছা করেন না), ন শোচতি (শোকও করেন না)। ৩।

আপদ সম্পদ জানি' দৈবের ঘটন।
তৃপ্ত স্বচ্ছেন্দ্রিয়, নাই বাঞ্ছানুশোচন॥ ৩।

সুখদুঃখে জন্মমৃত্যূ দৈবাদেবেতি নিশ্চয়ী।
সাম্যদর্শী নিরায়াসঃ কুর্ব্বন্নপি ন লিপ্যতে॥ ৪।

সুখদুঃখে (সুখ দুঃখ) জন্মমৃত্যূ (জন্মমরণ) দৈবাদেব (ভাগ্যক্রমেই) [ঘটে] ইতি নিশ্চয়ী (এইরূপ নিশ্চয়জ্ঞানসম্পন্ন), সাম্যদশী (সিদ্ধি ও অসিদ্ধিতে সমবুদ্ধি), নিরায়াসঃ (অবিদ্যাদি বন্ধন হইতে মুক্ত ব্যক্তি) কুর্ব্বন্নপি (কর্ম্ম করিয়াও) [তাহার দ্বারা] ন লিপ্যতে (লিপ্ত হয়েন না) [যেহেতু তাঁহার কর্ম্ম বন্ধনের কারণ নহে]। ৪।

জন্ম, মৃত্যু, ভোগ, জানি দৈবের ঘটন।
করি কর্ম্ম, নহে লিপ্ত সমদর্শী জন॥ ৪।

চিন্তয়া জায়তে দুঃখং নান্যথেহেতি নিশ্চয়ী।
তয়া হীনঃ সুখী শান্তঃ সর্ব্বত্র গলিতস্পৃহঃ॥ ৫।

ইহ (এই জগতে) চিন্তয়া (চিন্তা দ্বারা) দুঃখং (দুঃখ) জায়তে (জন্মে), অন্যথা ন (অন্য প্রকারে জন্মে না) ইতি নিশ্চয়ী (এইরূপ নিশ্চয়-জ্ঞান-সম্পন্ন ব্যক্তিই) তয়া (চিন্তয়া---চিন্তা) হীনঃ (রহিত হইয়া)

সুখী শান্তঃ (সুখী ও ধীর) [এবং] সর্ব্বত্র (সর্ব্ববিষয়ে) গলিতস্পৃহঃ (বাসনাশূন্য) [ভবেৎ—হইয়া থাকেন]। ৫।

দুঃখের কারণ চিন্তা, কিছু নহে আর।
ত্যজি চিন্তা সুখী শান্ত, এই জ্ঞান যাঁর॥ ৫।

নাহং দেহো ন মে দেহো বোধোঽহমিতি নিশ্চয়ী।
কৈবল্যমিবসংপ্রাপ্তো ন স্মরত্যকৃতং কৃতম্॥ ৬।

অহং (আমি) দেহো (দেহ) ন (নহি), দেহ মে (দেহ আমার) ন (নহে), অহং (আমি) বোধঃ (চৈতন্যস্বরূপ) ইতি নিশ্চয়ী (এইরূপ নিশ্চয়জ্ঞানসম্পন্ন ব্যক্তিই) কৈবল্যং সংপ্রাপ্ত ইব (মুক্তের ন্যায়) কৃতং অকৃতং (যাহা বিধান করা হইয়াছে এরূপ কৃতকর্ম্ম ও যাহা বিধান করা হয় নাই এরূপ নিষিদ্ধ অকৃতকর্ম্মও) ন স্মরতি (স্মরণ করেন না) [অর্থাৎ কৃতাকৃত কর্ম্মদ্বারা বিচলিত হন না]। ৬।

নহি দেহ বোধরূপ, এই জ্ঞান যাঁ'র।
কৃতাকৃত চিন্তা ত্যজি কৈবল্যে বিহার॥ ৬।

আব্রহ্মস্তম্বপর্য্যন্তমহমেবেতি নিশ্চয়ী।
নির্ব্বিকল্পঃ শুচিঃ শান্তঃ প্রাপ্তাপ্রাপ্তসুনির্বৃতঃ॥

আব্রহ্মস্তম্বপর্য্যন্তম্ (ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া সূক্ষ্ম কীটবিশেষ পর্য্যন্ত) [বস্তু] অহমেব (আমিই) ইতি নিশ্চয়ী (এইরূপ নিশ্চয়জ্ঞান-সম্পন্ন পুরুষই) নির্ব্বিকল্পঃ (ভালমন্দরূপ বিরুদ্ধকল্পনারহিত), শুচিঃ (শুদ্ধচিত্ত), শান্তঃ (ধীর) [ও] প্রাপ্তাপ্রাপ্ত (প্রাপ্ত ও অপ্রাপ্ত বস্তুতে) সুনিবৃত্তঃ (সমভাবাপন্ন) [ভবেৎ—হইয়া থাকেন]। ৭।

ব্রহ্মাণ্ড ব্যাপিয়া আমি, এই জ্ঞান যাঁ'র।
কৃতাকৃতে অচঞ্চল, শান্ত, নির্ব্বিকার॥ ৭।

নানাশ্চর্য্যমিদং বিশ্বং ন কিঞ্চিদিতি নিশ্চয়ী।
নির্ব্বাসনঃ স্ফূর্ত্তিমাত্রো ন কিঞ্চিদিব শাম্যতি ॥ ৮।

ইতি জ্ঞানাষ্টকং নাম একাদশপ্রকরণম্।

নানাশ্চর্য্যং (বিচিত্র) ইদম্ (এই) বিশ্বং (বিশ্ব) কিঞ্চিৎ ন (কিছুই নয়) ইতি নিশ্চয়ী (এইরূপ নিশ্চয়জ্ঞানসম্পন্ন পুরুষ) নির্ব্বাসনঃ (বাসনাশূন্য হইয়া) স্ফূর্ত্তিমাত্রঃ (চৈতন্যস্বরূপমাত্রে অবস্থিত হইলে) ন কিঞ্চিদিব (আকাশকুসুমকল্প অকিঞ্চিৎকর বা তুচ্ছ-জগৎ-ভ্রান্তির ন্যায়) শাম্যতি (তাঁহার জীবভাব শান্ত হয়) ৮।

নানাশ্চর্য্যময় বিশ্ব, জানি কিছু নয়।
নিষ্কাম প্রকাশমাত্র, শান্ত নিরাময় ॥ ৮।

ইতি জ্ঞানাষ্টক নামক একাদশ প্রকরণ।

দ্বাদশপ্রকরণম্।

জনক আহ।

কায়কৃত্যাসহঃ পূর্ব্বং ততো বাগ্বিস্তরাসহঃ।
অথ চিন্তাসহস্তস্মাদেবমেবাহমাস্থিতঃ ॥ ১

জনক বলিলেন।

পূর্ব্বং (সৃষ্টির পূর্ব্ব অবস্থায় যখন আমি সত্তামাত্রে অবস্থিত ছিলাম তখন) কায়কৃত্যাসহঃ [আসম্] (কায়িক কর্ম্মকরণে অক্ষম ছিলাম কারণ তখন শরীর ছিল না অর্থাৎ শরীর হইতে ভিন্ন ছিলাম), ততঃ (অতএব) বাগ্বি-স্তরা সহঃ [আসম্] (বাগাদি ইন্দ্রিয়গণ দ্বারাও কার্য্যকরণে অক্ষম ছিলাম, কারণ শরীর ইন্দ্রিয়গণের অধিষ্ঠান, উহা না থাকিলে ইন্দ্রিয়গণের প্রত্যক্ষাদি ব্যাপার হওয়া সম্ভবপর নয়, অতএব বাগাদি ইন্দ্রিয় হইতেও ভিন্ন ছিলাম), তস্মাৎ অথ (ইন্দ্রিয়গণের দ্বারা বিষয়গ্রহণাদি কার্য্যের অভাব হইলে) চিন্তাসহঃ [আসম্] (আমি মনদ্বারা চিন্তাকরণে অক্ষম ছিলাম কারণ যাহা ইন্দ্রিয়গোচর, মন তাহারই চিন্তা করিতে সক্ষম নতুবা নহে, অতএব আমি চিন্তা হইতেও ভিন্ন ছিলাম), [এখনও] অহং (আমি) এবমেব (এইরূপেই অর্থাৎ শরীরাদি হইতে ভিন্ন রূপেই) আস্থিতঃ (অবস্থিত) [রহিয়াছি]। ১।

শরীর সহিত পূর্ব্বে, বাক্যসহ পরে।
শেষে চিন্তাসহ ভিন্ন, আছি এ প্রকারে ॥ ১।

প্রীত্যভাবেন শব্দাদেরদৃশ্যত্বেন চাত্মনঃ।
বিক্ষেপৈকাগ্রহৃদয় এবমেবাহমাস্থিতঃ॥ ২।

শব্দাদেঃ (শব্দ-স্পর্শাদি বিষয়ে) প্রীত্যভাবেন (আসক্তি নাই) চ (এবং) আত্মনঃ অদৃশ্যত্বেন (আত্মাও অদৃশ্য) [অতএব] বিক্ষেপৈকাগ্রহৃদয়ঃ (ত্যক্তৈকাগ্রহৃদয়ঃ—চিত্তের একাগ্রতাও ত্যাগ করিয়া) অহং (আমি) এবমেব (এই প্রকারেই অর্থাৎ স্ব—স্বরূপেই) আস্থিতঃ (অবস্থিত রহিয়াছি। ২।

আত্মা অদৃশ্য, নাই শব্দস্পর্শে প্রীতি।
ত্যজি একাগ্রতা এবে এইরূপে স্থিতি॥ ২।

মমাধ্যাসাদি-বিক্ষিপ্তৌ ব্যবহারঃ সমাধয়ে।
এবং বিলোক্য নিয়মমেবমেবাহমাস্থিতঃ॥ ৩।

মম (আমার) অধ্যাসাদি (জড়ীভূত দেহেন্দ্রিয়াদির সহিত একাত্মতা-বুদ্ধি) [ও] বিক্ষিপ্তৌ (উহাদের সহিত আমার প্রভেদকল্পনা) সমাধয়ে ব্যবহারঃ ভবতি (সমাধির জন্য ব্যবহৃত হয়) এবং (এইরূপ) নিয়মং (ব্যবস্থা) বিলোক্য (দেখিয়া) [এখনও] এবমেব (এই প্রকারেই অর্থাৎ সাক্ষীস্বরূপেই) আস্থিতঃ (অবস্থিত রহিয়াছি)। ৩।

অধ্যাস বিক্ষেপ হয় সমাধি-আচারে।
দেখি সে নিয়ম, আমি আছি এ প্রকারে॥ ৩।

হেয়োপাদেয়বিরহাদেবং হর্ষবিষাদয়োঃ।
অভাবাদদ্য হে ব্রহ্মন্নেবমেবাহমাস্থিতঃ॥ ৪।

হে ব্রহ্মন্ (গুরো)! হেয় (ত্যাজ্য) [ও] উপাদেয় (গ্রাহ্য বস্তু) বিরহাৎ (নাই বলিয়া) এবং (এই প্রকার) হর্ষবিষাদয়োঃ অভাবাৎ

(হর্ষ ও বিষাদও নাই বলিয়া) অদ্য (এক্ষণেও) অহম্ (আমি) এবমেব (এই প্রকারেই অর্থাৎ নির্লিপ্ত সাক্ষী-স্বরূপেই) আস্থিতঃ (অবস্থিত রহিয়াছি)। ৪।

প্রিয়াপ্রিয় নাই, হর্ষ-বিষাদ অভাব।
এবে গুরো! এই মম অভাবের ভাব॥ ৪।

আশ্রমানাশ্রমং ধ্যানং চিত্তস্বীকৃত বর্জ্জনম্।
বিকল্পং মম-বীক্ষ্যৈতৈরেবমেবাহমাস্থিতঃ॥ ৫।

আশ্রমানাশ্রমং (আশ্রম, অনাশ্রম), ধ্যানং (চিন্তা), চিত্তস্বীকৃত-বর্জ্জনং (চিত্তের বিষয়গ্রহণ ও ত্যাগ) এতৈঃ (ইহাদের দ্বারা) মম (আমার) বিকল্পং (কল্পিত প্রভেদ) বীক্ষ্য (দেখিয়া) অহং (আমি) [এক্ষণেও] এবমেব (এই প্রকারেই অর্থাৎ নির্ব্বিকল্প-স্বরূপেই) আস্থিতঃ (অবস্থিত রহিয়াছি)। ৫।

মনের গ্রহণ ত্যাগে, যোগ্যাযোগ্যাশ্রম।
বিচারে, বিকল্প দেখি স্থিতি এই মম॥ ৫।

কর্ম্মানুষ্ঠানমজ্ঞানাং তথৈবোপরমস্তথা।
বুদ্ধ্বা সম্যগিদং তত্ত্বমেবমেবাহমাস্থিতঃ॥ ৬।

অজ্ঞানাং (অহং কর্ত্তা এই অভিমানরূপ অজ্ঞানপাশবদ্ধ ব্যক্তি-কর্ত্তৃক) কর্ম্মানুষ্ঠানং (কর্ম্ম অনুষ্ঠিত হয়), তথা (এবং) তথৈব (ঐরূপ অভিমানবশতই) উপরমঃ (কর্ম্মে বিরতি জন্মিয়া থাকে), ইদং তত্ত্বং (এই তত্ত্ব) সম্যগ্‌বুদ্ধ্বা (প্রত্যক্ষতঃ জানিয়া) এবমেব (এইরূপেই অর্থাৎ অহংভাবশূন্য হইয়া) আস্থিতঃ (অবস্থান করিতেছি)। ৬।

কর্ম্ম অনুষ্ঠান তথা কর্ম্মেতে বিরতি।
অজ্ঞানজনিত দুই, বুঝি এই স্থিতি॥ ৬।

অচিন্ত্যং চিন্ত্যমানোঽপি চিন্তারূপং ভজত্যসৌ।
ত্যক্ত্বা তদ্ভাবনং তস্মাদেবমেবাহমাস্থিতঃ॥ ৭।

অসৌ (জীব) অচিন্ত্যং (চিন্তাশক্তির অগোচর ব্রহ্মকে) চিন্ত্য-মানোঽপি (চিন্তা করিলেও ব্রহ্মাকারাকারিত চিত্তবৃত্তি ও চিন্তা বিশেষ বলিয়া) চিন্তারূপং (চিন্তারই) ভজতি (আশ্রয় গ্রহণ করে অর্থাৎ চিন্তাই করে) তস্মাৎ (অতএব) তদ্ভাবনং (ব্রহ্মচিন্তাও) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) অহং (আমি) [এখনও] এবমেব (এই প্রকারেই অর্থাৎ নিরীহ অবস্থায়) আস্থিতঃ (অবস্থিত রহিয়াছি)। ৭।

অচিন্ত্য ব্রহ্মচিন্তনে চিন্তার ভজন।
অতএব আছি আমি ত্যজি সে চিন্তন॥ ৭।

এবমেব কৃতং যেন স কৃতার্থো ভবেদসৌ।
এবমেব স্বভাবো যঃ স কৃতার্থো ভবেদসৌ॥ ৮।

ইত্যেবমেবাষ্টকং নাম দ্বাদশপ্রকরণম্।

যেন (যিনি) এবমেব (এইরূপ) কৃতং (জ্ঞানাদি অর্জ্জন করেন) সোঽসৌ (সেই লোক) কৃতার্থো ভবেৎ (চরিতার্থ হয়)। যঃ (যিনি) এবমেব স্বভাবঃ (এইরূপ স্বভাবসম্পন্ন বিবেকী) সোঽসৌ (সেইব্যক্তিই) কৃতার্থো ভবেৎ (চরিতার্থ বা জীবন্মুক্ত হন্)। ৮।

এইরূপ জ্ঞান কর্ম্ম স্বভাব যাঁহার।
সেই সে কৃতার্থ গুরো! বুঝি আমি সার॥ ৮।

ইতি এবমেবাষ্টক নামক দ্বাদশ প্রকরণ।

———

ত্রয়োদশপ্রকরণম্ ।

পুনঃ শিষ্যঃ ।

অকিঞ্চনভবং স্বাস্থ্যং কৌপীনত্বেঽপি দুর্লভম্ ।
ত্যাগাদানে বিহায়াস্মাদহমাসে যথাসুখম্ ॥ ১ ।

পুনরায় শিষ্য কহিলেন ।

অকিঞ্চন (বৈরাগ্য) ভবং (সম্ভূত) স্বাস্থ্যং (বিশ্রাম সুখ) কৌপীনত্বেঽপি (কোপীনধারী ত্যাগীগণেরও) দুর্লভং (দুষ্প্রাপ্য), অস্মাৎ (অতএব) ত্যাগাদানে (ত্যাগ ও গ্রহণ) বিহায় (পরিত্যাগ করিয়া) অহং (আমি) যথাসুখং (অকিঞ্চন সাধুগণলভ্য সুখে) আসে (অবস্থান করিতেছি)। ১ ।

অকিঞ্চন-শান্ত-সুখ কৌপীনে কোথায় ।
ত্যজি ত্যাগগ্রহ, সুখে আছি নিরাময় ॥ ১ ।

কুত্রাপি খেদঃ কায়স্য জিহ্বা কুত্রাপি খিদ্যতে ।
মনঃ কুত্রাপি তত্ত্যক্ত্বা পুরুষার্থে স্থিতঃ সুখম্ ॥ ২ ।

কুত্রাপি (কোথাও) কায়স্য (শরীরের) খেদঃ (ক্লেশ) কুত্রাপি (কোথাও) জিহ্বা (রসনা) খিদ্যতে (খিন্ন), কুত্রাপি (কোনও বিষয়ে) মনঃ (অন্তঃকরণ) [খিদ্যতে—খিন্ন হয়] তৎ (সে সকল) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) [আমি] পুরুষার্থে (মোক্ষ পদবীতে) সুখং (সুখে) স্থিতঃ (অবস্থান করিতেছি)। ২ ।

রসনা, শরীর, মন সতত ক্ষুভিত।
ত্যজি তদাসক্তি সুখে পুরুষার্থে স্থিত ॥ ২।

কৃতং কিমপি নৈবস্যাদিতি সঞ্চিন্ত্য তত্ত্বতঃ।
যদা যৎ কর্ত্তুমায়াতি তৎকৃত্বাসে যথাসুখম্ ॥ ৩।

[আত্মার দ্বারা] কিমপি (কিছুই) কৃতং (করা) ন এব স্যাং (হয় না) ইতি (ইহা) তত্ত্বতঃ (বাস্তবিকরূপে) সঞ্চিন্ত্য (বুঝিয়া) যদা (যখন) যৎ (যে কর্ম্ম) কর্ত্তুং (করিবার জন্য) আয়াতি (উপস্থিত হয়) [তদা—তখন] তৎ কৃত্বা (তাহাই করিয়া) যথাসুখম্ (নির্ব্বাণ সুখে) আসে (অবস্থান করিতেছি)। ৩।

বুঝি তত্ত্ব, কোন কর্ম্ম আত্মকৃত নয়।
করিবার যাহা করি সদানন্দময় ॥ ৩।

কর্ম্ম-নৈষ্কর্ম্ম্য-নির্ব্বন্ধভাবা দেহস্থ যোগিনঃ।
সংযোগাযোগবিরহাদহমাসে যথা সুখম্ ॥ ৪।

দেহস্থ (দেহেষু অহম্বুদ্ধ্যা তিষ্ঠন্তি ইতি দেহস্থাঃ—দেহাভিমানবিশিষ্ট) যোগিনঃ (যোগিগণই) কর্ম্ম (কর্ম্মযোগ) [ও] নৈষ্কর্ম্ম্য (জ্ঞানযোগের) নির্ব্বন্ধ (গ্রহণে) ভাবা (ইচ্ছুক) [ভবন্তি—হইয়া থাকেন]। [নির্লিপ্ত বলিয়া আমার দেহেন্দ্রিয়াদির সহিত] সংযোগাযোগ (সংযোগ ও বিয়োগ) বিরহাৎ (নাই), [অতএব] অহং (আমি) যথাসুখং (আত্মসুখে) আসে (অবস্থান করিতেছি)। ৪।

হঠযোগী বদ্ধ কর্ম্মাকর্ম্মে সঙ্গজন্য।
সঙ্গযোগাভাবে আমি আত্মানন্দে ধন্য ॥ ৪।

অর্থানর্থৌ ন মে স্থিত্যা গত্যা বা শয়নেন বা।
তিষ্ঠন্ গচ্ছন্ স্বপন্ তস্মাদহমাসে যথাসুখম্॥ ৫।

স্থিত্যা (অবস্থানে), গত্যা (গমনে) বা (ও) শয়নেন (শয়নে) মে (আমার) অর্থ অনর্থ (ভালমন্দ ভাব) ন (নাই); তস্মাৎ (অতএব) অহং (আমি) তিষ্ঠন্ (অবস্থান কালে) গচ্ছন্ (গমন কালে) [ও] স্বপন্ (স্বপ্নকালেও) যথাসুখং আসে (অদ্বৈতসুখে অবস্থান করিতেছি)। ৫।

ইষ্টানিষ্ট নাই মম শয়নে গমনে।
স্থিতি, গতি, নিদ্রা সাধি, সদানন্দ প্রাণে॥ ৫।

স্বপতো নাস্তি মে হানিঃ সিদ্ধির্যত্নবতো ন বা।
নাশোল্লাসৌ বিহায়াস্মাদহমাসে যথাসুখম্॥ ৬।

স্বপতো (নিদ্র যাইলেও) মে (আমার) হানিঃ ন (ক্ষতি হয় না) বা (অথবা) যত্নবতো (কর্ম্মে যত্নবান হইলেও) মে (আমার) সিদ্ধিঃ (ফলপ্রাপ্তিও) ন (হয় না); অস্মাৎ (অতএব) নাশ (ক্ষতি) উল্লাসৌ (বৃদ্ধি) বিহায় (ত্যাগ করিয়া) অহং (আমি) [এক্ষণে] যথাসুখং (অব্যয় সুখে) আসে (অবস্থান করিতেছি)। ৬।

সিদ্ধিলাভে যত্ন নাই, ক্ষতি কি নিদ্রায়।
বিষাদ উল্লাস নাই সুখশান্তিময়॥ ৬।

সুখাদিরূপানিয়মং ভাবেষ্বালোক্য ভূরিশঃ।
শুভাশুভে বিহায়াস্মাদহমাসে যথাসুখম্॥ ৭।

ইতি যথাসুখসপ্তকং নাম ত্রয়োদশপ্রকরণম্।

ভাবেষু (জাগতিক ভাবের মধ্যে) ভূরিশঃ সুখাদিরূপানিয়মং (সুখ, দুঃখ, মোহ প্রভৃতি বহুবিধ অস্থির ভাব) আলোক্য (দেখিয়া) শুভাশুভে (ভাল মন্দ উভয়ই) বিহায় (ত্যাগ করিয়া) অহং (আমি) যথাসুখং (গুণাতীত সুখে) আসে (অবস্থান করিতেছি)। ৭।

সংসারে কতই সুখ দুঃখ অনিয়ম।
সুখে আছি শুভাশুভ দিয়া বিসর্জ্জন॥ ৭।

ইতি যথাসুখসপ্তক নামক ত্রয়োদশ প্রকরণ।

চতুর্দ্দশপ্রকরণম্।

শিষ্যেণ পুনরুচ্যতে।

প্রকৃত্যা শূন্যচিত্তো যঃ প্রমাদাদ্ভাবভাবনঃ।
নিদ্রিতো বোধিত ইব ক্ষীণসংসরণো হি সঃ॥ ১।

শিষ্য পুনরায় বলিতেছেন।

যঃ (যিনি) প্রকৃত্যা (স্বভাবতঃ) শূন্যচিত্তঃ (জাগতিক ভাবশূন্য), [যদি] প্রমাদাৎ (অনবধানতা প্রযুক্ত) [কদাচিৎ—কোনও সময়ে] ভাবভাবনঃ (জগৎভাবে ভাবিত হন), হি (নিশ্চয়) সঃ (তিনি) নিদ্রিতবোধিত ইব (সুপ্তোত্থিত ব্যক্তির স্বপ্নদৃষ্ট বস্তুর ন্যায়) ক্ষীণ-সংসরণঃ (জগৎ মিথ্যারূপে অনুভব করেন)। ১।

ভ্রান্ত জীবভাব জ্ঞানে বিনষ্ট যাঁহার।
নিদ্রোত্থিতসম আলুথালু বৃত্তি তাঁর॥ ১।

ক্ব ধনানি ক্ব মিত্রানি ক্ব মে বিষয়দস্যবঃ।
ক্ব শাস্ত্রং ক্ব চ বিজ্ঞানং যদা মে গলিতা স্পৃহা॥ ২।

যদা (যখন) মে (আমার) স্পৃহা (সমগ্র বিষয়বাসনা) গলিতা (চিত্ত হইতে চলিয়া গিয়াছে) [তখন] মে (আমার) ধনানি (ধন) ক্ব (কোথায়), মিত্রানি ক্ব (মিত্র কোথায়), বিষয়দস্যবঃ ক্ব (মনের একাগ্রতা হরণকারী শব্দাদি বিষয় সমূহ কোথায়), শাস্ত্রং ক্ব (শাস্ত্র কোথায়) চ (এবং) বিজ্ঞানং ক্ব (নিশ্চয়-জ্ঞানই বা কোথায়) [নিস্পৃহ উদাসীন পুরুষের চক্ষে জ্ঞান বিজ্ঞান বিধিনিষেধ প্রভৃতি কিছুই নাই]। ২।

শাস্ত্র, জ্ঞান, ধন, মিত্র, বিষয়তস্কর।
স্পৃহা না থাকিলে সব অকিঞ্চিৎকর॥ ২।

বিজ্ঞাতে সাক্ষিপুরুষে পরমাত্মনি চেশ্বরে।
নৈরাশ্যে বন্ধমোক্ষে চ ন চিন্তা মুক্তয়ে মম॥ ৩।

সাক্ষিপুরুষে (সর্ব্বসাক্ষী) পরমাত্মনি ঈশ্বরে (পরমেশ্বরকে) বিজ্ঞাতে এব (নিশ্চয়রূপে জ্ঞাত হইবার পরে) [আমার আর] মুক্তয়ে (মুক্তির জন্য), নৈরাশ্যে (বাসনাত্যাগে) চ (এবং) বন্ধমোক্ষে (বন্ধন ও মুক্তির পার্থক্যবিচারবিষয়ে) চিন্তা ন (চিন্তা নাই)। ৩।

পরম ঈশ্বর আত্মা সাক্ষীরূপে জানি।
আশানাশে মুক্তিলাভে কিছুই না গনি॥ ৩।

অন্তর্বিবকল্পশূন্যস্য বহিঃ স্বচ্ছন্দচারিণঃ।
ভ্রান্তস্যেব দশাস্তাস্তাস্তাদৃশা এব জানতে॥ ৪।

ইতি শান্তিচতুষ্কং নাম চতুর্দ্দশপ্রকরণম্।

অন্তর্ব্বিকল্পশূন্যস্য (অন্তরে সর্ব্ববিধ কল্পনাশূন্য) বহিঃ (বাহিরে) স্বচ্ছন্দচারিণঃ (স্বেচ্ছায় বিচরণকারী জীবন্মুক্ত ব্যক্তির) ভ্রান্তস্যেব তাস্তা দশাঃ (ভ্রান্ত ব্যক্তির ন্যায় ব্যবহারিক কার্য্যগুলি) তাদৃশা এব (তাদৃশ জীবন্মুক্ত ব্যক্তিগণই) [উহা ভ্রমকৃত বলিয়া] জানতে (জানিয়া থাকেন)॥ ৪।

অন্তর্ব্বিকল্পশূন্য স্বচ্ছন্দবিহারী।
জানেন সকলি, কার্য্য ভ্রান্তসম করি॥ ৪।

ইতি শান্তিচতুষ্ক নামক চতুর্দ্দশ প্রকরণ।

পঞ্চদশপ্রকরণম্ ।

গুরুণোচ্যতে ।

যথাতথোপদেশেন কৃতার্থঃ সত্ত্ববুদ্ধিমান্ ।
আজীবমপি জিজ্ঞাসুঃ পরস্তত্র বিমুহ্যতি ॥ ১ ।

গুরু কহিলেন ।

সত্ত্ববুদ্ধিমান্ (মেধাবী) যথাতথোপদেশেন (যথাযথ উপদেশ দ্বারা) কৃতার্থঃ (চরিতার্থ) [ভবেৎ—হইয়া থাকেন], পরঃ (অন্য অর্থাৎ মলিন-বুদ্ধিসম্পন্ন ব্যক্তি) আজীবং (জীবনকাল ব্যাপিয়া) জিজ্ঞাসুঃ অপি (জানিতে ইচ্ছা করিলেও) তত্র (তত্ত্বজ্ঞানবিষয়ে) বিমুহ্যতি (মোহপ্রাপ্ত হয় অর্থাৎ বুঝিতে পারে না)। ১ ।

সত্ত্ববুদ্ধিমান্ তৃপ্ত সর্ব্ব উপদেশে ।
আজীবন শুনি তত্ত্ব, মূঢ় ভ্রান্তিবশে ॥ ১ ।

মোক্ষো বিষয়বৈরস্যং বন্ধো বৈষয়িকোরসঃ ।
এতাবদেব বিজ্ঞানং যথেচ্ছসি তথা কুরু ॥ ২ ।

বিষয়বৈরস্যং (বিষয়ে বৈরাগ্যই) মোক্ষঃ (মুক্তি), বৈষয়িকঃ রসঃ (বিষয়ানন্দই) বন্ধঃ (বন্ধন), এতাবদেব (এই পর্য্যন্তই) বিজ্ঞানং (জ্ঞানের চরম উৎকর্ষ) [বুঝিয়া] যথেচ্ছসি (যাহা ইচ্ছা হয়) তথা কুরু (তাহাই কর)। ২ ।

বিষয়ে বিরক্তি মোক্ষ, আসক্তি বন্ধন ।
যাহা ইচ্ছা কর, রাখি ইহারে স্মরণ ॥ ২ ।

বাগ্মিপ্রাজ্ঞমহোদ্যোগং জনং মূকং জড়ালসম্।
করোতি তত্ত্ববোধোঽয়মতস্ত্যক্তো বুভুক্ষুভিঃ ॥ ৩।

অয়ং তত্ত্ববোধঃ (উপর্য্যুক্ত তত্ত্বজ্ঞান) বাগ্মি, (বাক্যপটু)-প্রাজ্ঞ (শাস্ত্রজ্ঞানী) [ও] মহোদ্যোগং (উদ্যোগী) জনং (ব্যক্তিগণকে) [যথাক্রমে] মূকং (মূক অর্থাৎ বোবা), জড়ং (বিবেকহীন) [ও] অলসং (অলস) করোতি (করে); অতঃ (অতএব) [ঐ তত্ত্ববোধ] বুভুক্ষুভিঃ (ভোগেচ্ছু ব্যক্তিগণকর্ত্তৃক) ত্যক্তঃ (পরিত্যক্ত হইয়াছে)। ৩।

বাগ্মী মূক, প্রাজ্ঞ জড়, উদ্যোগী অলস।
হয় তত্ত্বজ্ঞানে, তাই বুভুক্ষু বিরস ॥ ৩।

ন ত্বং দেহো ন তে দেহো ভোক্তা কর্ত্তা ন বা ভবান্।
চিদ্রূপোঽসি সদা সাক্ষী নিরপেক্ষঃ সুখং চর ॥ ৪।

ত্বং (তুমি) দেহঃ ন (দেহ নও), দেহঃ (দেহও) তে (তোমার) ন (নয়), ভবান্ (তুমি) ভোক্তা (সুখাদির অনুভবকর্ত্তা) ন (নও) বা (এবং) কর্ত্তা ন (কর্ম্মেরও কর্ত্তা নও)। [তুমি] চিদ্রূপোঽসি (চৈতন্য-স্বরূপে রহিয়াছ), সদা সাক্ষী (সর্ব্বদা নির্লিপ্তভাবে থাকিয়া সুখ দুঃখাদির দ্রষ্টা আছ) [সুতরাং] নিরপেক্ষঃ [সন্] (নিস্পৃহ হইয়া) সুখং চর (নির্ব্বিষয়সুখে বিচরণ কর)। ৪।

নহ দেহ, নহ দেহী, কর্ত্তা ভোক্তা নহ।
চিৎস্বরূপ সাক্ষী, নিরপেক্ষ সুখে রহ ॥ ৪।

রাগদ্বেষৌ মনোধর্ম্মৌ ন মনস্তে কদাচন।
নির্ব্বিকল্পোঽসি বোধাত্মা নির্ব্বিকারঃ সুখং চর ॥ ৫।

রাগ (বিষয়ে প্রীতি) [ও] দ্বেষৌ (বিদ্বেষ) মনোধর্ম্মৌ (মনের ধর্ম্ম বা ভাববিশেষ—ইহারা তোমার ধর্ম্ম নহে); মনঃ (মন) তে (তোমার)

কদাচন ন ভবতি (কখনই নহে), [তুমি] নির্ব্বিকল্পোঽসি (সর্ব্ববিধ ভেদশূন্য) বোধাত্মা (বোধস্বরূপ), নির্ব্বিকারঃ (এক অদ্বিতীয় ভাব-স্বরূপে থাকিয়া) সুখং চর (নিত্য সুখে বিচরণ কর)। ৫।

রাগদ্বেষ মনোধর্ম্ম, নহে সে তোমার।
অব্যয় বোধাত্মা, কর আনন্দে বিহার॥ ৫।

সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
বিজ্ঞায় নিরহঙ্কারো নির্ম্মমস্ত্বং সুখী ভব॥ ৬।

সর্ব্বভূতেষু চ (সর্ব্বভূতেও) আত্মানং (আত্মাকে), আত্মনি চ (আত্মাতেও) সর্ব্বভূতানি (ভূতসমূহ) [স্থিতানি—রহিয়াছে] [ইতি—ইহা] বিজ্ঞায় (নিশ্চয়রূপে জানিয়া) ত্বং (তুমি) নিরহঙ্কারঃ (অহং কর্ত্তা অহং ভোক্তা ইত্যাদি অভিমানশূন্য) [ও] নির্ম্মমঃ [সন্] (মমতাশূন্য হইয়া) সুখী ভব (সুখী হও)। ৬।

আত্মা সর্ব্বভূতে, সর্ব্বভূত সে আত্মাতে।
মমতাহঙ্কার ত্যজি, রহ সুস্থচিতে॥ ৬।

বিশ্বং স্ফুরতি যত্রেদং তরঙ্গা ইব সাগরে।
তৎ ত্বমেব ন সন্দেহশ্চিন্মূর্ত্তে বিজ্বরোভব॥ ৭।

সাগরে (সমুদ্রে) তরঙ্গা ইব (তরঙ্গের ন্যায়) যত্র [আত্মনি] (যে আত্মায়) ইদং বিশ্বং (এই বিশ্ব) স্ফুরতি (প্রকাশতে)—(প্রকাশ পাইতেছে), তদেব (সেই) ত্বং (তুমি) [এ বিষয়ে] সন্দেহঃ ন (সন্দেহ নাই)। হে চিন্মূর্ত্তে (হে চৈতন্যময়!) [তুমি] বিজ্বরঃ ভব (শোকশূন্য হও)। ৭।

আত্মায় স্ফূরিত বিশ্ব,—তরঙ্গ সাগরে।
চিন্মূর্ত্তি তুমি সে আত্মা নিস্তাপঅন্তরে॥ ৭।

শ্রদ্ধৎস্ব তাত শ্রদ্ধৎস্ব নাত্র মোহং কুরু প্রভো।
জ্ঞানস্বরূপোভগবানাত্মা ত্বং প্রকৃতেঃ পরঃ ॥ ৮।

তাত! (হে বৎস!) শ্রদ্ধৎস্ব (শ্রদ্ধা কর) শ্রদ্ধৎস্ব (শ্রদ্ধা কর), প্রভো! (হে রাজন্!) অত্র (আত্মতত্ত্ববিষয়ে) মোহং ন কুরু (বিপরীত ভাবনা করিও না), ত্বং (তুমি) প্রকৃতেঃ পরঃ (ত্রিগুণাত্মিকা প্রকৃতি হইতে বিভিন্ন), জ্ঞানস্বরূপঃ (বিশুদ্ধ জ্ঞানস্বরূপ), ভগবান্ (সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন আপ্তকাম) আত্মা (পরমাত্মা)। ৮।

দৃঢ় শ্রদ্ধা রাখ ইথে সংশয়রহিত।
চিৎস্বরূপ আত্মা তুমি প্রকৃতিঅতীত ॥ ৮।

গুণৈঃ সংবেষ্টিতো দেহস্তিষ্ঠত্যায়াতি যাতি চ।
আত্মা ন গন্তা নাগন্তা কিমেনমনুশোচসি ॥ ৯।

দেহঃ (শরীর) গুণৈঃ (প্রাকৃতিক সূক্ষ্ম পঞ্চভূতে) সংবেষ্টিতঃ (পরিবৃত হইয়া) তিষ্ঠতি (অবস্থান করিতেছে), আয়াতি (আসিতেছে) চ (এবং) যাতি (যাইতেছে)। [সর্ব্বব্যাপী বলিয়া] আত্মা ন গন্তা (আত্মা গমন করেন না), নাগন্তা (আগমন করেন না); কিং (কেন) [তুমি] এনং (ইঁহাকে উদ্দেশ করিয়া) অনুশোচসি (জন্মিতেছি ও মরিতেছি ইত্যাদিরূপে অনুশোচনা করিতেছ)? ৯।

গুণযুক্ত এ শরীর আসে, থাকে, যায়।
না আসে না যায় আত্মা, শোচনা কি তায় ॥ ৯।

দেহস্তিষ্ঠতু কল্পান্তং গচ্ছত্বদ্যৈব বা পুনঃ।
ক্ব বৃদ্ধিঃ ক্ব চ বা হানিস্তব চিন্মাত্ররূপিণঃ ॥ ১০।

দেহঃ (শরীর) কল্পান্তং (প্রলয়কাল পর্য্যন্ত ব্যাপিয়া) তিষ্ঠতু (অবস্থান করুক) বা (অথবা) অদ্যৈব (আজই) পুনঃ (আবার)

গচ্ছতু (চলিয়া যাউক), চিন্মাত্ররূপিণঃ তব (নিত্য চৈতন্যস্বরূপ তোমার) [তাহাতে] বৃদ্ধিঃ ক্ক (বৃদ্ধি কোথায়) বা (অথবা) হানিঃ ক্ক (হানিই বা কোথায়)? ১০।

কল্পান্ত থাকে বা দেহ, যায় অদ্য যায়।
চিৎস্বরূপ তুমি, কিবা ক্ষতি বৃদ্ধি তায়॥ ১০।

ত্বয্যনন্তমহাম্ভোধৌ বিশ্ববীচিঃ স্বভাবতঃ।
উদেতু বাস্তমায়াতু ন মে বৃদ্ধির্ন মে ক্ষতিঃ॥ ১১।

অনন্তমহাম্ভোধৌ (অসীম মহাসমুদ্ররূপ) ত্বয়ি (তোমাতে) বিশ্ববীচিঃ (জগৎরূপ তরঙ্গ) স্বভাবতঃ (নিজের পরিণামরূপ স্বভাববশতঃ) উদেতু (আবির্ভূত হউক) বা (অথবা) অস্তমায়াতু (তিরোভাব প্রাপ্ত হউক) [তাহাতে] তে (তোমার) বৃদ্ধিঃ ন (বৃদ্ধি নাই) ক্ষতিঃ ন (ক্ষতিও নাই)। ১১।

অনন্ত সমুদ্র তুমি, বিশ্ববীচি যায়।
উঠিছে মায়াতে কিবা ক্ষতি বৃদ্ধি তায়॥ ১১।

তাত! চিন্মাত্ররূপোঽসি ন তে ভিন্নমিদং জগৎ।
অতঃ কস্য কথং কুত্র হেয়োপাদেয়কল্পনা॥ ১২।

তাত! (হে বৎস)! চিন্মাত্ররূপোঽসি (তুমি চৈতন্যস্বরূপ)। ইদং জগৎ (এই জগৎ) তে (ত্বত্তঃ)—(তোমা হইতে) ভিন্নং ন (ভিন্ন নহে), অতঃ (অতএব) কস্য (কাহার) কথং (কি প্রকারে) কুত্র (কোন বিষয়ে) হেয়োপাদেয়কল্পনা (ত্যাজ্য ও গ্রাহ্য কল্পনা) [হইবে]। ১২।

চিৎস্বরূপ তুমি, বিশ্ব তোমা ছাড়া নয়।
ত্যাজ্য পূজ্য এ কল্পনা কা'র বা কোথায়? ১২।

একস্মিন্নব্যয়ে শান্তে চিদাকাশেঽমলে ত্বয়ি।
কুতোজন্ম কুতঃ কর্ম্ম কুতোঽহঙ্কার এব চ॥ ১৩।

একস্মিন্ (অদ্বিতীয়), অব্যয়ে (উপচয় ও অপচয়রহিত), শান্তে (নির্ব্বিশেষ) চিদাকাশে (আকাশের মত সর্ব্বব্যাপী চৈতন্যমূর্ত্তি) [ও] অমলে (নিত্যমুক্তশুদ্ধস্বরূপ) ত্বয়ি (তোমাতে) জন্ম কুতঃ (উৎপত্তি কোথায়) কর্ম্ম কুতঃ (কর্ম্ম কোথায়) চ (এবং) অহঙ্কারঃ এব কুতঃ (অহংকর্ত্তা এইরূপ অভিমানই বা কোথায়)? ১৩।

বিমল প্রশান্ত এক চিদাকাশে তব।
কোথা জন্ম কর্ম্ম অহঙ্কার আদি ভাব॥ ১৩।

যত্ত্বং পশ্যসি তত্রৈকস্ত্বমেব প্রতিভাসসে।
কিং পৃথগ্ ভাসতে স্বর্ণাৎ কটকাঙ্গদনূপুরম্॥ ১৪।

কটকাঙ্গদ-নূপুরং (বলয়, অঙ্গদ ও নূপুর) কিং (কি) স্বর্ণাৎ (স্বর্ণ হইতে) পৃথক্ (পৃথক্ ভাবে) ভাসতে (প্রকাশ পায়)? [কখনই না] [তদ্রূপ যত্র—সেইরূপ যে স্থানে] ত্বং (তুমি) যৎ (যাহা) পশ্যসি (দেখিতেছ), তত্র (সেখানে) একঃ ত্বমেব (একমাত্র তুমিই) প্রতিভাসসে (প্রতিভাত হইতেছ)। ১৪।

যাহা দেখ তাহে মাত্র তুমিই স্ফুরিত।
স্বর্ণ অলঙ্কার নহে সুবর্ণবিযুত॥ ১৪।

অয়ং সোঽহময়ং নাহং বিভাগমিতি সন্ত্যজ।
সর্ব্বমাত্মেতি নিশ্চিত্য নিঃসঙ্কল্পঃ সুখীভব॥ ১৫।

অয়ং (অনুভূয়মান এই আমিই) সোঽহং (সেই আমি), অহং (আমি) অয়ং ন (ইহা নহি) ইতি (এইরূপ) বিভাগং (বিভাগ) সন্ত্যজ (ত্যাগ

কর), সর্ব্বং (সকলই) আত্মা (পরমাত্মা) ইতি (এইরূপ) নিশ্চিত্য (নিশ্চয় করিয়া) নিঃসঙ্কল্পঃ (সঙ্কল্পশূন্য হইয়া) সুখীভব (নির্ব্বিকল্প সুখে সুখী হও)। ১৫।

আমি তাই, ইহা নই, ত্যজ এ বিভাগ।
সর্ব্ব আত্মা জানি, ছাড় কল্পনানুরাগ॥ ১৫।

তবৈবাজ্ঞানতো বিশ্বং ত্বমেকঃ পরমার্থতঃ।
ত্বত্তোঽন্যো নাস্তি সংসারী নাসংসারী চ কশ্চন॥ ১৬।

তব অজ্ঞানতঃ এব (তোমার নিজস্বরূপে অবস্থিত অজ্ঞান বা মায়া হইতেই) বিশ্বং (জগৎ) [উৎপদ্যতে—আবির্ভূত হয়] পরমার্থতঃ (যথার্থতঃ) ত্বং (তুমিই) একঃ (একমাত্র রহিয়াছ), ত্বত্তোঽন্যঃ (তোমা হইতে অন্য) কশ্চন (কেহ) সংসারী (বদ্ধ) চ (এবং) অসংসারী ন (মুক্ত নাই)। ১৬।

তব ভ্রান্তি হেতু বিশ্ব, তুমি এক পর।
সংসারী বা অসংসারী নাহি অন্য আর॥ ১৬।

ভ্রান্তিমাত্রমিদং বিশ্বং ন কিঞ্চিদিতি নিশ্চয়ী।
নির্ব্বাসনঃ স্ফূর্ত্তিমাত্রো ন কিঞ্চিদিব শাম্যতি॥ ১৭।

ইদং বিশ্বং (এই জগৎ) ভ্রান্তিমাত্রং (রজ্জুতে সর্পের ন্যায় মিথ্যা), কিঞ্চিৎ ন (কিছুই নয়—তুচ্ছ) ইতি নিশ্চয়ী (এইরূপ জ্ঞানসম্পন্ন), নির্ব্বাসনঃ (বাসনাশূন্য), স্ফূর্ত্তিমাত্রঃ (চিন্মাত্রস্বরূপে অবস্থিত ব্যক্তির) [জীবভাব] ন কিঞ্চিদিব (তুচ্ছ জগৎভ্রান্তির ন্যায়) শাম্যতি (প্রশমিত হয়)। ১৭।

জানি ভ্রান্তিমাত্র বিশ্ব কিছু নহে স্থির।
নির্ব্বাসন সুপ্রকাশে লহ শান্তি ধীর॥ ১৭।

এক এব ভবাম্ভোধাবাসীদস্তি ভবিষ্যতি।
ন তে বন্ধোঽস্তি মোক্ষো বা কৃতকৃত্যঃ সুখং চর ॥ ১৮।

[ত্বং—তুমি] ভবাম্ভোধৌ (সংসারসমুদ্রে) এক এব (অদ্বিতীয় স্বরূপে) আসীৎ (ছিলে), অস্তি (আছ), ভবিষ্যতি (থাকিবে) ; তে (তোমার) বন্ধঃ (বন্ধন) নাস্তি (নাই) বা (অথবা) মোক্ষঃ নাস্তি (মুক্তিও নাই)। কৃতকৃত্যঃ সন্ (তুমি চরিতার্থ হইয়া) সুখং চর (সুখে বিচরণ কর)। ১৮।

তুমি আত্মা তিনকালে সম বিদ্যমান্।
বন্ধ-মুক্তি-শূন্য ধন্য সুখে বিচরণ ॥ ১৮।

মা সঙ্কল্পবিকল্পাভ্যাং চিত্তং ক্ষোভয় চিন্ময়।
উপশাম্য সুখং তিষ্ঠ স্বাত্মন্যানন্দবিগ্রহে ॥ ১৯।

চিন্ময়! (হে চৈতন্যময়)! সঙ্কল্পবিকল্পাভ্যাং (সঙ্কল্প-বিকল্পদ্বারা) চিত্তং (চিত্তকে) মা ক্ষোভয় (ক্ষুব্ধ করিও না)। আনন্দবিগ্রহে (পরমানন্দ-স্বরূপ) আত্মনি (আত্মাতে) উপশাম্য (বিশ্রামলাভকরতঃ) সুখং তিষ্ঠ (পূর্ণানন্দে অবস্থান কর)। ১৯।

সঙ্কল্প-বিকল্পে ক্ষুব্ধ ক'রো না হৃদয়।
আত্মানন্দে থাক সুখে বিগ্রহ চিন্ময় ॥ ১৯।

ত্যজ ধ্যানং হি সর্ব্বত্র মা কিঞ্চিদ্ধৃদি ধারয়।
আত্মা ত্বং মুক্ত এবাসি কিং বিমৃষ্য করিষ্যসি ॥ ২০।

ইতি তত্ত্বোপদেশবিংশকং নাম পঞ্চদশপ্রকরণম্।

হি (ইহা অবধারিত যে), সর্ব্বত্র (সর্ব্ব-বিষয়ে) ধ্যানং (চিন্তা) ত্যজ (ত্যাগ কর), হৃদি (হৃদয়ে) কিঞ্চিৎ (কিছুই) মা ধারয় (ধারণা

করিও না); ত্বং (তুমি) আত্মা (পরমাত্মা), মুক্ত এব অসি (মুক্তই আছ), [আর] বিমৃশ্য (বিচার করিয়া) কিং করিষ্যসি (কি করিবে)? ২০।

ত্যজি সর্ব্ব চিন্তা হৃদে কিছু না রাখিবে।
তুমি আত্মা সদামুক্ত কি চিন্তা করিবে? ২০।

ইতি তত্ত্বোপদেশবিংশ-নামক পঞ্চদশ প্রকরণ।

———

ষোড়শপ্রকরণম্।

পুনর্গুরুরাহ।

আচক্ষ্ব শৃণু বা তাত নানা শাস্ত্রাণ্যনেকশঃ।
তথাপি ন তব স্বাস্থ্যং সর্ব্ববিস্মরণাদৃতে॥ ১।

পুনরায় গুরু বলিলেন।

হে তাত! (হে বৎস)! নানা শাস্ত্রাণি (নানাবিধ শাস্ত্র) অনেকশঃ (বহুবার) আচক্ষ্ব (অধ্যয়ন কর) বা (অথবা) শৃণু (শ্রবণ কর), তথাপি (তবুও) সর্ব্ববিস্মরণাদৃতে (সর্ব্ববিষয় বিস্মৃত না হইলে) তে (তোমার) স্বাস্থ্যং (সুস্থতা বা শান্তি) ন [ভবিষ্যতি] (হইবে না)। ১।

যতই কর না শাস্ত্র দর্শন শ্রবণ।
না পাইবে শান্তি, বিনা সর্ব্ব-বিস্মরণ॥ ১।

ভোগং কর্ম্ম সমাধিং বা কুরু বিজ্ঞ তথাপি তে।
চিত্তং নিরস্তসর্ব্বাশমত্যর্থং রোচয়িষ্যতি॥ ২।

বিজ্ঞ! (হে বিচক্ষণ)! ভোগং (সুখাদি ভোগ), কর্ম্ম (যজ্ঞাদি কর্ম্ম) বা সমাধিং (অথবা যোগ) [যাহাই] কুরু (কর) তথাপি (তবুও) [উহারা তোমাকে তাদৃশ প্রীত করিতে পারিবে না, যে প্রকার] নিরস্ত-সর্ব্বাশং (সর্ব্ব-প্রকারবাসনাশূন্য) চিত্তং (চিত্ত) তে (তুভ্যং—তোমাকে) অত্যর্থং (অতিশয়) রোচয়িষ্যতি (প্রীত করিবে)। ২।

ভোগ, কর্ম্ম, যোগআদি যাহা কর ধীর।
সর্ব্ব-আশা ত্যাগ ভিন্ন নহে সুখ স্থির ॥ ২ ।

আয়াসাৎ সকলো দুঃখী নৈনং জানাতি কশ্চন।
অনেনৈবোপদেশেন ধন্যঃ প্রাপ্নোতি নির্বৃতিম্ ॥ ৩ ।

সকলঃ (লোকসকল) আয়াসাৎ (ফলপ্রাপ্তির চেষ্টা বশতঃ) দুঃখী [ভবতি] (দুঃখী হয়), কশ্চন (কেহই) এনং [আয়াসং] (এই ফল-প্রাপ্তির চেষ্টাকে দুঃখহেতু বলিয়া) ন জানাতি (জানে না); অনেনৈব উপদেশেন (এই শিক্ষার দ্বারাই) ধন্যঃ (নিরীহ ব্যক্তি) নির্বৃতিং (শান্তি) প্রাপ্নোতি (প্রাপ্ত হন)। ৩।

ফলচেষ্টা দুঃখহেতু, কেহ নাহি জানে।
এই উপদেশে ধন্য, নিবৃত্তিসাধনে ॥ ৩।

ব্যাপারে খিদ্যতে যস্তু নিমেষোন্মেষয়োরপি।
তস্যালস্যধূরীণস্য সুখং নান্যস্য কস্যচিৎ ॥ ৪ ।

তু (ইহা নিশ্চিত যে) যঃ (যিনি) ব্যাপারে (কর্ম্মকরণে) [ও] উন্মেষনিমেষয়োঃ অপি (চক্ষুর উন্মীলন ও নিমীলনেও) খিদ্যতে (ক্লেশ-অনুভব করেন), আলস্যধূরীণস্য (অতিশয় অলস বা নিরীহ) তস্য (সেই পুরুষের) [যৎ] সুখং (যে সুখ হয়) [তাহা] অন্যস্য কস্যচিৎ ন [ভবতি] (অন্য কাহারও হয় না)। ৪।

খুলিতে মুদিতে চক্ষু কাতর যে জন।
নহে অন্য, সুখী সেই অলসপ্রধান ॥ ৪ ।

ইদং কৃতমিদং নেতি দ্বন্দ্বৈর্মুক্তং যদা মনঃ।
ধর্ম্মার্থ-কামমোক্ষেষু নিরপেক্ষং তদা ভবেৎ ॥ ৫ ।

যদা (যখন) ইদং কৃতং (ইহা বিহিত কর্ম্ম) ইদং ন [কৃতং] (ইহা অবিহিত কর্ম্ম) ইতি (এইরূপ) দ্বন্দ্বৈঃ (দ্বন্দ্বকর্ত্তৃক) মনঃ (অন্তঃকরণ) মুক্তং [ভবেৎ] (পরিত্যক্ত হয় অর্থাৎ মন দ্বন্দ্বমুক্ত হয়), তদা (তখন) ধর্ম্মার্থকামমোক্ষেষু (উহা ধর্ম্মার্থ, কাম ও মোক্ষে) নিরপেক্ষং (স্পৃহাশূন্য) ভবেৎ (হইয়া থাকে)। ৫।

কৃতাকৃত কর্ম্মে দ্বন্দ্বমুক্ত যবে মন।
ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষে নিস্পৃহ তখন॥ ৫।

বিরক্তো বিষয়দ্বেষ্টা রাগী বিষয়লোলুপঃ।
গ্রহমোক্ষবিহীনস্তু ন বিরক্তো ন রাগবান্॥ ৬।

বিরক্তঃ (অসন্তুষ্ট ব্যক্তি) বিষয়দ্বেষ্টা (প্রতিকূল বিষয়ে বিদ্বেষভাবাপন্ন হইয়া থাকে), রাগী (আসক্ত) বিষয়লোলুপঃ [ভবতি] (অনুকূল বিষয়ে লুব্ধ হইয়া থাকে)। তু (কিন্তু) গ্রহমোক্ষবিহীনঃ (বিষয়ের গ্রহণে ও ত্যাগে আকাঙ্ক্ষাশূন্য ব্যক্তি) বিরক্তঃ ন (বিষয়দ্বেষী নহেন) [ও] রাগবান্ ন (বিষয়াসক্তও নহেন অর্থাৎ তিনি উদাসীন)। ৬।

বিরক্ত বিষয়দ্বেষী, লোভী অনুরাগী।
ত্যাগ-গ্রহ নাই, নহে রাগী বা বিরাগী॥ ৬।

হেয়োপাদেয়তা তাবৎ সংসারবিটপাঙ্কুরঃ।
স্পৃহা জীবতি যাবদ্বৈ নির্ব্বিচারদশাস্পদম্॥ ৭।

বৈ (ইহা প্রসিদ্ধ যে), যাবৎ নির্ব্বিচারদশাস্পদম্ (নির্ব্বিকল্প অবস্থার পাত্র হইতে যতদিন সময় লাগে) তাবৎ (ততদিন পর্য্যন্ত) হেয়োপাদেয়তা (বিষয়ের ত্যাগ ও গ্রহণ) সংসারবিটপাঙ্কুরঃ (সংসারবৃক্ষের অঙ্কুররূপে বর্ত্তমান থাকিবে) [ও] স্পৃহা (বাসনা) জীবতি (জন্ম মৃত্যু প্রভৃতি ফলদানে রত থাকিবে)। ৭।

হেয় উপাদেয় ভাব সংসার-অঙ্কুর।
নির্ব্বিচার দশা ভিন্ন স্পৃহা নহে দূর॥ ৭।

প্রবৃত্তৌ জায়তে রাগো নিবৃত্তৌ দ্বেষ এব হি।
নির্দ্বন্দ্বো বালবদ্ধীমান্ এবমেব ব্যবস্থিতঃ॥ ৮।

হি (ইহা নিশ্চিত যে), প্রবৃত্তৌ (অভিমত বস্তুর চেষ্টা বা প্রযত্নে) রাগঃ (অনুরাগ) [ও] নিবৃত্তৌ (অভিমত বস্তু প্রাপ্তির প্রতিবন্ধকতায়) দ্বেষ এব (বিদ্বেষভাবই) জায়তে (জন্মিয়া থাকে), [অতএব] ধীমান্ (ধীরবুদ্ধি জ্ঞানী) বালবৎ (বালকের ন্যায়) নির্দ্বন্দ্বঃ [সন্] (রাগদ্বেষাদি দ্বন্দ্বশূন্য হইয়া) এবমেব (এইরূপেই) ব্যবস্থিতঃ (অবস্থান করেন)। ৮।

প্রবৃত্তিতে অনুরাগ, নিবৃত্তিতে দ্বেষ।
দ্বন্দ্বমুক্ত শিশুসম জ্ঞান-পরিশেষ॥ ৮।

হাতুমিচ্ছতি সংসারং রাগী দুঃখজিহাসয়া।
বীতরাগো হি নির্দুঃখস্তস্মিন্নপি ন খিদ্যতে॥ ৯।

রাগী (সংসারানুরাগী) [সুখপ্রাপ্তির জন্য ও] দুঃখজিহাসয়া (দুঃখ-ত্যাগের ইচ্ছায়) সংসারং (প্রিয় সংসারকেও) হাতুমিচ্ছতি (ত্যাগ করিতে ইচ্ছা করে)। হি (ইহা নিশ্চিত যে), নির্দুঃখঃ (সুখ-দুঃখে সমবুদ্ধি), বীতরাগঃ (অনাসক্ত ব্যক্তি) তস্মিন্নপি (সেই সংসারে থাকিয়াও) ন খিদ্যতে (ক্লেশ অনুভব করেন না)। ৯।

অনুরাগী সুখ-আশে ছাড়ে এ সংসার।
বীতরাগী সংসারে থাকিয়া অকাতর॥ ৯।

যস্যাভিমানো মোক্ষেঽপি দেহেঽপি মমতা তথা।
ন বা জ্ঞানী ন বা যোগী কেবলং দুঃখভাগসৌ॥ ১০।

যস্য (যাহার) মোক্ষে অপি (মুক্তিতেও) অভিমানঃ (আমি মুক্ত এইরূপ অভিমান) তথা (ও) দেহে অপি (শরীরেও) মমতা (আমার শরীর এইরূপ অভিমান আছে), অসৌ (সে) জ্ঞানী বা ন (জ্ঞানীও নয়) যোগী বা ন (যোগীও নয়), কেবলং (কেবলমাত্র) দুঃখভাক্ [ভবেৎ] (দুঃখের পাত্র হইয়া থাকে)। ১০।

শরীরে মমত্ব আছে মোক্ষে স্পৃহা যার।
নহে জ্ঞানী, নহে যোগী, দুঃখমাত্র সার॥ ১০।

হরো যদ্যুপদেষ্টা তে হরিঃ কমলজোঽপি বা।
তথাপি তব ন স্বাস্থ্যং সর্ব্ববিস্মরণাদৃতে॥ ১১।

ইতি বিশেষোপদেশং নাম ষোড়শপ্রকরণম্।

যদি হরঃ (সাক্ষাৎ শিব), হরিঃ (বিষ্ণু) বা (অথবা) কমলজঃ অপি (ব্রহ্মাও) তে (তোমার) উপদেষ্টা [ভবেৎ] (শিক্ষাদাতা গুরু হন), তথাপি (তবুও) সর্ব্ববিস্মরণাদৃতে (সমস্ত বিষয় বিস্মৃত না হইলে) তব (তোমার) স্বাস্থ্যং ন [ভবিষ্যতি] (শান্তি-সুখ-লাভ হইবে না)। ১১।

হরি-হর-ব্রহ্মা যদি উপদেশ দেন।
নহে শান্তি-সুখ বিনা সর্ব্ববিস্মরণ॥ ১১।

ইতি বিশেষ-উপদেশ নামক ষোড়শ প্রকরণ।

———

সপ্তদশপ্রকরণম্।

গুরুঃ।

তেন জ্ঞানফলং প্রাপ্তং যোগাভ্যাসফলং তথা।
তৃপ্তঃ স্বচ্ছেন্দ্রিয়ো নিত্যমেকাকী রমতে তু যঃ॥ ১

গুরু বলিলেন।

যঃ তু (যিনি) নিত্যং তৃপ্তঃ (নিত্য সন্তুষ্ট), স্বচ্ছেন্দ্রিয়ঃ (সদা প্রসন্ন-চিত্ত) [ও] একাকী রমতে (সর্ব্বদা একাকী বিহার করেন), তেন (তিনিই) জ্ঞানফলং (জ্ঞানের ফল মুক্তি) তথা (ও) যোগাভ্যাসফলং (যোগের ফল জ্ঞান) প্রাপ্তং (লাভ করেন); [অন্যে তাহা লাভ করিতে পারে না]। ১।

নির্ম্মল-ইন্দ্রিয় একা আত্মাতে রমণ।
জ্ঞানযোগাভ্যাসফলে তৃপ্ত সেই জন॥ ১।

ন কদাচিৎ জগত্যস্মিংস্তত্ত্বজ্ঞো হন্ত খিদ্যতে।
যত একেন তেনেদং পূর্ণং ব্রহ্মাণ্ডমণ্ডলং॥ ২

হন্ত! (কি আনন্দের বিষয়)! অস্মিন্ জগতি (এই জগতে) তত্ত্বজ্ঞঃ (ব্রহ্মজ্ঞ ব্যক্তি) কদাচিৎ (কখনও) ন খিদ্যতে (ক্ষুব্ধ হন না), যতঃ (যেহেতু) তেন একেন (তাঁহার একার দ্বারাই) ইদং ব্রহ্মাণ্ডমণ্ডলং (এই বিশ্ব) পূর্ণং [সৎ] (পরিব্যাপ্ত রহিয়াছে)। ২।

জানেন আত্মারে যিনি ব্রহ্মাণ্ড ব্যাপিত।
সংসারে কিছুতে কভু নহেন ক্ষুভিত॥ ২।

ন জাতু বিষয়াঃ কেঽপি স্বারামং হর্ষয়ন্ত্যমী ।
শল্লকীপল্লবপ্রীতমিবেভং নিম্বপল্লবাঃ ॥ ৩ ।

ইব (যথা) নিম্বপল্লবা (নিম্বপত্র) শল্লকী (হস্তীর প্রিয় খাদ্য কুন্দুরুকী প্রভৃতি আটটী লতাবিশেষের) পল্লব (পল্লবদ্বারা) প্রীতং (সন্তুষ্ট) ইভং (হস্তীকে) ন হর্ষয়ন্তি (হৃষ্ট করিতে পারে না), [তদ্রূপ] জাতু (কখনও) অমী (ঐ শব্দাদি) কেঽপি (কোনও) বিষয়া (বিষয়) স্বারামং (আত্মারামী ব্যক্তিকে) ন [হর্ষয়ন্তি] (হর্ষান্বিত করিতে পারে না । ৩ ।

শল্লকী-পল্লব-তৃপ্ত করভ যেমতি ।
নিম্বে অসন্তুষ্ট, আত্মারামী ভোগপ্রতি ॥ ৩ ।

যস্তু ভোগেষু ভুক্তেষু ন ভবত্যধিবাসিতঃ ।
অভুক্তেষু নিরাকাঙ্ক্ষী তাদৃশো ভবদুর্লভঃ ॥ ৪ ।

তু (ইহা অবধারিত যে), যঃ (যিনি) ভুক্তোষু ভোগেষু (পূর্ব্বানুভূত ভোগে) অধিবাসিতঃ (আসক্ত) ন ভবতি (হন না), অভুক্তেষু (অননুভূত ভোগে) নিরাকাঙ্ক্ষী (আকাঙ্ক্ষা-রহিত) ; তাদৃশঃ (সেরূপ লোক) ভব (সংসারে) দুর্লভঃ (অতি বিরল) । ৪ ।

অভুক্তে নিস্পৃহ, ভুক্তে আসক্তিরহিত ।
দুর্লভ সংসারে হেন আত্মজ্ঞানযুত ॥ ৪ ।

বুভুক্ষুরিহসংসারে মুমুক্ষুরপি দৃশ্যতে ।
ভোগমোক্ষনিরাকাঙ্ক্ষী বিরলো হি মহাশয়ঃ ॥ ৫ ।

ইহসংসারে (এ জগতে) বুভুক্ষুঃ (ভোগেচ্ছু) [ও] মুমুক্ষুঃ অপি (মুক্তিকামীও) দৃশ্যতে (দেখিতে পাওয়া যায়), [কিন্তু] হি (ইহা

নিশ্চয় যে), ভোগমোক্ষনিরাকাঙ্ক্ষী (ভোগ ও মুক্তিতে আকাঙ্ক্ষাশূন্য) মহাশয়ঃ (মহাত্মা) বিরলঃ (অতিশয় দুর্লভ) । ৫ ।

সংসারে বুভুক্ষু সবে মুমুক্ষুও মিলে ।
ভোগ-মোক্ষনিরাকাঙ্ক্ষী দুর্লভ খুঁজিলে ॥ ৫ ।

ধর্ম্মার্থ-কামমোক্ষেষু জীবিতে মরণে তথা ।
কস্যাপ্যুদারচিত্তস্য হেয়োপাদেয়তা নহি ॥ ৬ ।

হি (ইহা অবধারিত যে), ধর্ম্মার্থকামমোক্ষেষু (চতুর্ব্বর্গে) জীবিতে (জীবনে) তথা (ও) মরণে (মৃত্যুতে) কস্যাপি (সহস্রের মধ্যে কোন ও এক) উদারচিত্তস্য (মহদন্তঃকরণ জীবন্মুক্তেরই) হেয়োপাদেয়তা (ত্যজ্য-গ্রাহ্যভাব) ন [ভবেৎ] (হয় না) । ৬ ।

ধর্ম্ম-অর্থকামমোক্ষে জীবনে মরণে ।
ত্যজ্যগ্রাহ্য কিছু নাই জ্ঞানোদার মনে ॥ ৬ ।

বাঞ্ছা ন বিশ্ববিলয়ে ন দ্বেষস্তস্য চ স্থিতৌ ।
যথাজীবিকয়া তস্মাদ্ধন্য আস্তে যথাসুখং ॥ ৭ ।

বিশ্ববিলয়ে (জগতের নাশে) বাঞ্ছা (ইচ্ছা) ন (নাই) চ (এবং) তস্য (বিশ্বের) স্থিতৌ (অবস্থানেও) দ্বেষঃ (বিদ্বেষ) ন (নাই) । তস্মাৎ (অতএব) যথাজীবিকয়া (যথাপ্রাপ্ত ভোগদ্বারা) ধন্যঃ (সন্তুষ্ট জীবন্মুক্ত) যথাসুখং (অনুত্তম সন্তোষসুখে) আস্তে (অবস্থান করেন) । ৭ ।

বিশ্বলয়ে বাঞ্ছা নাই দ্বেষ বা স্থিতিতে ।
নির্ব্বাহে জীবিকা সুখে যথাপ্রাপ্তমতে ॥ ৭ ।

কৃতার্থোঽহনেন জ্ঞানেনেত্যেবং গলিতধীঃ কৃতী ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্নাস্তে যথাসুখং ॥ ৮ ।

অনেন (উপর্য্যুক্তজ্ঞানেন—উক্ত জ্ঞানদ্বারা) কৃতার্থঃ (চরিতার্থ হইয়াছেন) ইত্যেবং (এইরূপ) কৃতী (সফলজন্মা), গলিতধীঃ (অভ্রান্ত-বুদ্ধি—জীবন্মুক্ত) পশ্যন্ (দেখিয়া) শৃণ্বন্ (শুনিয়া) স্পৃশন্ (স্পর্শ করিয়া) জিঘ্রন্ (গন্ধ লইয়া) অশ্নন্ [ও] (ভোজন করিয়া) যথাসুখং (হর্ষবিষাদশূন্য নির্ব্বিকার সুখে) আস্তে (অবস্থান করেন)। ৮।

জ্ঞানধন্য শান্তমতি বিমল অন্তরে।
কর্ণ, ত্বক্, চক্ষু, জিহ্বা, নাসা কার্য্য করে॥ ৮।

শূন্যা দৃষ্টির্বৃথা চেষ্টা বিকলানীন্দ্রিয়াণিচ।
ন স্পৃহা ন বিরক্তির্ব্বা ক্ষীণসংসারসাগরে॥ ৯।

[জীবন্মুক্তের] দৃষ্টিঃ (দর্শন) শূন্যা (লক্ষ্যহীন), চেষ্টা (যত্ন) বৃথা (ফলসঙ্কল্পরহিত) চ (এবং) ইন্দ্রিয়াণি (চক্ষুঃ আদি ইন্দ্রিয়গণ) বিকলানি (বিষয়ে অনাসক্ত)। ক্ষীণ (অনিত্য) সংসারসাগরে (সংসারসমুদ্রে) [তাঁহার] স্পৃহা (ভোগেচ্ছা) ন (নাই) বা (অথবা) বিরক্তিঃ (বিদ্বেষ-ভাবও) ন (নাই)। ৯।

সঙ্কল্পরহিত কর্ম্ম, দৃষ্টি লক্ষ্যহীন।
অনিত্যসংসারে স্পৃহা, বিরক্তিবিহীন॥ ৯।

ন জাগর্ত্তি ন নিদ্রাতি নোন্মীলতি নিমীলতি।
অহো পরদশা কাপি বর্ত্ততে মুক্তচেতসঃ॥ ১০।

অহো! মুক্তচেতসঃ (বাসনামুক্ত জীবন্মুক্তের) কাপি (কোনও এক অপূর্ব্ব) পরদশা (শ্রেষ্ঠ অবস্থা) বর্ত্ততে (উপস্থিত হয়), [তিনি] ন জাগর্ত্তি (জাগেন না) ন নিদ্রাতি (নিদ্রা যান না) ন উন্মীলতি (তাঁহার জ্ঞানচক্ষুর উন্মেষ নাই) ন নিমীলতি (নিমেষও নাই)। ১০।

নাহি জাগরণ নিদ্রা উন্মেষ নিমেষ।
কি সুন্দর জীবন্মুক্তি! নাহি দুঃখলেশ ॥ ১০ ।

সর্ব্বত্র দৃশ্যতে স্বস্থঃ সর্ব্বত্র বিমলাশয়ঃ।
সর্ব্বত্র বাসনামুক্তো মুক্তঃ সর্ব্বত্র রাজতে ॥ ১১ ।

মুক্তঃ (জীবন্মুক্ত) সর্ব্বত্র (সকলসময়েই) [নিজেকে] স্বস্থঃ (স্বরূপস্থ), সর্ব্বত্র (সর্ব্বদা) বিমলাশয়ঃ (নির্ম্মলচিত্ত), সর্ব্বত্র (সর্ব্বদা) বাসনামুক্তঃ (আসক্তিশূন্য) দৃশ্যতে (দেখিয়া থাকেন); সর্ব্বত্র (সকল দেশে ও সময়ে) রাজতে (বিরাজ করেন)। ১১ ।

স্বরূপস্থ শুদ্ধমনা বাসনাবর্জ্জিত।
দেখেন সকলি থাকি সর্ব্বে বিরাজিত ॥ ১১ ।

পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্ গৃহ্ণন্ বদন্ ব্রজন্।
ঈহিতানীহিতৈর্মুক্তো মুক্ত এব মহাশয়ঃ ॥ ১২ ।

পশ্যন্ (দেখিয়া) শৃণ্বন্ (শুনিয়া) স্পৃশন্ (স্পর্শ করিয়া) জিঘ্রন্ (গন্ধ লইয়া) অশ্নন্ (স্বাদ গ্রহণ করিয়া) গৃহ্ণন্ (গ্রহণ করিয়া) বদন্ (বাক্য বলিয়া) ব্রজন্ (গমন করিয়াও) ঈহিতানীহিতৈঃ মুক্তঃ (ঐ সকলে প্রবৃত্তি—নিবৃত্তিরহিত) মহাশয় এব (মহদন্তঃকরণ ব্যক্তিই) মুক্তঃ মুক্ত বলিয়া প্রসিদ্ধ)। ১২ ।

জ্ঞানেন্দ্রিয় কর্ম্মেন্দ্রিয় কার্য্যের সাধন।
প্রবৃত্তি নিবৃত্তি নাই মুক্ত সেই জন ॥ ১২ ।

ন নিন্দতি ন চ স্তৌতি ন হৃষ্যতি ন কুপ্যতি।
ন দদাতি ন গৃহ্ণাতি মুক্তঃ সর্ব্বত্র নীরসঃ ॥ ১৩।

সর্ব্বত্র (সর্ব্ববিষয়ে) নীরসঃ (রাগদ্বেষবিহীন জীবন্মুক্ত পুরুষ) ন নিন্দতি (নিন্দা করেন না) চ (এবং) ন স্তৌতি (স্তব করেন না), ন হৃষ্যতি (হৃষ্ট হন্ না), ন কুপ্যতি (কুপিত হন্ না), ন দদাতি (কাহাকেও কিছু দান করেন না) [ও] ন গৃহ্লাতি (গ্রহণও করেন না)। ১৩।

নিন্দা, স্তুতি, হর্ষ, কোপ, দান বা গ্রহণ।
কিছু কৃত নয় তাঁর অনাসক্ত মন॥ ১৩।

সানুরাগাং স্ত্রিয়ং দৃষ্ট্বা মৃত্যুং বা সমুপস্থিতং।
অবিহ্বলমনাঃ স্বস্থো মুক্ত এব মহাশয়ঃ॥ ১৪।

সানুরাগাং (আসক্তা) স্ত্রিয়ং (কামিনী) দৃষ্ট্বা (দেখিয়া) বা (অথবা) মৃত্যুং সমুপস্থিতং [দৃষ্ট্বা] (মৃত্যুকে আসন্ন দেখিয়া) অবিহ্বলমনাঃ (অবিচলিতচিত্ত), স্বস্থঃ (স্বরূপাবস্থিত) মহাশয়ঃ এব (মহদন্তঃকরণ ব্যক্তিই) মুক্তঃ (জীবন্মুক্ত বলিয়া প্রসিদ্ধ)। ১৪।

আসক্তা কামিনী কিম্বা মৃত্যুরে দেখিয়া।
অচঞ্চল স্বরূপস্থ জীবন্মুক্তহিয়া॥ ১৪।

সুখে দুঃখে নরে নার্য্যাং সম্পৎসু চ বিপৎসু চ।
বিশেষো নৈব ধীরস্য সর্বত্র সমদর্শিনঃ॥ ১৫।

সর্ব্বত্র (সর্ব্ববিষয়ে) সমদর্শিনঃ (সমদৃষ্টি সম্পন্ন), ধীরস্য (স্থিরবুদ্ধি ব্যক্তির) সুখে দুঃখে (সুখ-দুঃখে), নরে (পুরুষে), নার্য্যাং (নারীতে) সম্পৎসু (সম্পদে) চ (এবং) বিপৎসুচ (বিপদেও) বিশেষঃ ন এব [অস্তি] (ভেদবুদ্ধি নাই)। ১৫।

সুখ-দুঃখে নারী-নরে সম্পদে বিপদে।
ধীর সমদর্শী জন দেখেন অভেদে॥ ১৫।

ন হিংসা নৈব কারুণ্যং নৌদ্ধত্যং ন চ দীনতা।
নাশ্চর্য্যং নৈব চ ক্ষোভঃ ক্ষীণসংসরণে নরে ॥ ১৬।

নরে (মানবের) ক্ষীণসংসরণে [সতি] (সংসারবাসনা নষ্ট হইলে) হিংসা ন (হিংসার ভাব থাকে না), কারুণ্যং (দয়া) ন (থাকেনা), ঔদ্ধত্যং ন (উদ্ধতভাব থাকে না) চ (এবং) দীনতা ন (দৈন্যও থাকে না), আশ্চর্য্যং ন (বিস্ময় থাকে না) চ (এবং) ক্ষোভঃ এব ন (উদ্বেগও থাকে না) । ১৬ ।

নাই হিংসা, দয়া নাই উগ্রতা, দানতা।
বিস্ময়, সংক্ষোভ নাই, আসক্তিবিগতা ॥ ১৬ ।

ন মুক্তো বিষয়দ্বেষ্টা ন বা বিষয়লোলুপঃ।
অসংসক্তমনা নিত্যং প্রাপ্তাপ্রাপ্তমুপাশ্নুতে ॥ ১৭।

মুক্তঃ (জীবন্মুক্ত পুরুষ) বিষয়দ্বেষ্টা ন ভবতি (বিষয়ে বিদ্বেষভাবাপন্ন হন না) বা (অথবা) বিষয়লোলুপঃ ন (বিষয়লুব্ধ হন না)। নিত্যং (সর্ব্বদা) অসংসক্তমনাঃ (অনাসক্তচিত্তে) প্রাপ্তাপ্রাপ্তং (লাভালাভ অর্থাৎ সুখদুঃখ) [সাক্ষীস্বরূপে নির্লিপ্ত থাকিয়া] উপাশ্নুতে (ভোগ করেন)। ১৭।

বিষয়ে বিদ্বেষ কিম্বা আসক্তিবর্জ্জিত।
লাভালাভে সমাবস্থ অনাসক্তচিত ॥ ১৭।

সমাধানাসমাধানহিতাহিতবিকল্পনাঃ।
শূন্যচিত্তো ন জানাতি কৈবল্যমিব সংস্থিতঃ ॥ ১৮।

শূন্যচিত্তঃ (নিস্পৃহ জীবন্মুক্ত ব্যক্তি) কৈবল্যং সংস্থিত ইব (বিদেহ মুক্তের ন্যায়) সমাধান (চিত্তের একাগ্রতা), অসমাধান (একাগ্রতার

অভাব—বিক্ষেপ), হিতাহিতবিকল্পনাঃ (ভালমন্দ কল্পনাও) ন জানাতি (জানেন না)। ১৮।

সমাধি বা অসমাধি হিত বা অহিত।
না জানেন শূন্যচেতা কৈবল্যসংস্থিত ॥ ১৮।

নির্ম্মমো নিরহঙ্কারো ন কিঞ্চিদিতিনিশ্চয়ী।
অন্তর্গলিতসর্ব্বাশঃ কুর্ব্বন্নপি করোতি ন ॥ ১৯।

নির্ম্মমঃ (বিষয়ে মমতাশূন্য), নিরহঙ্কারঃ (অভিমানশূন্য), ন কিঞ্চিদিতিনিশ্চয়ী (জগৎ কিছুই নয় অর্থাৎ তুচ্ছ এইরূপ নিশ্চয়জ্ঞানসম্পন্ন), অন্তর্গলিতসর্ব্বাশঃ (যাঁহার অন্তঃকরণ হইতে সমগ্র বাসনা বিগলিত অর্থাৎ দগ্ধবীজের ন্যায় অঙ্কুরোৎপাদনে অসমর্থ হইয়াছে) [তাদৃশ জীবন্মুক্ত পুরুষ] কুর্ব্বন্নপি (কর্ম্ম করিয়াও) ন করোতি (করেন না অর্থাৎ কর্ম্মফলে আসক্তি না থাকায় কর্ম্ম করিলেও তাঁহার কর্ম্ম করা হয় না, কারণ সেই কর্ম্ম তাঁহার বন্ধনের হেতুভূত নহে)। ১৯।

ভ্রান্তিমাত্র জানি, ছাড়ি মমতাহঙ্কারে।
কোন আশা নাই, কার্য্য করিয়া না করে ॥ ১৯।

মনঃ প্রকাশসম্মোহস্বপ্নজাড্যবিবর্জ্জিতঃ।
দশাং কামপি সংপ্রাপ্তো ভবেদ্গলিতমানসঃ ॥ ২০।

ইতি তত্ত্বজ্ঞস্বরূপবিংশতিকং নাম সপ্তদশপ্রকরণম্।

মনঃ (চিত্ত), প্রকাশ (জ্ঞানবৃত্তি), সম্মোহ (অজ্ঞান), স্বপ্ন (নিদ্রা), জাড্য (জড়তা) বিবর্জ্জিতঃ (মুক্ত হইয়া) গলিতমানসঃ (নিরুদ্ধচিত্ত

ব্যক্তি) কামপি দশাং (কোনও এক অপূর্ব্ব অর্থাৎ তুরীয় অবস্থা) সংপ্রাপ্তঃ ভবেৎ (প্রাপ্ত হইয়া থাকেন)। ২০।

প্রকাশ-অজ্ঞান-স্বপ্ন-জড়তা-বর্জ্জিত।
মরি কি অদ্ভুত দশা উর্ম্মিশূন্য চিত ॥ ২০।

ইতি তত্ত্বজ্ঞানস্বরূপনির্ণায়ক সপ্তদশ প্রকরণ।

অষ্টাদশপ্রকরণম্।

শান্তিশতকম্।

যস্য বোধোদয়ে তাবৎ স্বপ্নবদ্ভবতি ভ্রমঃ।
তস্মৈ সুখৈকরূপায় নমঃ শান্তায় তেজসে ॥ ১

যস্য (যাঁহার) বোধোদয়ে (জ্ঞান উদয় হইলে) তাবৎ ভ্রমঃ (ভ্রমকল্পিত সমগ্র বিশ্বই) স্বপ্নবৎ ভবতি (স্বপ্নের ন্যায় মিথ্যারূপে প্রতিভাত হয়) তস্মৈ (সেই) শান্তায় (নির্ব্বিশেষ) তেজসে (চৈতন্যস্বরূপ) সুখৈকরূপায় (আনন্দবিগ্রহকে) নমঃ (প্রণাম করি)। ১।

বিশ্ব স্বপ্নময় যেন যাঁর জ্ঞানোদয়ে।
নমি শান্তানন্দনরূপে, নমি সে চিন্ময়ে ॥ ১।

অর্জ্জয়িত্বাখিলান্‌র্থান্ ভোগানাপ্নোতি পুষ্কলান্।
নহি সর্ব্বপরিত্যাগমন্তরেণ সুখী ভবেৎ ॥ ২।

[লোকে] অখিলান্ অর্থান্ (প্রভূত অর্থ) অর্জ্জয়িত্বা (উপার্জ্জন করিয়া) পুষ্কলান্ (প্রচুর) ভোগান্ (ভোগ) আপ্নোতি (প্রাপ্ত হয়) [কিন্তু] হি (ইহা নিশ্চয় যে), সর্ব্বপরিত্যাগমন্তরেণ (সর্ব্বত্যাগী না হইলে) সুখী ন ভবেৎ (সুখী হয় না)। ২।

বহু অর্থার্জ্জনে ভোগ যত ইচ্ছা কর।
সর্ব্বত্যাগী বিনা সুখী হবে না অন্তর। ২।

কর্ত্তব্যদুঃখমার্ত্তণ্ডজ্বালাদগ্ধান্তরাত্মনঃ ।
কুতঃ প্রশমপীযূষধারাসারমৃতে সুখম্ ॥ ৩ ।

কর্ত্তব্যদুঃখমার্ত্তণ্ডজ্বালাদগ্ধান্তরাত্মনঃ (কর্ত্তব্যরূপ দুঃখসূর্য্যের প্রখর কিরণে দগ্ধচিত্ত ব্যক্তির অর্থাৎ তাপিত ব্যক্তির) প্রশমপীযূষ (শান্তিরূপ অমৃত) ধারা আসারং (ধারা বর্ষণ) ঋতে (বিনা) সুখম্ (শান্তিসুখ) কুতঃ (কোথায়) ? ৩ ।

কর্ত্তব্য-পালন-ভানু-তাপদগ্ধান্তর ।
না জুড়াবে বিনা আত্মানন্দসুধাসার ॥ ৩ ।

ভবোঽয়ং ভাবনামাত্রো ন কিঞ্চিৎ পরমার্থতঃ ।
নাস্ত্যভাবঃ স্বভাবানাং ভাবাভাববিভাবিনাম্ ॥ ৪ ।

অয়ং (এই) ভবঃ (সংসার) ভাবনামাত্র (কল্পনামাত্র), পরমার্থতঃ (বস্তুগত্যা বিচারদৃষ্টিতে) কিঞ্চিৎ ন (কিছুই নয়, তুচ্ছ) । ভাব (উৎপত্তি) অভাব (বিনাশ) বিভাবিনাং (চিন্তাপরায়ণ ব্যক্তিগণের) [ভাবাভাব বিচার দ্বারা] স্বভাবানাং (স্বগত চিন্তাসমূহের) অভাবঃ (নাশ) নাস্তি (হয় না) [অর্থাৎ তাহারা নিশ্চিন্তভাব প্রাপ্ত হইতে পারে না] । ৪ ।

সংসার কল্পনা তুচ্ছ, বিচারে প্রকাশ ।
ভাবাভাবচিন্তনে না হয় চিন্তানাশ ॥ ৪ ।

ন দূরং ন চ সংকোচাল্লব্ধমেবাত্মনঃ পদম্ ।
নির্ব্বিকল্পং নিরায়াসং নির্ব্বিকারং নিরঞ্জনম্ ॥ ৫ ।

আত্মনঃ (পরমাত্মার) নির্ব্বিকল্পং (নির্ব্বিশেষ), নিরায়াসং (পরমনন্দাময়), নির্ব্বিকারং (অপরিণামী), নিরঞ্জনং (নিত্য), পদং (স্বাভাবিক

অবস্থা বা স্বরূপ) দূরং ন (দূরেও নয়) চ (ও) সংকোচাৎ (নিকটে বলিয়া) লব্ধমেব (সুলভও) ন (নহে)। ৫।

নির্ব্বিকল্প, নিরায়াস, শান্ত, নির্ব্বিকার।
না নিকট নহে দূর আত্মানন্দসার ॥ ৫।

ব্যামোহমাত্রবিরতৌ স্বরূপাদানমাত্রতঃ।
বীতশোকা বিরাজন্তে নিরাবরণদৃষ্টয়ঃ ॥ ৬।

স্বরূপাদানমাত্রতঃ (আত্মস্বরূপের সাক্ষাৎকারমাত্রে) ব্যামোহমাত্র-বিরতৌ (অজ্ঞান ও তৎকার্য্যসমূহের বিরতি অর্থাৎ আত্যন্তিক উচ্ছেদ হইলে) নিরাবরণদৃষ্টয়ঃ (অবিদ্যার আবরণমুক্ত দৃষ্টিসম্পন্ন সর্ব্বতত্ত্ববিৎ ব্যক্তি) বীতশোকাঃ [সন্] (শোকশূন্য হইয়া) বিরাজন্তে (বিরাজ করেন)। ৬।

স্বরূপবিজ্ঞানমাত্র মোহের বিরতি।
আবরণমুক্ত দৃষ্টে সুখে অবস্থিতি ॥ ৬।

সমস্তং কল্পনামাত্রমাত্মা মুক্তঃ সনাতনঃ।
ইতি বিজ্ঞায় ধীরো হি কিমভ্যস্যতি বালবৎ ॥ ৭।

সমস্তং (সমগ্র জগৎ) কল্পনামাত্রং (মিথ্যা), আত্মা (অয়ং জীবঃ—অনুভূয়মান আমি বা জীবাত্মা) মুক্তঃ (নিত্যমুক্ত) সনাতনঃ (নিত্য-সিদ্ধ ব্রহ্ম) [জীবো ব্রহ্মৈব নাপরঃ—জীব ব্রহ্মই, অপর কিছু নহে] ইতি বিজ্ঞায় (ইহা জানিয়া) হি (নিশ্চয়), ধীরঃ (অবিচলিতবুদ্ধি, ধীর) বালবৎ (বালকের ন্যায়) কিং (কি আর) অভ্যস্যতি (অভ্যাস করিবেন) ? ৭।

সমস্ত কল্পনা, আত্মা মুক্ত সনাতন।
জানি, কি অভ্যাসে রত হবে ধীরজন ? ৭।

আত্মা ব্রহ্মেতি নিশ্চিত্য ভাবাভাবৌ চ কল্পিতৌ।
নিষ্কামঃ কিং বিজানাতি কিং ব্রূতে চ করোতি কিম্॥ ৮।

আত্মা (অয়মাত্মা—অনুভূয়মান এই আত্মা বা আমি) ব্রহ্ম (সর্ব্ব-ব্যাপী সচ্চিদানন্দবিগ্রহ), ভাবাভাবৌ (উৎপত্তি বিনাশাদি বিকারসমূহ) কল্পিতৌ (আমাতে মিথ্যারূপে আরোপিত হয়) ইতি নিশ্চিত্য (ইহা নিশ্চয়রূপে জানিয়া) নিষ্কামঃ (কামনাশূন্য জীবন্মুক্ত ব্যক্তি) কিং (কি আর) বিজানাতি (জানিবেন), কিং (কি আর) ব্রূতে (বলিবেন) চ (এবং) কিং করোতি (কিং করিষ্যতি—কি আর করিবেন)। ৮।

আত্মা ব্রহ্ম জানি, ভাব-অভাব কল্পিত।
কি আর জানিবে, কি করিবে শান্তচিত॥ ৮।

অয়ং সোঽহময়ং নাহমিতি ক্ষীণা বিকল্পনাঃ।
সর্ব্বমাত্মেতি নিশ্চিত্য তূষ্ণীম্ভূতস্য যোগিনঃ॥ ৯।

সর্ব্বং আত্মেতি নিশ্চিত্য (সমস্তই আত্মাতিরিক্ত কিছুই নহে ইহা প্রত্যক্ষতঃ জানিয়া) তূষ্ণীম্ভূতস্য (মূকের ন্যায় মৌনাবলম্বন করিয়া অবস্থিত) যোগিনঃ (জীবন্মুক্তের) অয়ং (অনুভূয়মান আমিই) সোঽহং (সেই আমি), অহং (আমি) অয়ং ন (ইহা নহি) ইতি (এইরূপ) বিকল্পনাঃ (ভেদজ্ঞান) ক্ষীণাঃ [ভবন্তি] (লোপ পাইয়া থাকে)। ৯।

সর্ব্ব আত্মা জানি, যোগিরাজ মৌনে স্থিত।
আমি এই, উহা নই—বিচার বর্জ্জিত॥ ৯।

ন বিক্ষেপো ন চৈকাগ্রং নাতিবোধো ন মূঢ়তা।
ন সুখং ন চ বা দুঃখমুপশান্তস্য যোগিনঃ॥ ১০।

উপশান্তস্য (লব্ধশান্তি) যোগিনঃ (জীবন্মুক্তের) [চিত্তের] বিক্ষেপো ন (চাঞ্চল্য নাই) চ (এবং) একাগ্রং ন (একাগ্রতাও নাই), অতিবোধঃ

ন (বিশেষজ্ঞানও নাই), মূঢ়তা ন (অজ্ঞানও নাই), সুখং ন (সুখ নাই), বা (অথবা) দুঃখং চ ন (দুঃখও নাই)। ১০।

বিক্ষেপ, একাগ্র নাই জ্ঞান বা মূঢ়তা।
শান্ত যোগী হৃদে নাই হর্ষকাতরতা॥ ১০।

স্বারাজ্যে ভৈক্ষ্যবৃত্তৌ চ লাভালাভে জনে বনে।
নির্ব্বিকল্পস্বভাবস্য ন বিশেষোঽস্তি যোগিনঃ॥ ১১।

নির্ব্বিকল্পস্বভাবস্য (দ্বৈতবুদ্ধিশূন্য) যোগিনঃ (জীবন্মুক্তের) স্বারাজ্যে (সাম্রাজ্যে) চ (এবং) ভৈক্ষবৃত্তৌ (ভিক্ষাবৃত্তিতে), লাভালাভে (লাভ ও অলাভে), জনে (লোকালয়ে) [ও] বনে (বিজনে) [কোথাও] বিশেষঃ ন অস্তি (দ্বিধাভাব দৃষ্ট হয় না)। ১১।

স্বর্গভোগ, ভিক্ষাবৃত্তি, জনপদ, বন।
প্রশান্ত যোগীর চক্ষে সকলি সমান॥ ১১।

ক্ব ধর্ম্মঃ ক্ব চ বা কামঃ ক্ব চার্থঃ ক্ব বিবেকিতা।
ইদং কৃতমিদং নেতি দ্বন্দ্বৈর্মুক্তস্য যোগিনঃ॥ ১২।

ইদং কৃতং (ইহা বিহিত কর্ম্ম) ইদং ন [কৃতং] (ইহা নিষিদ্ধ কর্ম্ম) ইতি (এইরূপে কৃতাকৃত কর্ম্মে) দ্বন্দ্বৈঃ মুক্তস্য (বিরুদ্ধ বুদ্ধিশূন্য) যোগিনঃ (যোগী পুরুষের) ধর্ম্মঃ ক্ব (ধর্ম্ম কোথায়) বা (অথবা) কামঃ চ (কামই বা) ক্ব (কোথায়), অর্থঃ (ভোগসাধনবিষয়) ক্ব (কোথায়) চ (এবং) বিবেকিতা (জ্ঞান অর্থাৎ জ্ঞানলভ্য—মোক্ষই বা) ক্ব (কোথায়)। ১২।

ধর্ম্ম, অর্থ, কাম, জ্ঞান কৃত বা অকৃত।
কিছু না ভাবেন যোগী, দ্বন্দ্ববিরহিত॥ ১২।

কৃত্যং কিমপি নৈবাস্তি ন কাপি হৃদি রঞ্জনা।
যথা জীবনমেবেহ জীবন্মুক্তস্য যোগিনঃ॥ ১৩।

জীবন্মুক্তস্য যোগিনঃ (জীবন্মুক্ত যোগীর) কৃত্যং (কর্ত্তব্যকর্ম্ম) কিমপি নৈবাস্তি (কিছুই নাই), হৃদি (হৃদয়ে) কা অপি (কোনও) রঞ্জনা (আসক্তিও) ন (নাই); ইহ (ইহলোকে) [তিনি] যথা জীবনং এব (জীবনমাত্র অবলম্বনে) [আস্তে] (অবস্থান করেন)। ১৩।

কর্ত্তব্য কিছুই নাই কিম্বা তুষ্টিকর।
আছেন জীবনে মাত্র মুক্ত যোগীবর॥ ১৩।

ক্ক মোহঃ ক্ক চ বা বিশ্বং ক্ক চ ধ্যানং ক্ক মুক্ততা।
সর্ব্বসঙ্কল্পসীমায়াং বিশ্রান্তস্য মহাত্মনঃ॥ ১৪।

সর্ব্বসঙ্কল্পসীমায়াং (সর্ব্ববিধ সঙ্কল্পের চরম সীমায় অর্থাৎ নির্ব্বিকল্প অবস্থায়) বিশ্রান্তস্য (বিশ্রামসুখ অনুভবকারী) মহাত্মনঃ (মহদন্তঃকরণ জীবন্মুক্তের) মোহঃ ক্ক (অজ্ঞান কোথায়), বিশ্বং চ বা (বিশ্বই বা) ক্ক (কোথায়), ধ্যানং ক্ক (একাগ্রতার সাধন ধ্যান কোথায়), মুক্ততা চ (মুক্তিই বা) ক্ক (কোথায়)। ১৪॥

ধারণার প্রান্তসীমা বিশ্রাম-আসন।
কোথা তাঁর কাছে বিশ্ব, মোহ, মুক্তি, ধ্যান॥ ১৪।

যেন বিশ্বমিদং দৃষ্টং স নাস্তীতি করোতু বৈ।
নির্ব্বাসনঃ কিং কুরুতে পশ্যন্নপি ন পশ্যতি॥ ১৫।

যেন (যে) ইদং বিশ্বং (এই জগৎ) দৃষ্টং (দেখিয়া থাকে অর্থাৎ যাহার নিকটে জগতের অস্তিত্ব আছে), বৈ (নিশ্চয়) সঃ (সেই ব্যক্তিই) নাস্তীতি (অস্তি নাস্তি এইরূপ বিচার) করোতু (করুক), নির্ব্বাসনঃ সর্ব্ববিধ বাসনাশূন্য জীবন্মুক্ত (পশ্যন্নপি ন পশ্যতি) (জগৎকে দেখিয়াও

আপনা হইতে পৃথক দেখেন না) [তিনি] কিং কুরুতে (অস্তি, নাস্তি প্রভৃতি কি আর বিচার করিবেন, কারণ তাঁহার নিকটে জগৎ বলিয়া ভিন্ন বস্তু কিছুই নাই) । ১৫ ।

সে ভাবুক সত্য মিথ্যা বিশ্বে যে দেখিছে।
দেখিয়া না দেখে যে, বিচার কি করিছে॥ ১৫ ।

যেন দৃষ্টং পরং ব্রহ্ম সোঽহং ব্রহ্মেতি চিন্তয়েৎ।
কিং চিন্তয়তি নিশ্চিন্তো দ্বিতীয়ং যো ন পশ্যতি॥ ১৬।

যেন (যে) পরং ব্রহ্ম (পরব্রহ্ম) দৃষ্টং (দেখিয়া থাকে) সঃ (সে) অহং ব্রহ্মেতি (আমি ব্রহ্ম এইরূপ) চিন্তয়েৎ (চিন্তাযুক্ত হইয়া থাকে)। যঃ নিশ্চিন্তঃ (যিনি সর্ব্বপ্রকার চিন্তাশূন্য) দ্বিতীয়ং ন পশ্যতি (আত্মা হইতে দ্বিতীয় বস্তুর সত্বা দেখেন না) [সঃ—তিনি] কিং চিন্তয়তি (কি আর চিন্তা করিবেন)। ১৬ ।

সে ভাবুক আমি ব্রহ্ম, ব্রহ্মে যে দেখিছে।
দ্বিতীয় যে না দেখে, সে কি চিন্তা করিছে॥ ১৬ ।

দৃষ্টো যেনাত্মবিক্ষেপো নিরোধং কুরুতে ত্বসৌ।
উদারস্তু ন বিক্ষিপ্তঃ সাধ্যাভাবাৎ করোতি কিম্॥ ১৭।

যেন (যে) আত্মবিক্ষেপঃ (নিজের চঞ্চলভাব) দৃষ্টঃ (দেখে) অসৌ তু (সেই ব্যক্তিই) নিরোধং (চাঞ্চল্যনিবারণ) কুরুতে (করে), তু উদারঃ (কিন্তু জীবন্মুক্ত ব্যক্তি) বিক্ষিপ্তঃ ন (অস্থির নহেন অর্থাৎ নিজস্বরূপে স্থির থাকেন) [তাঁহার] সাধ্যাভাবাৎ (সাধনার কিছুই নাই বলিয়া) কিং করোতি (কি আর সাধন করিবেন)। ১৭ ।

স্ববিক্ষেপ দেখে যে সে নিরুদ্ধ করিবে।
উদার বিক্ষেপ শূন্য কি সাধ্য সাধিবে॥ ১৭ ।

ধীরো লোকবিপর্য্যস্তো বর্ত্তমানোঽপি লোকবৎ।
ন সমাধিং ন বিক্ষেপং ন লেপং স্বস্য পশ্যতি ॥ ১৮।

লোক (লোক্যতে ইতি লোকঃ—কর্ম্মফলং তদস্য অস্তি ইতি লোকঃ—ফল দেখিয়া কর্ম্ম করে এরূপ জনসাধারণ হইতে) বিপর্য্যস্তঃ (বিপরীত ভাবাপন্ন অর্থাৎ ফলাকাঙ্ক্ষাশূন্য), ধীরঃ (সমদর্শী জীবন্মুক্ত) লোকবৎ (জনসাধারণের ন্যায়) বর্ত্তমানোঽপি (ব্যবহার করিয়া অবস্থান করিলেও) স্বস্য (নিজের আত্মার) সমাধিং ন পশ্যতি (চিত্তের একাগ্রতা দেখেন না), বিক্ষেপং ন পশ্যতি (চাঞ্চল্যও দেখেন না) [ও] লেপং (সংযোগ অর্থাৎ নিজের মধ্যে জাগতিক সম্পর্কও) ন পশ্যতি (অনুভব করেন না)॥ ১৮।

জীবভাবাতীত, জীবসম বিদ্যমান।
না দেখেন সমাধি, বিক্ষেপ, অভিমান॥ ১৮।

ভাবাভাববিহীনো যস্তৃপ্তো নির্ব্বাসনো বুধঃ।
নৈব কিঞ্চিৎ কৃতং তেন লোকদৃষ্ট্যাপি কুর্ব্বতা ॥ ১৯।

যঃ বুধঃ (যে মনীষী) ভাবাভাববিহীনঃ (জগতের সৎ ও অসৎভাব দেখেন না), নির্ব্বাসনঃ (বাসনাশূন্য), তৃপ্তঃ (সদা সন্তুষ্ট) [তিনি] লোকদৃষ্ট্যা (লোকচক্ষে) কুর্ব্বতাপি (কর্ম্ম করিলেও) তেন (তৎকর্তৃক) কিঞ্চিৎ (কিছুই) নৈব কৃতম্ (করা হয় না)। [যেহেতু যাহা বন্ধনের কারণ তাহাকেই কর্ম্ম বলা হয়। জীবন্মুক্তের কৃতকর্ম্ম ফলশূন্য, তাহা তাঁহার বন্ধনের কারণ হয় না, অতএব তিনি কর্ম্ম করিলেও কর্ম্ম তাঁহা র কৃত হয় না]॥ ১৯।

ভাবাভাবহীন, তৃপ্ত, বাসনারহিত।
লোকে দেখে কর্ম্ম, কিন্তু নহে তাঁর কৃত॥ ১৯।

প্রবৃত্তৌ বা নিবৃত্তৌ বা নৈব ধীরস্য দুর্গ্রহঃ।
যদা যৎ কর্ত্তুমায়াতি তৎ কৃত্বা তিষ্ঠতঃ সুখম্॥ ২০।

যদা (যখন) যৎ (যাহা) কর্ত্তুম্ (করিবার জন্য) আয়াতি (উপস্থিত হয়) [তখন] তৎ কৃত্বা (তাহা করিয়া) সুখং তিষ্ঠতঃ (যথাসুখে অবস্থিত) ধীরস্য (সমদর্শী জীবন্মুক্তের) প্রবৃত্তৌ (অভিমত বস্তুর প্রাপ্তির চেষ্টায়) বা (অথবা) নিবৃত্তৌ বা (প্রাপ্তির প্রতিবন্ধকতায়) দুর্গ্রহঃ নৈব [যথাক্রমে] (অনুরাগ ও দ্বেষ উপস্থিত হয় না)। ২০।

প্রবৃত্তি নিবৃত্তি কর্ম্মে, ধীর নাহি জানে।
করিবার যাহা করি স্থিত সুখাসনে॥ ২০।

নির্ব্বাসনো নিরালম্বঃ স্বচ্ছন্দো মুক্তবন্ধনঃ।
ক্ষিপ্তঃ সংস্কারবাতেন চেষ্টতে শুষ্কপর্ণবৎ॥ ২১।

নির্ব্বাসনঃ (নিষ্কাম), নিরালম্বঃ (অবলম্বনশূন্য), স্বচ্ছন্দঃ (সর্ব্ববিধ বাধাশূন্য), মুক্তবন্ধনঃ (অমায়িক জীবন্মুক্ত ব্যক্তি), সংস্কারবাতেন (প্রারব্ধরূপ বায়ুর দ্বারা) শুষ্কপর্ণবৎ (শুষ্ক পত্রের ন্যায় অর্থাৎ শুষ্ক পত্র যেরূপ বায়ুর গতি অনুসারে চালিত হইয়া ইতস্ততঃ উড়িতে থাকে, কিন্তু তাহার স্বগত কোন চেষ্টাই থাকে না, তদ্রূপ), ক্ষিপ্তঃ সন্ (প্রারব্ধচালিত হইয়া) চেষ্টতে (ব্যবহারযাত্রা নির্ব্বাহ করেন)। ২১।

নির্ব্বাসন, নিরাশ্রয়, বিমুক্তবন্ধন।
প্রারব্ধ-পবনে চলে শুষ্ক পত্র যেন॥ ২১।

অসংসারস্য তু ক্বাপি ন হর্ষো ন বিষাদতা।
স শীতলমনা নিত্যং বিদেহ ইব রাজতে॥ ২২।

তু (ইহা অবধারিত যে), অসংসারস্য (অসংসারী জীবন্মুক্তের) ক্বাপি (কোনও বিষয়ে) হর্ষবিষাদতা (হর্ষ অথবা বিষন্নভাব) ন (নাই); শীতল-

মনা (শান্তচিত্ত) সঃ (সেই অসংসারী) বিদেহ ইব (বিদেহ মুক্তের ন্যায়) নিত্যং রাজতে (সর্ব্বদা বিরাজ করেন) । ২২ ।

অনাসক্তচিত হর্ষবিষাদবর্জ্জিত।
প্রশান্তহৃদয়ে আছে শরীররহিত ॥ ২২ ।

কুত্রাপি ন জিহাসাস্তি নাশো বাপি ন কুত্রচিৎ।
আত্মারামস্য ধীরস্য শীতলাচ্ছতরাত্মনঃ ॥ ২৩ ।

শীতলাচ্ছতরাত্মনঃ (শান্ত ও প্রসন্নচিত্ত), আত্মারামস্য (আত্মায় রমণকারী) ধীরস্য (বিবেকী জীবন্মুক্তের) কুত্রাপি (কোনও বিষয়েই) জিহাসা (ত্যাগেচ্ছা) ন অস্তি (নাই) বা (অথবা) কুত্রচিৎ অপি (কোথাও) [তাঁহার] নাশঃ ন (নাশ নাই) । ২৩ ।

আত্মানন্দে সুনির্ম্মল প্রাশান্তঅন্তর ।
নহে কিছু ত্যাজ্য, নাহি বিনাশ তাঁহার ॥ ২৩ ।

প্রকৃত্যা শূন্যচিত্তস্য কুর্ব্বতোঽস্য যদৃচ্ছয়া ।
প্রাকৃতস্যেব ধীরস্য ন মানো নাবমানিতা ॥ ২৪ ।

প্রকৃত্যা (স্বভাবতঃ) শূন্যচিত্তস্য (বিষয়শূন্যচিত্ত), যদৃচ্ছয়া (দৈবলব্ধ) কুর্ব্বতঃ (কর্ম্মনির্ব্বাহকারী) ধীরস্য (সমদর্শী জীবন্মুক্তের) প্রাকৃতস্যেব (সাধারণ লোকের ন্যায়) মানঃ (যে সম্মানবোধ তাহা) [তাঁহার] ন (নাই) [ও] অবমানিতা (অসম্মান বোধও) [তাঁহার] ন (নাই) । ২৪ ।

অসঙ্কল্প যথেচ্ছ কর্ম্মের অনুষ্ঠান ।
হানজন সম নাহি মান অপমান ॥ ২৪ ।

কৃতং দেহেন কর্ম্মেদং ন ময়া শুদ্ধরূপিণা।

ইতি চিন্তানুরোধী যঃ কুর্ব্বন্নপি করোতি ন॥ ২৫।

দেহেন (দেহ) ইদং কর্ম্ম (কর্ম্ম) কৃতং (করিয়া থাকে), শুদ্ধরূপিণা (নিষ্ক্রিয় ব্রহ্মভূত) ময়া (আমি) ন [কৃতম্] (করি না) ইতি (এইরূপ) চিন্তানুরোধী (চিন্তাযুক্ত) যঃ (যিনি), [তিনি] কুর্ব্বন্নপি (কর্ম্ম করিয়া ও) ন করোতি (করেন না)। [কারণ কর্ম্ম চিন্তানুযায়ী ফল দান করে, কর্ম্মের ফলদানে স্বগত স্বাধীন সামর্থ্য নাই; কর্ম্ম ভাবনারই অনুরূপ সংস্কার জন্মাইয়া থাকে। জীবন্মুক্ত ব্যক্তি অহং কর্ত্তা এই প্রকার ভাবনায় কর্ম্ম করেন না, তজ্জন্য তিনি কর্ম্মফলবন্ধনেরও হেতুভূত হন্ না]। ২৫।

শুদ্ধ আমি, নহি কর্ম্মী, কর্ম্মী এ শরীর।
করিয়া না করেন, এই জ্ঞান যাঁর স্থির॥ ২৫।

অতদ্বাদীব কুরুতে ন ভবেদপি বালিশঃ।

জীবন্মুক্তঃ সুখী শ্রীমান্ সংসরন্নপি শোভতে॥ ২৬।

জীবন্মুক্তঃ (জীবন্মুক্ত) অতদ্বাদী (মূঢ়ের) ইব (ন্যায়) কুরুতে (ব্যবহার করেন), বালিশোঽপি ন (কিন্তু তিনি মূঢ় নহেন)। [তিনি] সুখী (সুখ ভোগ করিয়া) শ্রীমান্ (ধনসম্পত্তির অধিকারী হইয়া) সংসরন্নপি (সংসারী হইলেও) শোভতে (শোভিত হন অ[illegible] সংসারী হইয়াও অসংসারি-রূপে-বিরাজ করেন)। ২৬।

জীবন্মুক্ত সে সংসারী, কি সুখী সুন্দর।
নহেন অজ্ঞান, নহে বিচারে তৎপর॥ ২৬।

নানাবিচারবিশ্রান্তো ধীরো বিশ্রান্তিমাগতঃ।
ন কল্পতে ন জানাতি ন শৃণোতি ন পশ্যতি ॥ ২৭।

নানাবিচার (দ্বৈতবিচারে) বিশ্রান্তঃ (বিরত), ধীরঃ (স্থিরবুদ্ধি জীবন্মুক্ত) বিশ্রান্তিমাগতঃ [সন্] (আত্মায় বিশ্রামলাভ করতঃ) ন কল্পতে (কিছুই কল্পনা করেন না), ন জানাতি (কিছু বুঝেন না), ন শৃণোতি (কিছু শুনেন না) [ও] ন পশ্যতি (কিছু দেখেন না)। ২৭।

বিচারে হইয়া ক্লান্ত, বিশ্রামে সুস্থির।
না জানেন, না শুনেন, না দেখেন ধীর ॥ ২৭।

অসমাধেরবিক্ষেপান্ন মুমুক্ষুর্ন চেতরঃ।
নিশ্চিত্য কল্পিতং পশ্যন্ ব্রহ্মৈবাস্তে মহাশয়ঃ ॥ ২৮।

[জীবন্মুক্ত] অসমাধেঃ (সমাধি করেন না বলিয়া) মুমুক্ষুঃ ন (মুক্তিকামী নহেন) চ (এবং) অবিক্ষেপাৎ (চিত্তের বিক্ষেপ বা অস্থিরতা নাই বলিয়া) ইতরঃ ন (বিক্ষিপ্তচিত্ত ভোগেচ্ছু নহেন)। মহাশয়ঃ (মহদন্তঃকরণ জীবন্মুক্ত) [বিশ্বং] কল্পিতং (বিশ্ব মিথ্যা) নিশ্চিত্য (ইহা নিশ্চয়রূপে জানিয়া) পশ্যন্ (বিশ্বং পশ্যন্—বিশ্বের দর্শনসময়েও) ব্রহ্ম এব আস্তে (ব্রহ্মস্বরূপেই অবস্থান করেন)। ২৮।

না মুমুক্ষু অমুমুক্ষু না যোগী বিক্ষিপ্ত।
ব্রহ্মাণ্ড কল্পনা জানি ব্রহ্মাকারে স্থিত ॥ ২৮।

যস্যান্তঃ স্যাদহঙ্কারো ন করোতি করোতি সঃ।
নিরহঙ্কারধীরেণ ন কিঞ্চিদকৃতং কৃতম্ ॥ ২৯।

যস্য (যাহার) অন্তঃ (অন্তঃকরণে) অহঙ্কারঃ স্যাৎ (অহং কর্তা এই অভিমান আছে) সঃ (তাহার) করোতি (করি) [ও] ন করোতি

(করি না এইরূপ করা ও না করার ভাব থাকে) [কিন্তু] নিরহঙ্কার-ধীরেণ (কর্ত্তৃত্ব-ভোক্তৃত্ব-অভিমানশূন্য জীবন্মুক্তের) কৃতং (করা) কিঞ্চিৎ ন (কিছুই নাই) অকৃতং (না করাও) ন (নাই)। ২৯।

করা বা না করা দুই অহঙ্কারধৃত।
অহংশূন্য না জানেন কৃত কি অকৃত ॥ ২৯।

নোদ্বিগ্নং ন চ সন্তুষ্টমকর্ত্তৃ স্পন্দবর্জ্জিতম্।
নিরাশং গতসন্দেহং চিত্তং মুক্তস্য রাজতে ॥ ৩০।

মুক্তস্য (জীবন্মুক্তের) চিত্তং (অন্তঃকরণ) উদ্বিগ্নং ন (দুঃখসম্পর্কে চঞ্চল হয় না) চ (এবং) সন্তুষ্টং ন (সুখস্পর্শেও সন্তুষ্ট হয় না); [জীবন্মুক্তের চিত্ত] অকর্ত্তৃ (কর্ত্তৃত্বভাব বা অভিমানশূন্য); স্পন্দবর্জ্জিতং (চেষ্টা বা সঙ্কল্পশূন্য), নিরাশং (বাসনাশূন্য) [ও] গতসন্দেহং [সৎ] (সংশয়মুক্ত হইয়া) রাজতে (শোভা পায়)। ৩০।

উদ্বেগ, সন্তোষ নাই, কর্ত্তৃচেষ্টাশূন্য।
আশা বা সংশয় নাই, মুক্তচেতা ধন্য ॥ ৩০।

নির্ধ্যাতুং চেষ্টিতুং বাপি যচ্চিত্তং ন প্রবর্ত্ততে।
নির্নিমিত্তমিদং কিন্তু নির্ধ্যায়তি বিচেষ্টতে ॥ ৩১।

যচ্চিত্তং (যস্য জীবন্মুক্তস্য চিত্তং—জীবন্মুক্তের চিত্ত) নির্ধ্যাতুং (ধ্যান করিতে) বা (অথবা) চেষ্টিতুং অপি (সঙ্কল্প করিতেও) ন প্রবর্ত্ততে (প্রবৃত্ত হয় না) কিন্তু ইদং (এই চিত্ত) নির্নিমিত্তং (অবলম্বন না থাকিলেও) [যেন] নির্ধ্যায়তি (ধ্যান করে) [এবং] বিচেষ্টতে (সঙ্কল্পও করে)। ৩১।

ধ্যানে চেষ্টা নাই, নাই কর্ম্মানুসন্ধান।
আছে কর্ম্ম নিষ্কারণ, স্বতঃসিদ্ধ ধ্যান ॥ ৩১।

তত্ত্বং পদার্থমাকর্ণ্য মন্দঃ প্রাপ্নোতি মূঢ়তাম্ ।
অথবা যাতি সঙ্কোচমমূঢ়ঃ কোঽপি মূঢ়বৎ ॥ ৩২ ।

মন্দঃ (মন্দমতি) তত্ত্বং পদার্থং (বেদের তত্ত্বমসি প্রভৃতি শব্দ প্রতিপাদ্য অর্থ) আকর্ণ্য (শ্রবণ করিয়া) মূঢ়তাং (মোহ) প্রাপ্নোতি (প্রাপ্ত হয় অর্থাৎ বুঝিতে পারে না), অথবা (কিম্বা) কোঽপি অমূঢ়ঃ (কোনও বুদ্ধিমান্ ব্যক্তি) [তত্ত্বমসি প্রভৃতির অর্থ বুঝিয়াও] মূঢ়বৎ (মূঢ়ের ন্যায়) সঙ্কোচং (জড়তা) যাতি (প্রাপ্ত হয়)। ৩২ ।

শুনি "তত্ত্বমসি" অর্থ অযোগ্য বিমূঢ় ।
কেহ সঙ্কুচিত হ'য়ে মূর্খসম জড় ॥ ৩২ ।

একাগ্রতা নিরোধো বা মূঢ়ৈরভ্যস্যতে ভৃশং ।
ধীরাঃ কৃত্যং ন পশ্যন্তি স্বপ্নবৎ স্বপদে স্থিতাঃ ॥ ৩৩ ।

মূঢ়ৈঃ (নিতান্ত অজ্ঞও নহে জ্ঞানীও নহে এরূপ মূঢ়) একাগ্রতা (চিত্তের একাগ্রভাব) বা (অথবা) নিরোধঃ (চিত্তবৃত্তির নিরোধ) ভৃশং (পুনঃ পুনঃ) অভ্যস্যতে (অভ্যাস করে), [কিন্তু] স্বপদে (মোক্ষপদে) স্থিতাঃ (অবস্থিত) ধীরাঃ (ধীরবুদ্ধি জীবন্মুক্ত ব্যক্তিগণ) স্বপ্নবৎ (প্রসুপ্তের ন্যায়) কৃত্যং (কোনরূপ কর্ত্তব্যই) ন পশ্যন্তি (দেখেন না)। ৩৩।

মূঢ় চেষ্টা একাগ্রতাভ্যাসে, বৃত্তিরোধে ।
স্বপ্নসম দেখে ধীর, থাকিয়া স্বপদে ॥ ৩৩ ।

অপ্রযত্নাৎ প্রযত্নাদ্বা মূঢ়ো নাপ্নোতি নির্ব্বৃতিম্ ।
তত্ত্বনিশ্চয়মাত্রেণ প্রাজ্ঞো ভবতি নির্ব্বৃতঃ ॥ ৩৪ ।

মূঢ়ঃ (প্রমাদী ব্যক্তি) অপ্রযত্নাৎ (অনায়াসে) বা (অথবা) প্রযত্নাৎ (আয়াস দ্বারাও) নির্ব্বৃতিং (শান্তি) ন আপ্নোতি (প্রাপ্ত হয় না)।

প্রাজ্ঞঃ (বুদ্ধিমান ব্যক্তি) তত্ত্বনিশ্চয়-মাত্রেণ (আত্মতত্ত্বের সাক্ষাৎমাত্রে) নির্ব্বৃতঃ [ভবেৎ] (শান্ত হইয়া থাকে)। ৩৪।

যত্নে বা অযত্নে মূঢ় নিবৃত্তি না পায়।
তত্ত্বস্থিরমাত্রে জ্ঞানী নিবৃত্তি-সীমায় ॥ ৩৪।

শুদ্ধং বুদ্ধং প্রিয়ং পূর্ণং নিষ্প্রপঞ্চং নিরাময়ম্।
আত্মানং তং ন জানন্তি তত্রাভ্যাসপরা জড়াঃ ॥ ৩৫।

তত্র (আত্মপ্রাপ্তির জন্য) অভ্যাসপরাঃ (কেবলমাত্র যমনিয়মাদি অভ্যাসপরায়ণ) জড়াঃ (কর্ম্মিগণ) শুদ্ধং (নিত্য), পূর্ণং (অখণ্ড), বুদ্ধং (বোধস্বরূপ), প্রিয়ং (আনন্দময়), নিষ্প্রপঞ্চং (জগদতীত), নিরাময়ং (উৎপত্তিবিনাশরহিত) [ও] তং (শ্রুতি-প্রসিদ্ধ) আত্মানং (আত্মাকে) ন জানন্তি (জানে না)। ৩৫।

শুদ্ধ, পূর্ণ, চিদানন্দ, আত্মা নিরাময়।
জড় না জানিতে পারে অভ্যাস চেষ্টায় ॥ ৩৫।

নাপ্নোতি কর্ম্মণা মোক্ষং বিমূঢ়োঽভ্যাসরূপিণা।
ধন্যো বিজ্ঞানমাত্রেণ মুক্তস্তিষ্ঠত্যবিক্রিয়ঃ ॥ ৩৬।

বিমূঢ়ঃ (কর্ম্মী) অভ্যাসরূপিণা (যমনিয়মাদির অভ্যাসরূপ) কর্ম্মণা (কর্ম্মদ্বারা) মোক্ষং (পরমানন্দস্বরূপ) ন আপ্নোতি (লাভ করিতে পারে না)। ধন্যঃ (জ্ঞানী) বিজ্ঞানমাত্রেণ (তত্ত্বনিশ্চয়মাত্রে) মুক্তঃ [সন্] (অবিদ্যাবন্ধন হইতে মুক্ত হইয়া) অবিক্রিয়ঃ (নিষ্ক্রিয় অবস্থায়) তিষ্ঠতি (অবস্থান করেন)। ৩৬।

কর্ম্মযোগাভ্যাসে মূঢ় মোক্ষ নাহি পায়।
আত্মজ্ঞানে কর্ম্মহীন মুক্ত অবস্থায় ॥ ৩৬।

মূঢ়ো নাপ্নোতি তদ্‌ব্রহ্ম যতো ভবিতুমিচ্ছতি ।
অনিচ্ছন্নপি ধীরোঽপি পরব্রহ্মস্বরূপভাক্ ॥ ৩৭ ।

মূঢ়ঃ (মন্দবুদ্ধিসম্পন্ন লোক) তদ্‌ব্রহ্ম (সেই ব্রহ্মবস্তু) ন আপ্নোতি (লাভ করিতে পারে না); যতঃ (যেহেতু) [সে] ভবিতুং ইচ্ছতি (নিজে ব্রহ্ম হইতে ইচ্ছা করে)। অপি (কিন্তু) ধীরঃ (ধীর ব্যক্তি) অনিচ্ছন্নপি (ব্রহ্ম হইবার ইচ্ছা না করিলেও) পরব্রহ্মস্বরূপভাক্ [ভবতি] (পরব্রহ্মস্বরূপে অবস্থিতি লাভ করেন)। ৩৭।

'হ'ব ব্রহ্ম' ইচ্ছা হেতু ব্রহ্মত্ব না পায় ।
পরব্রহ্মরূপে ধীর স্থির অনিচ্ছায় ॥ ৩৭ ।

নিরাধারা গ্রহব্যগ্রা মূঢ়াঃ সংসারপোষকাঃ ।
এতস্যানর্থমূলস্য মূলোচ্ছেদঃ কৃতো বুধৈঃ ॥ ৩৮ ।

নিরাধারাঃ (অবলম্বনশূন্য) মূঢ়াঃ (সংসারী) গ্রহব্যগ্রা [সন্তঃ] (জীবিকালাভে ব্যগ্রচিত্ত হইয়া) সংসারপোষকাঃ (কুটুম্বাদি পোষণ করে)। বুধৈঃ (জ্ঞানিগণ) অনর্থমূলস্য এতস্য (দুঃখের মূলীভূত এই সংসারের) মূলোচ্ছেদঃ (অবিদ্যারূপ মূলের আত্যন্তিক নাশ) কৃতঃ (করিয়া থাকেন)। ৩৮।

আধারবিহীন ব্যগ্র, লভে সে সংসার ।
জ্ঞানী সে অনর্থ মূলে দিয়াছে কুঠার ॥ ৩৮ ।

ন শান্তিং লভতে মূঢ়ো যতঃ শমিতুমিচ্ছতি ।
ধীরস্তত্ত্বং বিনিশ্চিত্য সর্ব্বদা শান্তমানসঃ ॥ ৩৯ ।

মূঢ়ঃ (অজ্ঞানী) শান্তিং (স্থিরভাব) ন লভতে (প্রাপ্ত হয় না) যতঃ (যেহেতু) [সে] শমিতুং (ইন্দ্রিয়গণের বৃত্তিনিরোধে) ইচ্ছতি

(ইচ্ছাকরে)। [কিন্তু] ধীরঃ (বিবেকী) তত্ত্বং (আত্মার স্বরূপ) বিনিশ্চিত্য (বিশেষরূপে জানিয়া) সর্ব্বদা (সকল সময়েই) শান্তমানসঃ [তিষ্ঠতি] (প্রশান্তচিত্তে অবস্থান করেন)। ৩৯।

শমাভ্যাসরত মূঢ় শান্তি নাহি পায়।
তত্ত্বস্থিরমাত্রে ধীর শান্তিসুখময়॥ ৩৯।

ক্কাত্মনো দর্শনং তস্য যদ্দৃষ্টমবলম্বতে।
ধীরাস্তং তং ন পশ্যন্তি পশ্যন্ত্যাত্মানমদ্বয়ম্॥ ৪০।

যদ্দৃষ্টং (যাহা দেখে) [তদেব—তাহাই] অবলম্বতে (বিষয়রূপে গ্রহণ করে) [অতএব] তস্য (তাহার অর্থাৎ বহির্দৃষ্টিসম্পন্ন লোকের) আত্মনঃ (আত্মার) দর্শনং (সাক্ষাৎকার) ক্ক (কোথায়)? ধীরঃ (অন্তর্দৃষ্টিসম্পন্ন ব্যক্তি) তং তং (সেই দৃশ্য পদার্থ) ন পশ্যন্তি (দেখেন না) [তাঁহারা] অদ্বয়ং (অখণ্ড) আত্মানং (আত্মাকেই) পশ্যন্তি (দেখিয়া থাকেন)। ৪০।

বাহ্যদৃষ্টিস্থিরে কোথা আত্মার দর্শন।
বাহ্য নাই আত্মারে দেখেন জ্ঞানিজন॥ ৪০।

ক্ক নিরোধো বিমূঢ়স্য যো নির্ব্বন্ধং করোতি বৈ।
স্বারামস্যৈব ধীরস্য সর্ব্বদাসাঽবকৃত্রিমঃ॥ ৪১।

বৈ (ইহা নিশ্চিত যে), যঃ (যে ব্যক্তি) [বিষয় গ্রহণে] নির্ব্বন্ধং (আগ্রহ) করোতি (করে), [তাদৃশ] বিমূঢ়স্য (আসক্তচিত্ত মূঢ়ের) নিরোধঃ ক্ক (ইন্দ্রিয়বৃত্তির নিরোধ কোথায়)? স্বারামস্য (আত্মারাম) ধীরস্য এব (ধীর ব্যক্তিরই) সর্ব্বদা অসৌ (সকল সময়ে উহা অর্থাৎ ঐ নিরোধ) অকৃত্রিমঃ [ভবেৎ] (স্বভাবতঃ হইয়া থাকে)। ৪১।

বৃত্তিরোধে যত্ন, কিন্তু নিরোধ কোথায়।
অযত্নে সুস্থির, আত্মারামীর হৃদয়॥ ৪১।

ভাবস্য ভাবকঃ কশ্চিন্ন কিঞ্চিদ্ভাবকোঽপরঃ ।
উভয়াভাবকঃ কশ্চিদেবমেব নিরাকুলঃ ॥ ৪২ ।

কশ্চিৎ (কেহ) ভাবস্য (বাহ্যপদার্থের) ভাবকঃ (ভাবনা করে), অপরঃ (অন্যে) কিঞ্চিৎ (কিছুই) ন ভাবকঃ (ভাবনা করে না) । কশ্চিৎ (কেহ আবার অর্থাৎ জীবন্মুক্ত) উভয়াভাবকঃ (ভাব ও অভাব এতদুভয়েরই ভাবনা করেন না), এবমেব সন্ (এইরূপ হইয়াই) নিরাকুলঃ [ভবতি] (উদ্বেগশূন্য হন্) । ৪২ ।

ভাবের ভাবুক কেহ, কেহ বা না ভাবে ।
ভাবাভাবহীন যোগী, নিরুদ্বেগ ভবে ॥ ৪২ ।

শুদ্ধমদ্বয়মাত্মানং ভাবয়ন্তি কুবুদ্ধয়ঃ ।
নতু জানন্তি সংমোহাৎ যাবজ্জীবমনির্বৃতাঃ ॥ ৪৩ ।

কুবুদ্ধয়ঃ (মন্দবুদ্ধি লোকে) শুদ্ধং (অপরিণামী), অদ্বয়ং (অখণ্ড) আত্মানং (আত্মাকে) ভাবয়ন্তি (কেবলমাত্র ভাবনা করে), তু (কিন্তু) সংমোহাৎ (দেহে অভিমানবশতঃ) ন জানন্তি (প্রত্যক্ষ করিতে পারে না), [অতএব] যাবজ্জীবং (জীবনকাল ব্যাপিয়া) অনির্বৃতাঃ (অশান্তচিত্তে) তিষ্ঠন্তি (অবস্থান করে) । ৪৩ ।

মন্দবুদ্ধি, অদ্বয় আত্মারে ভাবে বৃথা ।
আজীবন মোহাচ্ছন্ন না পায় বারতা ॥ ৪৩ ।

মুমুক্ষোর্বুদ্ধিরালম্বমন্তরেণ ন বিদ্যতে ।
নিরালম্বৈব নিষ্কামা বুদ্ধির্মুক্তস্য সর্ব্বদা ॥ ৪৪ ।

মুমুক্ষোঃ (মুক্তিকামীর) বুদ্ধিঃ (বুদ্ধি) আলম্বং (বিষয়) অন্তরেণ (শূন্য হইয়া) ন বিদ্যতে (থাকে না), মুক্তস্য (জীবন্মুক্তের) বুদ্ধিঃ (বুদ্ধি)

সর্ব্বদা নিষ্কামা (সকল সময়ে আসক্তিশূন্যা) [ও] নিরালম্বা এব [বিদ্যতে] (অবলম্বনশূন্যাই থাকে। ৪৪।

মুক্তিকামী বুদ্ধি, অবলম্বনে অস্থির।
বিনাবলম্বন জ্ঞানে নিষ্কামী সুস্থির॥ ৪৪।

বিষয়-দ্বীপিনো বীক্ষ্য চকিতাঃ শরণার্থিনঃ।
বিশন্তি ঝটিতি ক্রোড়ং নিরোধৈকাগ্রসিদ্ধয়ে॥ ৪৫।

বিষয়-দ্বীপিনঃ (বিষয়রূপ ব্যাঘ্রকে) বীক্ষ্য (দেখিয়া) চকিতাঃ (ভয়সন্ত্রস্তহৃদয়) শরণার্থিনঃ (আশ্রয়প্রার্থিগণ) ঝটিতি (অতি সত্বরে) নিরোধৈকাগ্রসিদ্ধয়ে (ইন্দ্রিয়বৃত্তির একাগ্রতা ও নিরোধের জন্য) ক্রোড়ং বিশন্তি (ঐ নিরোধ ও একাগ্রতার আশ্রয় গ্রহণ করে)। ৪৫।

বিষয়-ব্যাঘ্রেরে দেখি শরণার্থী ভয়ে।
প্রবেশে নিরোধ-ক্রোড়ে একাগ্রতাশয়ে॥ ৪৫।

নির্ব্বাসনং হরিং দৃষ্ট্বা তূষ্ণীং বিষয়দন্তিনঃ।
পলায়ন্তে ন শক্তাস্তে সেবন্তে কৃতচাটবঃ॥ ৪৬।

নির্ব্বাসনং (কামনাশূন্য) হরিং (হরিমিব হরিং—সিংহসদৃশ জীবন্মুক্তকে) দৃষ্ট্বা (দেখিয়া) বিষয়দন্তিনঃ (বিষয়রূপ হস্তিগণ) তূষ্ণীং (নীরবে) পলায়ন্তে (পলায়ন করে) [অথবা] ন শক্তাঃ (পলায়িতুম্ অসমর্থাঃ—পলায়নে অক্ষম হইয়া) তে (তাহারা) কৃতচাটবঃ (প্রীতিকর বাক্যের দ্বারা সন্তোষ উৎপাদন করতঃ) সেবন্তে (সিংহসদৃশ জীবন্মুক্তের সেবা করে)। ৪৬।

নিষ্কাম সিংহেরে দেখি বিষয়-বারণ।
পলায়, অথবা সেবে সিংহের চরণ॥ ৪৬।

ন মুক্তিকারিকাং ধত্তে নিঃশঙ্কো মুক্তমানসঃ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্নাস্তে যথাসুখম্॥ ৪৭।

[জীবন্মুক্ত] নিঃশঙ্কঃ (সংশয়, বিতর্ক প্রভৃতি আশঙ্কাশূন্য) [বলিয়া] মুক্তিকারিকাং (মুক্তির সাধন, বেদান্তবিচারাদি) ন ধত্তে (অবলম্বন করেন না)। মুক্তমানসঃ (অনাসক্তচিত্ত) [বলিয়া জীবন্মুক্ত ব্যক্তি] পশ্যন্ (দেখিয়া), শৃণ্বন্ (শুনিয়া), স্পৃশন্ (স্পর্শ করিয়া), জিঘ্রন্ (গন্ধ লইয়া) [ও] অশ্নন্ (স্বাদ গ্রহণ করিয়াও) যথাসুখং (হর্ষবিষাদশূন্য নিরাময় অবস্থায়) আস্তে (অবস্থান করেন)। ৪৭।

মুক্তমনা না সাধেন কার্য্য মুক্তিকর।
দেখে, শুনে, স্পর্শে, খেয়ে সানন্দ অন্তর॥ ৪৭।

যস্তু শ্রবণমাত্রেণ শুদ্ধবুদ্ধির্নিরাকুলঃ।
নৈবাচারমনাচারমৌদাস্যং বা প্রপশ্যতি॥ ৪৮।

তু (ইহা নিশ্চিত যে), যঃ (যিনি) শ্রবণমাত্রেণ ('তত্ত্বমসি' প্রভৃতি মহাবাক্যের অর্থ শ্রবণমাত্রে) শুদ্ধবুদ্ধিঃ (নির্ম্মলচিত্ত) [ও] নিরাকুলঃ (ধীর জীবন্মুক্ত হইয়াছেন) [তিনি] আচারং (বৈদিক ও লৌকিক বিধি) [ও] অনাচারং (নিষিদ্ধ আচার) বা (অথবা) ঔদাস্যং (আচারে ও অনাচারে উদাসীন ভাব) ন এব প্রপশ্যতি (দেখেন না। ৪৮।

তত্ত্বশ্রুতিমাত্রে যাঁর জ্ঞান সুনির্ম্মল।
না দেখেন অনাচার আচার সকল॥ ৪৮।

যদা যৎ কর্ত্তুমায়াতি তদা তৎ কুরুতে ঋজুঃ।
শুভং বাপ্যশুভং বাপি তস্য চেষ্টা হি বালবৎ॥ ৪৯।

[জীবন্মুক্ত] যদা (যখন) যৎ (যাহা) কর্ত্তুম্ (করিবার জন্য) আয়াতি (উপস্থিত হয়) তদা (তখন) তৎ শুভং বা অশুভং বা অপি

(তাহা শুভই হউক বা অশুভই হউক) ঋজুঃ (সরলচিত্তে) কুরুতে (করিয়া থাকেন); হি (যে হেতু) তস্য চেষ্টা (তাঁহার চেষ্টা) বালবৎ (বালকের ন্যায়)। ৪৯।

করিবার যাহা ক'রে হৃদয় সরল।
শিশুসম কার্য্য, নাহি মঙ্গলামঙ্গল॥ ৪৯।

স্বাতন্ত্র্যাৎ সুখমাপ্নোতি স্বাতন্ত্র্যাল্লভতে পরম্।
স্বাতন্ত্র্যান্নির্বৃতিং গচ্ছেৎ স্বাতন্ত্র্যাৎ পরমং পদম্॥ ৫০।

স্বাতন্ত্র্যাৎ (স্বাধীনতায় অর্থাৎ স্বস্বরূপাবস্থানে) সুখং আপ্নোতি (সুখ-প্রাপ্ত হয়), স্বাতন্ত্র্যাৎ (স্বাধীনতায়) পরং (পরম ব্রহ্ম) লভতে (লাভ হয়), স্বাতন্ত্র্যাৎ (স্বাধীনতায়) নির্বৃতিং (শান্তি) [গচ্ছেৎ—প্রাপ্ত হয়] স্বাতন্ত্র্যাৎ (স্বাধীনতায়) পরমং পদং (মোক্ষ) গচ্ছেৎ (প্রাপ্ত হয়)। ৫০।

ব্রহ্মাবলম্বন মুক্ত স্বরূপবিজ্ঞানে।
নিবৃত্তি আনন্দ, পরমত্ব টানি আনে॥ ৫০।

অকর্ত্তৃত্বমভোক্তৃত্বং স্বাত্মনো মন্যতে যদা।
তদা ক্ষীণা ভবন্ত্যেব সমস্তাশ্চিত্তবৃত্তয়ঃ॥ ৫১।

[জীব] যদা (যখন) স্বাত্মনঃ (নিজের আত্মায়) অকর্ত্তৃত্বং (আমি কর্ত্তা নহি) [ও] অভোক্তৃত্বং (আমি সুখাদির ভোক্তাও নহি) [এইরূপ] মন্যতে (মনে করে), তদা (তখন) [তাহার] সমস্তাঃ চিত্তবৃত্তয়ঃ (মানসিক তাবৎ ভাব) ক্ষীণাঃ এব ভবন্তি (দগ্ধবীজের ন্যায় ফলোৎপাদনে অক্ষমই হইয়া থাকে)। ৫১।

কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব যদি আত্মা হ'তে খসে।
দুর্ব্বল হইয়া বৃত্তিগণ থাকে বশে॥ ৫১।

উচ্ছৃঙ্খলাপ্যকৃতিকা স্থিতির্ধীরস্য রাজতে।
ন তু সস্পৃহচিত্তস্য শান্তির্মূঢ়স্য কৃত্রিমা ॥ ৫২।

ধীরস্য (নিস্পৃহ জীবন্মুক্তের) অকৃতিকা (অকৃত্রিম) স্থিতিঃ (স্বরূপাবস্থিতি) উচ্ছৃঙ্খলাপি (বিধিনিষেধরূপ শৃঙ্খলা অতিক্রম করিলেও) রাজতে (শোভা পায়); তু (কিন্তু) সস্পৃহচিত্তস্য (কামনাকুলিত চিত্ত) মূঢ়স্য (মূঢ় জীবের) কৃত্রিমা (কৃত্রিম অর্থাৎ অনিত্য) শান্তিঃ (ভোগসুখ) [অস্থির বলিয়া] ন [রাজতে] (শোভা পায় না)। ৫২।

ধীরস্থিতি অকৃত্রিম হ'লেও চঞ্চল।
কৃত্রিম মূঢ়ের শান্তি, কামনা প্রবল ॥ ৫২।

বিলসন্তি মহাভোগৈর্বিশন্তি গিরিগহ্বরান্।
নিরস্ত-কল্পনা ধীরা অবদ্ধা মুক্তবুদ্ধয়ঃ ॥ ৫৩।

নিরস্ত-কল্পনা (যাঁহাদের হৃদয় হইতে আসক্তির বীজভূত সঙ্কল্প অপসৃত হইয়াছে), মুক্তবুদ্ধয়ঃ (যাঁহাদের চিত্ত রাগদ্বেষাদি দোষমুক্ত), অবদ্ধাঃ (যাঁহারা গুণমুক্ত) ধীরাঃ (এরূপ সমদর্শী জীবন্মুক্ত ব্যক্তিগণ) [যদি] মহাভোগৈঃ (ভোগবিলাসের উৎকৃষ্ট উপকরণদ্বারা) বিলসন্তি (বিলাস ভোগ করেন) [কিম্বা] গিরিগহ্বরান্ (পর্ব্বতগুহায়) বিশন্তি (প্রবেশ করেন) [তথাপি তিনি সমসুখী]। ৫৩।

মহাভোগে, কিম্বা গিরিকন্দরে স্থাপিত।
সমসুখী জীবন্মুক্ত, বাসনারহিত ॥ ৫৩।

শ্রোত্রিয়ং দেবতাং তীর্থমঙ্গনাং ভূপতিং প্রিয়ম্।
দৃষ্ট্বা সংপূজ্য ধীরস্য ন ক্বাপি হৃদি বাসনা ॥ ৫৪।

শ্রোত্রিয়ং (বেদজ্ঞ-ব্রাহ্মণ), দেবতাং (দেবতা), তীর্থং (তীর্থ), অঙ্গনাং (স্ত্রী), ভূপতিং (রাজা), প্রিয়ং (প্রিয়বন্ধু-বান্ধবকে) দৃষ্ট্বা

(দেখিয়া) [ও] সংপূজ্য (তাহাদের সেবা করিয়া) ধীরস্য (সমদর্শী জীবন্মুক্তের) হৃদি (হৃদয়ে) ক্বাপি (কোনও বিষয়েই) বাসনা (আশা) ন জায়তে (জন্মে না)। ৫৪।

শ্রোত্রিয়, দেবতা, তীর্থ, ভূপতি, অঙ্গনা।
যাহে ইচ্ছা রত, নাই কিছুই কামনা॥ ৫৪।

ভৃত্যৈঃ পুত্রৈঃ কলত্রৈশ্চ দুর্ব্বৃত্তৈশ্চাপি গোত্রজৈঃ।
বিহস্য ধিক্কৃতো যোগী ন যাতি বিকৃতিং মনাক্॥ ৫৫।

ভৃত্যৈঃ (দাস), পুত্রৈঃ (পুত্র), কলত্রৈঃ (পত্নী), দুর্ব্বৃত্তৈঃ (দুর্জ্জন) [ও] গোত্রজৈঃ (জ্ঞাতিগণকর্ত্তৃক) বিহস্য (উপহাস সহকারে) ধিক্কৃতঃ (তিরস্কৃত হইলেও) যোগী (সমদর্শী যোগী) মনাক্ (অত্যল্প) বিকৃতিং (ক্ষোভও) ন যাতি (প্রাপ্ত হন না)। ৫৫।

ভৃত্য, পুত্র, দারা, দুষ্ট কিম্বা জ্ঞাতিগণ।
দিলেও ধিক্কার, যোগী অচঞ্চল মন॥ ৫৫।

সন্তুষ্টোঽপি ন সন্তুষ্টঃ খিন্নোঽপি ন চ খিদ্যতে।
তস্যাশ্চর্য্যদশাং তাং তাং তাদৃশা এব জানতে॥ ৫৬।

[জীবন্মুক্ত ব্যক্তি] সন্তুষ্টঃ অপি (সন্তুষ্ট হইয়াও) সন্তুষ্টঃ ন [ভবতি] (সন্তুষ্ট নহেন) চ (এবং) খিন্নঃ অপি (দুঃখিত হইয়াও) ন খিদ্যতে (দুঃখিত নহেন), তস্য (তাঁহার) তাং তাং আশ্চর্য্যদশাং (সেইরূপ অপূর্ব্ব অবস্থাগুলি) তাদৃশাঃ এব জানতে (তাদৃশ মহাত্মা সাধুগণই বিদিত হন্)। ৫৬।

প্রকাশ সন্তোষ, খেদ, নহে তুষ্ট খিন্ন।
কে বুঝে সে অপূর্ব্বতা সমাবস্থ ভিন্ন॥ ৫৬।

কর্ত্তব্যতৈব সংসারো ন তাং পশ্যন্তি সূরয়ঃ।
শূন্যাকারা নিরাকারা নির্ব্বিকারা নিরাময়াঃ॥ ৫৭।

নিরাময়াঃ (অবিদ্যারূপ রোগমুক্ত), নির্ব্বিকারাঃ (ক্রোধাদি-বিকারশূন্য), শূন্যাকারাঃ (নিরালম্বী), নিরাকারাঃ (নিরাকার ব্রহ্মভূত) সূরয়ঃ (জ্ঞানী জীবন্মুক্তগণ) কর্ত্তব্যতা এব সংসারঃ (কর্ত্তব্যই সংসার) তাং (তাহাকে) ন পশ্যন্তি (দেখেন না) [অর্থাৎ জ্ঞানীর চক্ষে সংসার বলিয়া দ্বিতীয় কিছুই নাই]। ৫৭।

শূন্যাকারে নির্ব্বিকার মালিন্যরহিত।
না দেখেন সংসার কর্ত্তব্য দেবচিত॥ ৫৭।

অকুর্ব্বন্নপি সংক্ষোভাদ্ব্যগ্রঃ সর্ব্বত্র মূঢ়ধীঃ।
কুর্ব্বন্নপি তু কৃত্যানি কুশলো হি নিরাকুলঃ॥ ৫৮।

মূঢ়ধীঃ (মলিনবুদ্ধিসম্পন্ন ব্যক্তি) [কৃত্যানি—কর্ম্ম] অকুর্ব্বন্ অপি (না করিলেও) সংক্ষোভাৎ (অশান্তস্বভাববশতঃ) সর্ব্বত্র (সর্ব্বদা) ব্যগ্রঃ (চঞ্চল) [ভবতি—হয়], তু (কিন্তু) হি (ইহা অবধারিত যে), কুশলঃ (চরমদেহ-জীবন্মুক্ত) কৃত্যানি (কর্ম্ম) কুর্ব্বন্ অপি (করিয়াও) নিরাকুলঃ [তিষ্ঠতি] (অব্যগ্রচিত্তে অবস্থান করেন)। ৫৮।

ছাড়ি কর্ম্ম, মূঢ়বুদ্ধি সকলে ব্যাকুল।
করিবার যাহা করি যোগী নিরাকুল॥ ৫৮।

সুখমাস্তে সুখং শেতে সুখমায়াতি যাতি চ।
সুখং বক্তি সুখং ভুঙ্‌ক্তে ব্যবহারেঽপি শান্তধীঃ॥ ৫৯।

[জীবন্মুক্ত] সুখং (সুখে) আস্তে (অবস্থান করেন), সুখং শেতে (সুখে শয়ন করেন), সুখম্ আয়াতি (সুখে আগমন করেন) চ (এবং)

সুখং যাতি (সুখে গমন করেন), সুখং বক্তি (সুখে বাক্য বলেন), সুখং ভুঙ্‌ক্তে (সুখে ভোজন করেন) ব্যবহারে অপি (লৌকিক ব্যবহারেও) শান্তধীঃ [ভবেৎ] (স্থিরবুদ্ধিই থাকেন)। ৫৯।

শয়ন, ভোজন সুখে গমনাগমন।
সুখে কথা কন্ ধীর, শান্ত জ্ঞানি-জন॥ ৫৯।

স্বভাবাদ্ যস্য নৈবার্ত্তি র্লোকবদ্ব্যবহারিণঃ।
মহাহ্রদ ইবাক্ষোভ্যো গতক্লেশঃ সুশোভতে॥ ৬০।

লোকবৎ ব্যবহারিণঃ (বাহিরে সাধারণ লোকের ন্যায় ব্যবহার করিলেও) যস্য (যাঁহার অর্থাৎ জীবন্মুক্তের) [অন্তরে] স্বভাবাৎ এব (স্বভাবতঃই) আর্ত্তিঃ (কোনও ক্লেশ) ন [অস্তি] (থাকে না)। গতক্লেশঃ (অবিদ্যাদি সর্ব্ববিধ ক্লেশশূন্য জীবন্মুক্ত) মহাহ্রদঃ ইব (বৃহৎ জলাশয়ের ন্যায়) অক্ষোভ্যঃ [সন্] (অক্ষুব্ধ থাকিয়া) সুশোভতে (শোভা পান্)। ৬০।

অন্তরে সুস্থির বাহ্যে লোকব্যবহার।
মহাহ্রদসম শান্ত অক্ষুব্ধ-অন্তর॥ ৬০।

নিবৃত্তিরপি মূঢ়স্য প্রবৃত্তিরুপজায়তে।
প্রবৃত্তিরপি ধীরস্য নিবৃত্তিফলভাগিনী॥ ৬১।

মূঢ়স্য (আত্মজ্ঞানবিহীন ব্যক্তির) নিবৃত্তিঃ অপি (বিষয়ে বিরক্তিও) প্রবৃত্তিঃ উপজায়তে (প্রবৃত্তিতে পরিণত হয়), ধীরস্য (আত্মজ্ঞানসম্পন্ন জীবন্মুক্তের) প্রবৃত্তিঃ অপি (প্রবৃত্তিও) [আসক্তিশূন্য বলিয়া] নিবৃত্তি-ফলভাগিনী (মোক্ষফল দান করে)। ৬১।

মূঢ়ের নিবৃত্তিবৃক্ষে প্রবৃত্তির ফল।
জ্ঞানীর প্রবৃত্তিবৃক্ষে নিবৃত্তি নির্ম্মল॥ ৬১।

পরিগ্রহেষু বৈরাগ্যং প্রায়ো মূঢ়স্য দৃশ্যতে।
দেহে বিগলিতাশস্য ক্ব রাগঃ ক্ব বিরাগতা ॥ ৬২ ।

মূঢ়স্য (মলিনবুদ্ধি লোকের) পরিগ্রহেষু (গ্রহণীয়বস্তুতে) বৈরাগ্যং (বিরাগ) প্রায়ঃ (অধিকতররূপে) দৃশ্যতে (দেখিতে পাওয়া যায়)। দেহে (শরীরে) বিগলিতাশস্য (আস্থাশূন্য জীবন্মুক্তের) রাগঃ ক্ব (বিষয়ানুরাগ কোথায়) [বা] বিরাগতা (বিষয়ে দ্বেষই বা) ক্ব (কোথায়) ? ৬২ ।

মূঢ়ের বৈরাগ্য যত কেবল গ্রহণে ।
দেহে নাই আশা, রাগ-বিরাগ কে জানে ॥ ৬২ ।

ভাবনাভাবনাসক্তা দৃষ্টির্মূঢ়স্য সর্ব্বদা ।
ভাব্যভাবনয়া সা তু স্বস্থস্যাদৃষ্টিরূপিণী ॥ ৬৩ ।

মূঢ়স্য (অজ্ঞজীবের) দৃষ্টিঃ (বুদ্ধি) সর্ব্বদা (সকল সময়েই) ভাবনা (চিন্তা) [ও] অভাবনা (চিন্তা না করা) [এতদুভয়বিধ ভাবদ্বারা] আসক্তা (জড়িত), তু (কিন্তু) স্বস্থস্য (স্বরূপাবস্থিত জীবন্মুক্তের সা (ঐ দৃষ্টি) ভাব্যভাবনয়া (চিন্তনীয় বস্তুর চিন্তাদ্বারা জড়িত থাকিলেও) অদৃষ্টিরূপিণী (অনাসক্ত বলিয়া উহা দৃষ্টিমধ্যে পরিগণিত নহে)। ৬৩ ।

মূঢ়-দৃষ্টি সদা চিন্তা-অচিন্তাজড়িত ।
অদৃষ্টি আত্মস্থ-দৃষ্টি, হলেও ভাবিত ॥ ৬৩ ।

সর্ব্বারম্ভেষু নিষ্কামো যশ্চরেদ্বালবন্মুনিঃ ।
ন লেপস্তস্য শুদ্ধস্য ক্রিয়মাণেঽপি কর্ম্মণি ॥ ৬৪ ।

যঃ মুনিঃ (যে মুনি) বালবৎ (বালকের ন্যায়) সর্ব্বারম্ভেষু (কর্ম্ম-সমূহে) নিষ্কামঃ [সন্] (ফলকামনাশূন্য হইয়া) চরেৎ (ব্যবহারমার্গে বিচরণ করেন), কর্ম্মণি (কর্ম্ম) ক্রিয়মাণেঽপি (করিলেও) শুদ্ধস্য

(কর্তৃত্ব-ভোক্তৃত্ব-অভিমানশূন্য) তস্য (তাঁহার অর্থাৎ জীবন্মুক্তের) ন লেপঃ (ফলসম্বন্ধ থাকে না)। ৬৪।

শিশুসম সর্ব্বারম্ভ নিষ্কাম যাঁহার।
করি কর্ম্ম নহে লিপ্ত, শুদ্ধ নির্ব্বিকার॥ ৬৪।

স এব ধন্য আত্মজ্ঞঃ সর্ব্বভাবেষু যঃ সমঃ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্নিস্তর্ষমানসঃ॥ ৬৫।

[ইহ জগতে] যঃ (যিনি) পশ্যন্ (দেখিয়া), শৃণ্বন্ (শুনিয়া), স্পৃশন্ (স্পর্শ করিয়া), জিঘ্রন্ (গন্ধ লইয়া) [ও] অশ্নন্ (ভোজন করিয়া) নিস্তর্ষমানসঃ (অনাসক্ত) সর্ব্বভূতেষু সমঃ (সর্ব্বভূতে সমভাবাপন্ন) সঃ আত্মজ্ঞঃ এব (সেই আত্মজ্ঞানীই) ধন্যঃ (ধন্যবাদের যোগ্য)। ৬৫।

ধন্য সে আত্মজ্ঞ, সর্ব্বভাবে যে সমান।
দেখে, শুনে, স্পর্শে, খেয়ে, নহে স্পৃহাবান্॥ ৬৫।

ক্ব সংসারঃ ক্ব চাভাসঃ ক্ব সাধ্যং ক্ব চ সাধনম্।
আকাশস্যেব ধীরস্য নির্ব্বিকল্পস্য সর্ব্বদা॥ ৬৬।

সর্ব্বদা আকাশস্য ইব (সকল সময়েই আকাশের ন্যায়) ধীরস্য (স্থির-স্বভাব), নির্ব্বিকল্পস্য (সর্ব্ববিধ কল্পনাশূন্য) [জীবন্মুক্তের] সংসারঃ ক্ব (সংসার কোথায়) চ (এবং) আভাসঃ ক্ব (জীবভাব কোথায়), সাধ্যং ক্ব (সাধিবার বিষয় কোথায়) চ (এবং) সাধনম্ ক্ব (সাধনই বা কোথায়)? ৬৬।

কি তাঁর সংসার, সাধ্য, সাধন, আভাস।
ব্যোমসম নির্ব্বিকল্পে সদা যাঁর বাস॥ ৬৬।

স জয়ত্যর্থসন্ন্যাসী পূর্ণস্বরসবিগ্রহঃ ।
অকৃত্রিমেঽনবচ্ছিন্নে সমাধির্যস্য বর্ত্ততে ॥ ৬৭ ।

যস্য (যাঁহার) অকৃত্রিমে (নিত্য), অনবচ্ছিন্নে (দেশকালাদিদ্বারা অপরিচ্ছিন্ন অর্থাৎ অখণ্ডস্বরূপ ব্রহ্মে) সমাধিঃ (স্থিতি) বর্ত্ততে (হয়) সঃ (সেই) পূর্ণস্বরসবিগ্রহঃ (পূর্ণ আত্মানন্দ বা ব্রহ্মানন্দস্বরূপ) অর্থ-সন্ন্যাসী (বিষয়ত্যাগীই) জয়তি (সকলের উৎকৃষ্ট)। ৬৭।

আত্মরসপূর্ণ যোগী সর্ব্ব অর্থ-জয়ী ।
অকৃত্রিম, অবিচ্ছিন্ন সমাধি-আশ্রয়ী ॥ ৬৭ ।

বহুনাত্র কিমুক্তেন জ্ঞাততত্ত্বো মহাশয়ঃ ।
ভোগমোক্ষনিরাকাঙ্ক্ষী সদা সর্ব্বত্র নীরসঃ ॥ ৬৮ ।

অত্র (এ বিষয়ে) বহুনা (বেশী) উক্তেন (বলিয়া) কিং (কি হইবে অর্থাৎ বলিবার প্রয়োজন নাই)। জ্ঞাততত্ত্বঃ (যিনি আত্মতত্ত্ব পরিজ্ঞাত হইয়াছেন) মহাশয়ঃ [এরূপ] (মহদন্তঃকরণ ব্যক্তি) ভোগমোক্ষ-নিরাকাঙ্ক্ষী (ভোগ ও মুক্তির আকাঙ্ক্ষা করেন না), সদা সর্ব্বত্র (সর্ব্ববিষয়ে) নীরসঃ [ভবেৎ] (অনাসক্ত হ'ন্)। ৬৮।

কি আর বলিব, জ্ঞাততত্ত্বমহাশয় ।
ভোগ মোক্ষে স্পৃহা নাই সদা শান্তিময় ॥ ৬৮ ।

মহদাদিজগদ্দ্বৈতং নামমাত্রবিজৃম্ভিতম্ ।
বিহায় শুদ্ধবোধস্য কিং কৃত্যমবশিষ্যতে ॥ ৬৯ ।

নামমাত্রবিজৃম্ভিতম্ (নামমাত্রে পর্য্যবসিত) মহদাদি (সমষ্টি-বুদ্ধিতত্ত্ব হইতে আরম্ভ করিয়া পঞ্চভূত পর্য্যন্ত তাবৎ) দ্বৈতং জগৎ (বিভিন্ন ভাববিশিষ্ট জগৎ) বিহায় (পরিত্যাগ করিয়া) শুদ্ধবোধস্য (বিশুদ্ধ

জ্ঞানস্বরূপে অবস্থিত জীবন্মুক্তের) কিং কৃত্যং (কি কর্ত্তব্য) অবশিষ্যতে (আর অবশিষ্ট থাকিতে পারে) ? ৬৯।

নামমাত্র ব্যক্ত, দ্বৈতবিশ্ব মহদাদি।
ত্যজি, কি করিতে বাকী ? শুদ্ধ বোধ যদি ॥ ৬৯।

ভ্রমভূতমিদং সর্ব্বং কিঞ্চিন্নাস্তীতি নিশ্চয়ী।
আলক্ষ্য স্ফুরণং শুদ্ধঃ স্বভাবেনৈব শাম্যতি ॥ ৭০।

ভ্রমভূতং (ভ্রমস্বরূপ) ইদং সর্ব্বং (এই জগৎ) কিঞ্চিৎ নাস্তি ইতি নিশ্চয়ী (কিছুই নয় এইরূপ নিশ্চয়জ্ঞানসম্পন্ন), শুদ্ধঃ (বিশুদ্ধস্বভাব জ্ঞানী) স্ফুরণং (আত্মাকে স্বয়ংপ্রকাশ) আলক্ষ্য (জানিয়া) স্বভাবেন এব (স্বভাবতঃই) শাম্যতি (দুঃখবহুল সংসার হইতে নিবৃত্তিলাভ করেন)। ৭০।

ভ্রান্তিজাত এই বিশ্ব কিছু নহে স্থির।
বিশুদ্ধ প্রকাশ দেখি নিজভাবে ধীর ॥ ৭০।

শুদ্ধস্ফুরণরূপস্য দৃশ্যভাবমপশ্যতঃ।
ক্ব বিধিঃ ক্ব চ বৈরাগ্যং ক্ব ত্যাগঃ ক্ব শমোঽপি বা ॥ ৭১।

[যিনি] দৃশ্যভাবং (অচেতন জগদ্ভাব) অপশ্যতঃ (দর্শন করেন না), শুদ্ধস্ফুরণরূপস্য (এই প্রকার বিশুদ্ধজ্ঞানস্বরূপ জীবন্মুক্তের সম্বন্ধে) বিধিঃ ক্ব (বিধান কোথায়) চ (এবং) বৈরাগ্যং ক্ব (বৈরাগ্য কোথায়), ত্যাগঃ ক্ব (ফলত্যাগ কোথায়), শমঃ অপি বা ক্ব (বাসনানিগ্রহই বা কোথায়) ? ৭১।

বিশুদ্ধ প্রকাশ, দ্বৈতদৃষ্টি নাহি যাঁর।
বৈরাগ্য, নিগ্রহ, ত্যাগ, বিধি কিবা তাঁ'র ॥ ৭১।

স্ফুরতোঽনন্তরূপেণ প্রকৃতিঞ্চ ন পশ্যতঃ।
ক্ক বন্ধঃ ক্ক চ বা মোক্ষঃ ক্ক হর্ষঃ ক্ক বিষাদিতা ॥ ৭২।

[যিনি] অনন্তরূপেণ (সর্ব্বব্যাপী ব্রহ্মস্বরূপে) স্ফুরতঃ (প্রকাশ পান্) চ (এবং) প্রকৃতিং (মায়াকে) ন পশ্যতঃ (দেখেন না) [তাঁহার] বন্ধঃ ক্ক (বন্ধন কোথায়), মোক্ষঃ চ বা ক্ক (মোক্ষই বা কোথায়), হর্ষঃ ক্ক (হর্ষ কোথায়), বিষাদিতা ক্ক (বিষাদই বা কোথায়) ? ৭২।

অনন্তে প্রকাশ রূপ, না দেখে প্রকৃতি।
কোথা বন্ধ, মোক্ষ, হর্ষ, বিষাদ প্রভৃতি ॥ ৭২।

বুদ্ধিপর্য্যন্তসংসারে মায়ামাত্রং বিবর্ত্ততে।
নির্ম্মমো নিরহঙ্কারো নিষ্কামঃ শোভতে বুধঃ ॥ ৭৩

বুদ্ধিপর্য্যন্তসংসারে (পঞ্চভূত হইতে বুদ্ধিপর্য্যন্ত পদার্থসমূহে) মায়ামাত্রং (অবিদ্যাই) বিবর্ত্ততে (বর্ত্তমান রহিয়াছে) [ইহা জানিয়া] বুধঃ (জ্ঞানী) নির্ম্মমঃ (মমতাশূন্য), নিরহঙ্কারঃ (অহং কর্ত্তা এই অভিমানশূন্য) [ও] নিষ্কামঃ (নিস্পৃহ) [সন্—হইয়া] শোভতে (শোভা পান্)। ৭৩।

ভূতাদি বুদ্ধিপর্য্যন্ত মায়া বর্ত্তমান।
নির্ম্মম, নিরহঙ্কার, নিষ্কাম, বিজ্ঞান ॥ ৭৩।

অক্ষয়ং গতসন্তাপমাত্মানং পশ্যতো মুনেঃ।
ক্ক বিদ্যা ক্ক চ বা বিশ্বং ক্ক দেহোঽহং মমেতি বা ॥ ৭৪।

আত্মানং (আত্মাকে) অক্ষয়ং (অব্যয়) [ও] গতসন্তাপং (সর্ব্ব-প্রকার তাপশূন্যরূপে) পশ্যতঃ (দর্শনকারী) মুনেঃ (মুনির নিকটে)

বিদ্যা ক্ব (বেদ-বেদান্তাদিজ্ঞান কোথায়) চ (এবং) বিশ্বং বা ক্ব (বিশ্বই বা কোথায়) দেহোঽহং ক্ব (দেহাত্মবুদ্ধি কোথায়) বা (অথবা) মম ইতি ক্ব (মমতাবুদ্ধিই বা কোথায়) ? ৭৪।

অক্ষয় সন্তাপমুক্ত দেখিয়া আত্মারে।
নাহি জানে বিদ্যা, বিশ্ব, মমতাহঙ্কারে ॥ ৭৪ ।

নিরোধাদীনি কর্ম্মাণি জহাতি জড়ধীর্যদি।
মনোরথান্ প্রলাপাংশ্চ কর্ত্তুমাপ্নোতি তৎক্ষণাৎ ॥ ৭৫ ।

জড়ধীঃ (মন্দবুদ্ধি) যদি নিরোধাদীনি (যদি ঐন্দ্রিয়িক বৃত্তির নিরোধ অথবা একাগ্রতাদি) কর্ম্মাণি (কর্ম্মসমূহ) জহাতি (ত্যাগ করে) [তাহা হইলে সে] তৎক্ষণাৎ (তখনই) মনোরথান্ (বিবিধ সঙ্কল্প) চ (এবং) প্রলাপান্ (সর্ব্ববিধ ভোগালাপ) কর্ত্তুং (করিতে) আপ্নোতি (প্রবৃত্ত হয়)। ৭৫।

নিরোধাদি কর্ম্ম যদি জড়বুদ্ধি ছাড়ে।
প্রলাপ, বাসনা যত ক্রমাগত বাড়ে ॥ ৭৫ ।

মন্দঃ শ্রুত্বাপি তদ্বস্তু ন জহাতি বিমূঢ়তাম্।
নির্ব্বিকল্পো বহির্যত্নাদন্তর্ব্বিষয়লালসঃ ॥ ৭৬ ।

বহির্যত্নাৎ (বাহিরে কর-চরণাদিসংযত করিয়া) নির্ব্বিকল্পঃ (নিশ্চেষ্ট), অন্তঃ (অন্তঃকরণে) বিষয়লালসঃ (ভোগলিপ্সু) মন্দঃ (জড়বুদ্ধিব্যক্তি) তদ্বস্তু (ব্রহ্মবস্তু) শ্রুত্বা অপি (শাস্ত্রে শ্রবণ করিয়াও) বিমূঢ়তাং (মোহ) ন জহাতি (ত্যাগ করে না)। ৭৬।

যত্নে সমাধিস্থ দেহ, অন্তরে লালসা।
শুনেও পরম তত্ত্ব, সেই মূঢ় দশা ॥ ৭৬ ।

জ্ঞানাদ্গলিতকর্ম্মা যো লোকদৃষ্ট্যাপি কর্ম্মকৃৎ।

নাপ্নোত্যবসরং কর্ত্তুং বক্তুমেব ন কিঞ্চন ॥ ৭৭।

যঃ (যিনি) জ্ঞানাৎ (আত্মজ্ঞানদ্বারা) গলিতকর্ম্মা (দগ্ধবীজের ন্যায় নিস্ফল কর্ম্মী), [তিনি] লোকদৃষ্ট্যা (লোকচক্ষে) কর্ম্মকৃৎ অপি (কর্ম্ম-কর্ত্তা বলিয়া বিবেচিত হইলেও) কর্ত্তুং (কর্ম্ম করিবার জন্য) অবসরং (অবকাশ) ন আপ্নোতি (প্রাপ্ত হন্ না), [ও] কিঞ্চন (কিছু) বক্তুমেব (বলিতেও) [অবকাশ] ন আপ্নোতি (পান না)! ৭৭।

করিলেও কর্ম্ম, মুক্ত জ্ঞানীবর।
করিতে, বলিতে কিছু নাই অবসর ॥ ৭৭।

ক্ব তমঃ ক্ব প্রকাশো বা ক্ব হানং ক্ব চ কিঞ্চন।

নির্ব্বিকারস্য ধীরস্য নিরাতঙ্কস্য সর্ব্বদা ॥ ৭৮।

সর্ব্বদা (সকল সময়েই) নিরাকারস্য (ক্রোধাদি বিকারবিহীন), নিরাতঙ্কস্য (নির্ভয়চিত্ত), ধীরস্য (সমদর্শী-জীবন্মুক্তের) তমঃ ক্ব (অজ্ঞান কোথায়), প্রকাশঃ বা ক্ব (জ্ঞানই বা কোথায়), হানং ক্ব (ক্ষতি কোথায় চ (এবং) ক্ব কিঞ্চন (কোথায় বা কি আছে)? । ৭৮।

নির্ভয় হৃদয়ে ধীর সদা নির্ব্বিকার।
নাহি লাভ, ক্ষতি বা প্রকাশ, অন্ধকার ॥ ৭৮।

ক্ব ধৈর্য্যং ক্ব বিবেকিত্বং ক্ব নিরাতঙ্কতাপি বা।

অনির্ব্বাচ্যস্বভাবস্য নিঃস্বভাবস্য যোগিনঃ ॥ ৭৯।

অনির্ব্বাচ্যস্বভাবস্য (অনির্ব্বচনীয়স্বরূপ), নিঃস্বভাবস্য (ব্যক্তিগত ক্ষুদ্রভাবরহিত) যোগিনঃ (জীবন্মুক্ত যোগীর) ধৈর্য্যং (ধীরতা) ক্ব

(কোথায়), বিবেকিত্বং ক্ব (বিবেক কোথায়) বা (অথবা) নিরাতঙ্কতা অপি ক্ব (নির্ভয়ই বা কোথায়)? ৭৯।

নিঃস্বভাব যোগীভাব বাক্যের অতীত।
কিবা তাঁর নির্ভয়তা ধৈর্য্য বিবেকিত্ব॥ ৭৯।

ন স্বর্গো নৈব নরকো জীবন্মুক্তির্ন চৈব হি।
বহুনাত্র কিমুক্তেন যোগদৃষ্ট্যা ন কিঞ্চন॥ ৮০।

স্বর্গঃ ন (স্বর্গ নাই), নরকঃ ন (নরক নাই) চ (এবং) হি (ইহা অবধারিত যে,) জীবন্মুক্তিঃ ন (জীবন্মুক্তিও নাই) অত্র (এ বিষয়ে) বহুনা উক্তেন কিং (বেশী বলিবার প্রয়োজন নাই), যোগদৃষ্ট্যা (জ্ঞান-দৃষ্টিতে) কিঞ্চন ন (কিছুই নাই)। ৮০।

কোথা জীবন্মুক্তি, স্বর্গনরকাদিভাব।
যোগদৃষ্টে কিছু নাই, কি আর বলিব॥ ৮০।

নৈব প্রার্থয়তে লাভং নালাভে নানুশোচতি।
ধীরস্য শীতলং চিত্তমমৃতেনৈব পূরিতং॥ ৮১।

ধীরস্য (সমদশী জীবন্মুক্তের) শীতলং চিত্তং (রজস্তমোমুক্ত প্রশান্ত চিত্ত) লোভং (লোভের বস্তু) ন এব প্রার্থয়তে (প্রার্থনা করে না), অলাভে (তাহার অপ্রাপ্তিতেও) ন অনুশোচতি (অনুশোচনা করে না), [কারণ, উহা] অমৃতেন এব (আত্মানন্দেই) পূরিতং (পরিপূর্ণ রহিয়াছে)। ৮১।

লাভের প্রার্থনা নাই, অলাভে শোচনা।
অমৃত-পূরিত চিত্তে ধীর সুস্থমনা॥ ৮১।

ন শান্তং স্তৌতি নিষ্কামো ন দুষ্টমপি নিন্দতি।
সমদুঃখসুখস্তৃপ্তঃ কিঞ্চিৎ কৃত্যং ন পশ্যতি ॥ ৮২।

নিষ্কামঃ (নিস্পৃহযোগী) শান্তং (সদ্ব্যক্তির) ন স্তৌতি (প্রশংসা করেন না) দুষ্টমপি (দুষ্টেরও) ন নিন্দতি (নিন্দা করেন না)। সম-দুঃখসুখঃ (সুখ দুঃখে সমবুদ্ধি), তৃপ্তঃ (নিত্য সন্তুষ্ট যোগী) কৃত্যং কিঞ্চিৎ (করণীয় কিছুই) ন পশ্যতি (দেখেন না)। ৮২ ।

সাধুরে না করে স্তুতি না নিন্দে দুষ্টেরে।
কর্ত্তব্য না দেখে স্থির সুতৃপ্ত অন্তরে॥ ৮২ ।

ধীরো ন দ্বেষ্টি সংসারমাত্মানং ন দিদৃক্ষতি।
হর্ষামর্ষবিনির্মুক্তো ন মৃতো ন চ জীবতি ॥ ৮৩।

ধীরঃ (সমদর্শী যোগী) সংসারং (সংসারের প্রতি) ন দ্বেষ্টি (দ্বেষ-ভাবাপন্ন হন্ না), [এবং] আত্মানং (আত্মার) ন দিদৃক্ষতি (দর্শনে ইচ্ছাও করেন না), হর্ষামর্ষ (কাম-ক্রোধ) বিনির্মুক্তঃ (শূন্য হইয়া) যোগী] মৃতঃ ন (মৃতও নহেন) [ও] ন জীবতি (জীবিতও নহেন)। ৮৩।

সংসারে বিদ্বেষ নাই, না দেখে আত্মারে।
হর্ষ ক্ষোভমুক্ত, না জীবিত মৃতাকারে॥ ৮৩ ।

নিঃস্নেহঃ পুত্রদারাদৌ নিষ্কামো বিষয়েষু চ।
নিশ্চিন্তঃ স্বশরীরেঽপি নিরাশঃ শোভতে বুধঃ ॥ ৮৪।

পুত্রদারাদৌ (স্ত্রীপুত্রাদিতে) নিঃস্নেহঃ (মমতাশূন্য) চ (এবং) বিষয়েষু (ধনাদিতে) নিষ্কামঃ (নিস্পৃহ), স্বশরীরে অপি (নিজের দেহেও)

নিশ্চিন্তঃ (ভালমন্দ চিন্তা-রহিত) নিরাশঃ [সন্] (আসক্তিশূন্য হইয়া) বুধঃ (জ্ঞানী জীবন্মুক্ত) শোভতে (শোভা পান)। ৮৪।

দারাপুত্রে মোহশূন্য, বিষয়ে নিষ্কাম।
দেহজন্য চিন্তা নাই, শোভে আত্মারাম॥ ৮৪।

তুষ্টিঃ সর্ব্বত্র ধীরস্য যথাপতিতবর্ত্তিনঃ।
স্বচ্ছন্দং চরতো দেশান্ যত্রাস্তগিতশায়িনঃ॥ ৮৫।

[যিনি] দেশান্ (নানা দেশে) স্বচ্ছন্দং (অবাধে) চরতঃ (বিচরণ করেন), যত্রাস্তমিতশায়িনঃ (যে স্থানে সূর্য্যাস্ত হয় সেই স্থানেই শয়ন করেন), যথাপতিতবর্ত্তিনঃ (যথাপ্রাপ্ত দ্রব্যে জীবিকা নির্ব্বাহ করেন) [এরূপ] ধীরস্য (সমদর্শী জীবন্মুক্তের) তুষ্টিঃ (সন্তোষ) সর্ব্বত্র (সর্ব্বদাই) [তিষ্ঠতি—থাকে]। ৮৫।

যথাপ্রাপ্তে তুষ্ট ধীর, সুখে পর্য্যটন।
যথায় তপন অস্ত, তথায় শয়ন॥ ৮৫।

পততূদেতু বা দেহো নাস্য চিন্তা মহাত্মনঃ।
স্বভাবভূমিবিশ্রান্তিবিস্মৃতাশেষসংস্মৃতেঃ॥ ৮৬।

স্বভাব (জীবভাবের) ভূমি (আশ্রয়ভূত ব্রহ্মে) বিশ্রান্তি (বিশ্রামহেতু) বিস্মৃতাশেষসংস্মৃতেঃ (সংসার যাঁহার স্মৃতিতে উদয় হয় না) [এরূপ] মহাত্মনঃ (মহদন্তঃকরণ জীবন্মুক্তের) দেহঃ (শরীর) পততু (পতনোন্মুখ হউক) বা (অথবা) উদেতু (বৃদ্ধিপ্রাপ্ত হউক) [তাঁহার] অস্য (দেহের) চিন্তা (ভালমন্দচিন্তা) ন [ভবতি] (থাকে না)। ৮৬।

থাকে যায় দেহ, নাহি চিন্তা মহাত্মার।
স্বরূপে বিশ্রামসুখে, ভুলিয়া সংসার॥ ৮৬।

অকিঞ্চনঃ কামচারো নির্দ্বন্দ্বশ্ছিন্নসংশয়ঃ।

অসক্তঃ সর্ব্বভাবেষু কেবলো রমতে বুধঃ॥ ৮৭।

অকিঞ্চনঃ (অবলম্বনশূন্য), কামচারঃ (স্বচ্ছন্দচারী), নির্দ্বন্দ্বঃ (সুখ-দুঃখাদি দ্বন্দ্বরহিত), ছিন্নসংশয়ঃ (গতসন্দেহ), সর্ব্বভাবেষু (সর্ব্ব বিষয়ে) অসক্তঃ (অনাসক্ত) বুধঃ (জ্ঞানী জীবন্মুক্ত) কেবলঃ (নিঃসঙ্গ হইয়া) রমতে (আত্মায় রমণ করেন)। ৮৭।

যথেচ্ছ-আচার, দ্বন্দ্বমুক্ত অকিঞ্চন।
সর্ব্বভাবে অনাসক্ত আত্মাতে রমণ॥ ৮৭।

নির্ম্মমঃ শোভতে ধীরঃ সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।

সুভিন্নহৃদয়গ্রন্থির্বিনির্ধূতরজস্তমাঃ॥ ৮৮।

সুভিন্নহৃদয়গ্রন্থিঃ (যিনি হৃদয়গ্রন্থি অর্থাৎ অবিদ্যার উচ্ছেদ করিয়াছেন), বিনির্ধূতরজস্তমাঃ (যাঁহার চিত্ত রজঃ ও তমোগুণমুক্ত) সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ (প্রস্তর ও স্বর্ণে যাঁহার সমবুদ্ধি) [এতাদৃশ] নির্ম্মমঃ (মমতাশূন্য) ধীরঃ (সমদর্শী জীবন্মুক্তই) [ইহলোকে] শোভতে (অতি সুন্দর)। ৮৮।

মমতাবর্জ্জিত সমকাঞ্চনপ্রস্তর।
রজস্তমোমুক্তহৃদি সারল্য-আধার॥ ৮৮।

সর্ব্বত্রানবধানস্য ন কিঞ্চিদ্বাসনা হৃদি।

মুক্তাত্মনো বিতৃষ্ণস্য তুলনা কেন জায়তে॥ ৮৯।

সর্ব্বত্র (সর্ব্ব বিষয়ে) অনবধানস্য (অনভিনিবিষ্টচিত্ত জীবন্মুক্তের) হৃদি (হৃদয়ে) কিঞ্চিদ্বাসনা (কোনও বাসনা) ন [তিষ্ঠতি] (থাকে না)।

বিতৃষ্ণস্য (নিস্পৃহ) [ও] মুক্তাত্মনঃ (মায়ামুক্ত জীবন্মুক্তের) কেন (কাহার সহিত) তুলনা (উপমা) জায়তে [হইতে পারে]? ৮৯।

সর্ব্বত্রে অমনোযোগ, বিগতা বাসনা।
বিতৃষ্ণ মুক্তাত্মাসহ কাহার তুলনা? ৮৯।

জানন্নপি ন জানাতি পশ্যন্নপি ন পশ্যতি।
ব্রুবন্নপি ন চ ব্রূতে কোঽন্যো নির্ব্বাসনাদৃতে॥ ৯০।

নির্ব্বাসনাৎ ঋতে (নিস্পৃহচিত্ত যোগী ব্যতিরেকে) অন্যঃ কঃ (অন্যে কে আর) জানন্ অপি (জানিয়াও) ন জানাতি (জানেন না) পশ্যন্ অপি (দেখিয়াও) ন পশ্যতি (দেখেন না) চ (এবং) ব্রুবন্ অপি (বলিয়াও) ন ব্রূতে (বলেন না) [এরূপ হইতে পারে?]। ৯০।

জানিয়া না জানে, নহে দর্শনে দর্শন।
কহিয়া না কহে, কেবা তাঁহার সমান? ৯০।

ভিক্ষুর্ব্বা ভূপতির্ব্বাপি যো নিষ্কামঃ স শোভতে।
ভাবেষু গলিতা যস্য শোভনাশোভনা মতিঃ॥ ৯১।

ভিক্ষুর্ব্বা (ভিক্ষুকই হউক), ভূপতির্ব্বা (রাজাই হউক); যঃ নিষ্কামঃ (যিনি নিস্পৃহ), যস্য (যাঁহার) ভাবেষু (জাগতিক বস্তুসমূহে) শোভনা (ভাল,) অশোভনা (মন্দ) মতিঃ (বুদ্ধি) গলিতা (নষ্ট হইয়াছে) সঃ শোভতে (তিনিই শোভান্বিত হন)। ৯১।

শোভে বা না শোভে মতি স্বভাবে গলিত।
ভিক্ষু বা নৃপতি যে নিষ্কাম সে শ্রীযুত॥ ৯১।

ক্ব স্বাচ্ছন্দ্যং ক্ব সঙ্কোচঃ ক্ব বা তত্ত্ববিনিশ্চয়ঃ।
নির্ব্যাজার্জ্জবভূতস্য চরিতার্থস্য যোগিনঃ॥ ৯২।

নির্ব্যাজ (অকপট) [ও] আর্জ্জবভূতস্য (সরল), চরিতার্থস্য (কৃতার্থ) যোগিনঃ (জীবন্মুক্ত যোগীর) স্বাচ্ছন্দ্যং (অব্যাহত ভাব) ক্ব (কোথায়), সঙ্কোচঃ ক্ব (সঙ্কুচিত ভাব কোথায়) বা (অথবা) তত্ত্ববিনিশ্চয়ঃ (আত্মতত্ত্বের নিশ্চয়জ্ঞানই বা কোথায়)? ৯২।

স্বভাবসরল যোগী কৃতার্থ-হৃদয়।
কি তাঁর সঙ্কোচ, স্বাস্থ্য, তত্ত্ববিনির্ণয়॥ ৯২।

আত্মবিশ্রান্তিতৃপ্তেন নিরাশেন গতার্ত্তিনা।
অন্তর্যদনুভূয়েত তৎ কথং কস্য কথ্যতে॥ ৯৩।

আত্মবিশ্রান্তিতৃপ্তেন (আত্মনির্ব্বাণসুখে তৃপ্ত), নিরাশেন (নিস্পৃহ), গতার্ত্তিনা (বিগতক্লেশ—জীবন্মুক্ত) অন্তঃ (স্বীয় অন্তঃকরণে) যৎ (যে আনন্দ) অনুভূয়েত (অনুভব করেন) তৎ (তাহা) কথং (কি প্রকারে) কস্য (কাহাকে) কথ্যতে (বলা যাইতে পারে)? ৯৩।

আশাকাতরতামুক্ত, আত্মরতি-তৃপ্ত।
যোগীর বিমলানন্দ বাক্যের অতীত॥ ৯৩।

সুপ্তোঽপি ন সুষুপ্তৌ চ স্বপ্নেঽপি শয়িতো ন চ।
জাগরেঽপি ন জাগর্ত্তি ধীরস্তৃপ্তঃ পদে পদে॥ ৯৪।

সুষুপ্তৌ চ (প্রগাঢ় নিদ্রাবস্থাতেও) সুপ্তঃ অপি ন (নিদ্রিত নহেন), স্বপ্নে অপি (স্বপ্নাবস্থাতেও) শয়িতঃ ন (স্বপ্নশীল নহেন), জাগরে অপি

(জাগ্রদবস্থাতেও) ন জাগর্ত্তি (জাগরিত নহেন) [এরূপ] ধীরঃ (সমদর্শী জীবন্মুক্ত) পদে পদে (প্রতিক্ষণে) তৃপ্তঃ (সন্তুষ্ট থাকেন)। ৯৪।

স্বপ্ন, সুপ্তি, জাগরণ প্রকৃতি-ঘটন।
হইয়া না হয়, যাঁর আত্মাতে রমণ॥ ৯৪।

জ্ঞঃ সচিন্তোঽপি নিশ্চিন্তঃ সেন্দ্রিয়োঽপি নিরিন্দ্রিয়ঃ।
সুবুদ্ধিরপি নির্ব্বুদ্ধিঃ সাহঙ্কারোঽনহঙ্কৃতিঃ॥ ৯৫।

জ্ঞঃ (জ্ঞানী জীবন্মুক্ত) সচিন্তঃ অপি (চিন্তান্বিত হইয়াও) নিশ্চিন্তঃ (চিন্তিত নহেন), সেন্দ্রিয়ঃ অপি (ইন্দ্রিয়যুক্ত হইয়াও) নিরিন্দ্রিয়ঃ (ইন্দ্রিয়রহিত), সুবুদ্ধিঃ অপি (সুবুদ্ধি হইয়াও) নির্ব্বুদ্ধিঃ (বুদ্ধিহীন মূর্খ), সাহঙ্কারঃ (অভিমান যুক্ত হইয়াও) অনহঙ্কৃতিঃ (অহঙ্কারশূন্য)। ৯৫।

মনবুদ্ধি অহঙ্কার ইন্দ্রিয়নিচয়।
করে কার্য্য, কিন্তু তাঁর কিছু কৃত নয়॥ ৯৫।

ন সুখী ন চ বা দুঃখী ন বিরক্তো ন রাগবান্।
ন মুমুক্ষুর্ন বা মুক্তো ন কিঞ্চিন্ন চ কিঞ্চন॥ ৯৬।

[জীবন্মুক্ত] সুখী ন (সুখী নহেন) বা (অথবা) দুঃখী চ ন (দুঃখীও নহেন), বিরক্তো ন (বিরাগী নহেন), রাগবান্ ন (অনুরাগীও নহেন), মুমুক্ষুঃ ন (মুক্তিকামী নহেন) বা (অথবা) মুক্তঃ ন (মুক্তও নহেন) কিঞ্চিৎ ন (কিছুই নহেন) চ (এবং) ন কিঞ্চন [ন] (কিছুই নয় এরূপ অকিঞ্চনও নহেন)। ৯৬।

না সুখী, না দুঃখী, না বিরক্ত, না আসক্ত।
না কিছু, না চায় কিছু, না মুমুক্ষু, মুক্ত॥ ৯৬।

বিক্ষেপেঽপি ন বিক্ষিপ্তঃ সমাধৌ ন সমাধিমান্।

জাড্যেঽপি ন জড়ো ধন্যঃ পাণ্ডিত্যেঽপি ন পণ্ডিতঃ॥ ৯৭।

ধন্যঃ (জীবন্মুক্ত) বিক্ষেপেঽপি (চাঞ্চল্য থাকিলেও) বিক্ষিপ্তঃ ন (চঞ্চল নহেন), সমাধৌ (চিত্ত একাগ্র হইলেও) সমাধিমান্ ন (সমাধিনিষ্ঠ নহেন), জাড্যে অপি (জড়তা থাকিলেও) জড়ঃ ন (মূর্খ নহেন) পাণ্ডিত্যে অপি (শাস্ত্রজ্ঞান থাকিলেও) পণ্ডিতঃ ন (পণ্ডিত নহেন)। ৯৭।

বিক্ষেপে বিক্ষিপ্ত নয়, যোগে নয় যুক্ত।
অজ্ঞানে অজ্ঞানী নয়, জ্ঞানে নয় জ্ঞাত॥ ৯৭।

মুক্তো যথাস্থিতি স্বস্থঃ কৃতকর্ত্তব্যনির্বৃতঃ।

সমঃ সর্ব্বত্র বৈতৃষ্ণ্যাৎ ন স্মরত্যকৃতং কৃতম্॥ ৯৮।

মুক্তঃ (গুণাতীত-জীবন্মুক্ত) যথাস্থিতি (যখন যেভাবে অবস্থান করেন, তখন সেই ভাবেই) স্বস্থঃ (আত্মসুখে অবস্থান করেন); কৃতকর্ত্তব্যনির্ব্বৃতঃ (কৃত ও কর্ত্তব্যকর্ম্মে উপরত), সমঃ (সর্ব্বভূতে সমভাবাপন্ন) [জীবন্মুক্ত] সর্ব্বত্র (সর্ব্ববিষয়ে) বৈতৃষ্ণ্যাৎ (বাসনাশূন্য বলিয়া) অকৃতং (না করা) [অথবা] কৃতং (কিছু করা) ন স্মরতি (মনে করেন না)। ৯৮।

সকলে সন্তুষ্ট কৃতাকৃতে অচঞ্চল।
স্মৃতি নাই, তৃষ্ণা নাই সমান সকল॥ ৯৮।

ন প্রীয়তে বন্দ্যমানো নিন্দ্যমানো ন কুপ্যতি।

নৈবোদ্বিজেত মরণে জীবনে নাভিনন্দতি॥ ৯৯।

[জীবন্মুক্ত] বন্দ্যমানঃ (স্তব করিলেও) ন প্রীয়তে (প্রীত হন্ না), নিন্দ্যমানঃ (নিন্দা করিলেও) ন কুপ্যতি (কুপিত হন না), মরণে

(জাগ্রদবস্থাতেও) ন জাগর্ত্তি (জাগরিত নহেন) [এরূপ] ধীরঃ (সমদর্শী জীবন্মুক্ত) পদে পদে (প্রতিক্ষণে) তৃপ্তঃ (সন্তুষ্ট থাকেন)। ৯৪।

স্বপ্ন, সুপ্তি, জাগরণ প্রকৃতি-ঘটন।
হইয়া না হয়, যাঁর আত্মাতে রমণ॥ ৯৪।

জ্ঞঃ সচিন্তোঽপি নিশ্চিন্তঃ সেন্দ্রিয়োঽপি নিরিন্দ্রিয়ঃ।
সুবুদ্ধিরপি নির্ব্বুদ্ধিঃ সাহঙ্কারোঽনহঙ্কৃতিঃ॥ ৯৫।

জ্ঞঃ (জ্ঞানী জীবন্মুক্ত) সচিন্তঃ অপি (চিন্তান্বিত হইয়াও) নিশ্চিন্তঃ (চিন্তিত নহেন), সেন্দ্রিয়ঃ অপি (ইন্দ্রিয়যুক্ত হইয়াও) নিরিন্দ্রিয়ঃ (ইন্দ্রিয়রহিত), সুবুদ্ধিঃ অপি (সুবুদ্ধি হইয়াও) নির্ব্বুদ্ধিঃ (বুদ্ধিহীন মূর্খ), সাহঙ্কারঃ (অভিমান যুক্ত হইয়াও) অনহঙ্কৃতিঃ (অহঙ্কারশূন্য)। ৯৫।

মনবুদ্ধি অহঙ্কার ইন্দ্রিয়নিচয়।
করে কার্য্য, কিন্তু তাঁর কিছু কৃত নয়॥ ৯৫।

ন সুখী ন চ বা দুঃখী ন বিরক্তো ন রাগবান্।
ন মুমুক্ষুর্ন বা মুক্তো ন কিঞ্চিন্ন চ কিঞ্চন॥ ৯৬।

[জীবন্মুক্ত] সুখী ন (সুখী নহেন) বা (অথবা) দুঃখী চ ন (দুঃখীও নহেন), বিরক্তো ন (বিরাগী নহেন), রাগবান্ ন (অনুরাগীও নহেন), মুমুক্ষুঃ ন (মুক্তিকামী নহেন) বা (অথবা) মুক্তঃ ন (মুক্তও নহেন) কিঞ্চিৎ ন (কিছুই নহেন) চ (এবং) ন কিঞ্চন [ন] (কিছুই নয় এরূপ অকিঞ্চনও নহেন)। ৯৬।

না সুখী, না দুঃখী, না বিরক্ত, না আসক্ত।
না কিছু, না চায় কিছু, না মুমুক্ষু, মুক্ত॥ ৯৬।

বিক্ষেপেঽপি ন বিক্ষিপ্তঃ সমাধৌ ন সমাধিমান্।

জাড্যেঽপি ন জড়ো ধন্যঃ পাণ্ডিত্যেঽপি ন পণ্ডিতঃ॥ ৯৭।

ধন্যঃ (জীবন্মুক্ত) বিক্ষেপেঽপি (চাঞ্চল্য থাকিলেও) বিক্ষিপ্তঃ ন (চঞ্চল নহেন), সমাধৌ (চিত্ত একাগ্র হইলেও) সমাধিমান্ ন (সমাধিনিষ্ঠ নহেন), জাড্যে অপি (জড়তা থাকিলেও) জড়ঃ ন (মূর্খ নহেন) পাণ্ডিত্যে অপি (শাস্ত্রজ্ঞান থাকিলেও) পণ্ডিতঃ ন (পণ্ডিত নহেন)। ৯৭।

বিক্ষেপে বিক্ষিপ্ত নয়, যোগে নয় যুক্ত।
অজ্ঞানে অজ্ঞানী নয়, জ্ঞানে নয় জ্ঞাত॥ ৯৭।

মুক্তো যথাস্থিতি স্বস্থঃ কৃতকর্ত্তব্যনির্ব্বৃতঃ।

সমঃ সর্ব্বত্র বৈতৃষ্ণ্যাৎ ন স্মরত্যকৃতং কৃতম্॥ ৯৮।

মুক্তঃ (গুণাতীত-জীবন্মুক্ত) যথাস্থিতি (যখন যেভাবে অবস্থান করেন, তখন সেই ভাবেই) স্বস্থঃ (আত্মসুখে অবস্থান করেন); কৃতকর্ত্তব্যনির্ব্বৃতঃ (কৃত ও কর্ত্তব্যকর্ম্মে উপরত), সমঃ (সর্ব্বভূতে সমভাবাপন্ন) [জীবন্মুক্ত] সর্ব্বত্র (সর্ব্ববিষয়ে) বৈতৃষ্ণ্যাৎ (বাসনাশূন্য বলিয়া) অকৃতং (না করা) [অথবা] কৃতং (কিছু করা) ন স্মরতি (মনে করেন না)। ৯৮।

সকলে সন্তুষ্ট কৃতাকৃতে অচঞ্চল।
স্মৃতি নাই, তৃষ্ণা নাই সমান সকল॥ ৯৮।

ন প্রীয়তে বন্দ্যমানো নিন্দ্যমানো ন কুপ্যতি।

নৈবোদ্বিজেত মরণে জীবনে নাভিনন্দতি॥ ৯৯।

[জীবন্মুক্ত] বন্দ্যমানঃ (স্তব করিলেও) ন প্রীয়তে (প্রীত হন্ না), নিন্দ্যমানঃ (নিন্দা করিলেও) ন কুপ্যতি (কুপিত হন না), মরণে

(মৃত্যুতে) ন এব উদ্বিজেত (উদ্বিগ্ন নহেন), জীবনে (জীবনধারণেও) ন অভিনন্দতি (আগ্রহান্বিত হন্ না)। ৯৯।

নাহি হন্ স্তবে তুষ্ট নিন্দায় কুপিত।
মরণে উদ্বিগ্ন নন্ জীবনে হর্ষিত॥ ৯৯।

ন ধাবতি জনাকীর্ণং নারণ্যমুপ শান্তধীঃ।
যথাতথা যত্র তত্র সম এবাবতিষ্ঠতে॥ ১০০।

ইতি শমশতকমষ্টাদশপ্রকরণং সমাপ্তম্॥

উপশান্তধীঃ (নির্ব্বাণী যোগী) জনাকীর্ণং (জনালয়ে) ন ধাবতি (যান না), অরণ্যং (বনেও) ন ধাবতি (প্রবেশ করেন না), যথা তথা (যে সে প্রকারে) যত্র তত্র (যেখানে সেখানে) সম এব (সমভাবেই) অবতিষ্ঠতে (অবস্থান করেন)। ১০০।

বনবাসে জনবাসে নাহিক কামনা।
যদা যত্র তদা তত্র তৃপ্ত শান্তমনা॥ ১০০।

ইতি শমশতক নামক অষ্টাদশ প্রকরণ।

ঊনবিংশপ্রকরণম্।

গুরুঃ।

তত্ত্ববিজ্ঞানসন্দংশমাদায় হৃদয়োদরাৎ।
নানাবিধপরামর্শশল্যোদ্ধারঃ কৃতো ময়া॥ ১।

ময়া (আমি) তত্ত্ববিজ্ঞানসন্দংশং (আত্মবিজ্ঞানরূপ দংশনী—সাঁড়াশী) আদায় (গ্রহণ করিয়া) [তাহার দ্বারা] হৃদয়োদরাৎ (হৃদয়ের অভ্যন্তর হইতে) নানাবিধপরামর্শশল্যোদ্ধারঃ (নানাপ্রকার যুক্তিরূপ লৌহ-শলাকা বহিষ্কৃত) কৃতঃ (করিয়াছি)। ১।

হৃদুদর হ'তে নানা যুক্তিরূপ বাণ।
করিনু উদ্ধার দিয়া শুদ্ধ তত্ত্বজ্ঞান॥ ১।

ক্ব ধর্ম্মঃ ক্ব চ বা কামঃ ক্ব চার্থঃ ক্ব বিবেকতা।
ক্ব দ্বৈতং ক্ব চ বাদ্বৈতং স্বমহিম্নি স্থিতস্যমে॥ ২।

স্বমহিম্নি (স্বস্বরূপে) স্থিতস্য (অবস্থিত) মে (আমার) ধর্ম্মঃ ক্ব (ধর্ম্ম কোথায়), চ (এবং) কামঃ ক্ব (কামভোগ কোথায়), অর্থঃ ক্ব (ভোগ সাধন বস্তু কোথায়), বিবেকতা ক্ব (বিবেকজ্ঞান কোথায়) দ্বৈতং ক্ব (দ্বৈতজগৎ কোথায়), চ (এবং) অদ্বৈতং বা ক্ব (অদ্বৈত-ভাবই বা কোথায়)? ২।

কোথায় বিবেক, ধর্ম্ম অর্থ কাম কোথা।
স্বমহিমা-স্থিত মম দ্বৈতাদ্বৈত কোথা॥ ২।

ক্ব ভূতং ক্ব ভবিষ্যঞ্চ বর্ত্তমানমপি ক্ব চ।
ক্ব দেশঃ ক্ব চ বা নিত্যং স্বমহিম্নি স্থিতস্য মে ॥ ৩।

স্বমহিম্নি (স্বস্বরূপে) স্থিতস্য (অবস্থিত) মে (আমার) ভূতং ক্ব (অতীতকাল কোথায়) চ (এবং) ভবিষ্যং ক্ব (ভবিষ্যৎকাল কোথায়), অপি চ বর্ত্তমানং ক্ব (এবং বর্ত্তমান কাল কোথায়), দেশঃ ক্ব (দেশ-কোথায়), নিত্যং বা ক্ব (নিত্যতাই বা কোথায়) ? ৩।

কোথা ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান কোথা।
স্বমহিমাস্থিত মম অংশ, নিত্য কোথা ? ৩।

ক্ব চাত্মা ক্ব চ বানাত্মা ক্ব শুভং ক্বাশুভং তথা।
ক্ব চিন্তা ক্ব চ বাচিন্তা স্বমহিম্নি স্থিতস্য মে ॥ ৪।

স্বমহিম্নি (স্বস্বরূপে) স্থিতস্য (অবস্থিত) মে (আমার নিকটে) আত্মা চ ক্ব (আত্মা কোথায়) বা (অথবা) অনাত্মা চ ক্ব (অনাত্মা জড়ই বা কোথায়), শুভং ক্ব (মঙ্গল কোথায়) তথা (ও) অশুভং (অমঙ্গলই বা) ক্ব (কোথায়) চিন্তা ক্ব (ভাবনা কোথায়) চ (এবং) অচিন্তা বা ক্ব (নির্ভাবনাই বা কোথায়) ? ৪।

কোথা আত্মা অনাত্মা বা শুভাশুভ কোথা।
স্বমহিমাস্থিত মম চিন্তাচিন্তা কোথা ॥ ৪।

ক্ব স্বপ্নঃ ক্ব সুষুপ্তির্ব্বা ক্ব চ জাগরণং তথা।
ক্ব তুরীয়ং ভয়ং বাপি স্বমহিম্নি স্থিতস্য মে ॥ ৫।

স্বমহিম্নি স্থিতস্য মে (স্বস্বরূপে অবস্থিত আমার) স্বপ্নঃ ক্ব (স্বপ্নাবস্থা কোথায়), সুষুপ্তিঃ বা ক্ব (সুষুপ্তিই বা কোথায়) তথা (ও) জাগরণং চ

ক্ব (জাগ্রদবস্থাই বা কোথায়) তুরীয়ং (চতুর্থ = মোক্ষাবস্থা) ক্ব (কোথায়) বা (অথবা) ভয়ং অপি [ক্ব] (অবিদ্যারূপ বন্ধনই বা কোথায়) ? ৫।

স্বপ্ন সুপ্তি জাগরণ তুরীয় বা কোথা।
স্বমহিমাস্থিত মম কি আশঙ্কা কোথা ॥ ৫।

ক্ব দূরং ক্ব সমীপং বা বাহ্যং ক্বাভ্যন্তরং ক্ব বা।
ক্ব স্থূলং ক্ব চ বা সূক্ষ্মং স্বমহিম্নি স্থিতস্য মে ॥ ৬ ।

স্বমহিম্নি স্থিতস্য মে (স্বস্বরূপাবস্থিত আমার নিকটে) দূরং ক্ব (দূর কোথায়), সমীপং ক্ব (নিকট কোথায়) বা (অথবা) বাহ্যং ক্ব (বাহির কোথায়), অভ্যন্তরং বা ক্ব (ভিতরই বা কোথায়) স্থূলং ক্ব (স্থূল কোথায়) চ (এবং) সূক্ষ্মং বা ক্ব (সূক্ষ্মই বা কোথায়) ? ৬।

কোথা বা নিকট দূর বাহ্যান্তর কোথা।
স্বমহিমাস্থিত মম স্থূল সূক্ষ্ম কোথা ॥ ৬।

ক্ব মৃত্যুর্জীবিতং বা ক্ব লোকাঃ ক্বাপি ক্ব লৌকিকং।
ক্ব লয়ঃ ক্ব সমাধির্ব্বা স্বমহিম্নি স্থিতস্য মে ॥ ৭ ।

স্বমহিম্নি স্থিতস্য মে (স্বস্বরূপাবস্থিত আমার চক্ষে) মৃত্যুঃ ক্ব (মরণ কোথায়) বা (অথবা) জীবিতং ক্ব (জীবন কোথায়), লোকাঃ অপি ক্ব (দৃশ্যমান্ জগৎ কোথায়), লৌকিকং ক্ব (লৌকিক ব্যবহারই বা কোথায়), লয়ঃ ক্ব (চিত্তলয় কোথায়) বা (অথবা) সমাধিঃ ক্ব (চিত্তের একাগ্রতাই বা কোথায়) ? ৭।

জীবন মরণ লোক লৌকিকতা কোথা।
স্বমহিমাস্থিত মম যোগ লয় কোথা ॥ ৭।

অলং ত্রিবর্গকথয়া যোগস্য কথয়াপ্যলং।
অলং বিজ্ঞানকথয়া বিশ্রান্তস্য মমাত্মনি ॥ ৮।

ইত্যাত্মবিশ্রান্ত্যষ্টকমূনবিংশপ্রকরণম্।

আত্মনি (আত্মায়) বিশ্রান্তস্য (বিশ্রামলাভ করিয়া অবস্থিত) মম (আমার) ত্রিবর্গকথয়া (ধর্ম্ম অর্থ ও কামভোগের কথায়) অলং (প্রয়োজন নাই), যোগস্য কথয়া অপি (যোগসম্বন্ধীয় কথাতেও) অলং (প্রয়োজন নাই) [এবং] বিজ্ঞানকথয়া অপি (জ্ঞান বিজ্ঞানের কথাতেও) অলং (আর প্রয়োজন নাই)। ৮।

ধর্ম্ম, অর্থ, কাম, যোগ, বিজ্ঞানবারতা।
আত্মতৃপ্ত মম সন্নিধানে সব বৃথা ॥ ৮।

ইতি আত্মবিশ্রান্তি নামক উনবিংশ প্রকরণ।

বিংশপ্রকরণম্।

শিষ্যঃ।

ক্ব ভূতানি ক্ব দেহো বা ক্বেন্দ্রিয়াণি ক্ব বা মনঃ।
ক্ব শূন্যং ক্ব চ নৈরাশ্যং মৎস্বরূপে নিরঞ্জনে ॥ ১।

শিষ্য বলিলেন।

নিরঞ্জনে মৎস্বরূপে (নির্ব্বিশেষস্বরূপ আমাতে) ভূতানি ক্ব (ক্ষিতি আদি ভূতসমূহ কোথায়) বা (অথবা) দেহঃ ক্ব (দেহ কোথায়), ইন্দ্রিয়াণি ক্ব (চক্ষুঃ আদি ইন্দ্রিয়গণ কোথায়), বা (অথবা) মনঃ (অন্তঃকরণ) ক্ব (কোথায়), শূন্যং ক্ব (অভাব কোথায়) চ (এবং) নৈরাশ্যং ক্ব (নিরাশাই বা কোথায়)? ১।

কোথা ভূতগণ, দেহ, ইন্দ্রিয় বা মন।
শূন্য বা নৈরাশ্য কোথা, আমি নিরঞ্জন ॥ ১।

ক্ব শাস্ত্রং ক্বাত্মবিজ্ঞানং ক্ব বা নির্ব্বিষয়ং মনঃ।
ক্ব তৃপ্তিঃ ক্ব বিতৃষ্ণত্বং গতদ্বন্দ্বস্য মে সদা ॥ ২।

সদা (সকল সময়েই) গতদ্বন্দ্বস্য মে (বৈষম্যরহিত আমার) শাস্ত্রং ক্ব (শাস্ত্রজ্ঞান কোথায়), আত্মবিজ্ঞানং ক্ব (আত্মতত্ত্বজ্ঞান কোথায়), বা (অথবা) নির্ব্বিষয়ং (শব্দাদি বিষয়শূন্য) মনঃ ক্ব (মন কোথায়),

তৃপ্তিঃ ক্ব (সন্তোষ কোথায়), বিতৃষ্ণত্বং ক্ব (বিষয়ে নিস্পৃহভাবই বা কোথায়)? ২।

শাস্ত্র, আত্মজ্ঞান, নির্ব্বিষয় মন কোথা।
দ্বন্দ্বাতীত আমাতে, বিতৃষ্ণা, তৃপ্তি কোথা॥ ২।

ক্ব বিদ্যা ক্ব চ বাবিদ্যা ক্বাহং ক্বেদং মম ক্ব বা।
ক্ব বন্ধঃ ক্ব চ বা মোক্ষঃ স্বরূপস্য ক্ব রূপিতা॥ ৩।

স্বরূপস্য (স্বরূপাবস্থিত) [আমার] বিদ্যা ক্ব (আত্মজ্ঞান কোথায়) বা (অথবা) অবিদ্যা চ ক্ব (অনাত্মজ্ঞানই বা কোথায়), অহং ক্ব (অহংজ্ঞান কোথায়), ইদং ক্ব (জগৎ কোথায়) বা (অথবা) মম ক্ব (মমতা কোথায়), বন্ধঃ ক্ব (বন্ধন কোথায়) বা (অথবা) মোক্ষঃ চ ক্ব (মোক্ষই বা কোথায়), রূপিতা ক্ব (রূপই বা কোথায়)? ৩।

আমি, মম, এই বিদ্যা, অবিদ্যা বা কোথা।
স্বরূপে সংস্থিত মম বন্ধ-মুক্তি কোথা॥ ৩।

ক্ব প্রারব্ধানি কর্ম্মাণি জীবন্মুক্তিরপি ক্ব বা।
ক্ব তৎ বিদেহকৈবল্যং নির্ব্বিশেষস্য সর্ব্বদা॥ ৪।

সর্ব্বদা নির্ব্বিশেষস্য (সর্ব্বদা সর্ব্ববিধবিশেষশূন্য) [আমার] প্রারব্ধানি কর্ম্মাণি ক্ব (পূর্ব্বকৃত কর্ম্ম কোথায়) বা (অথবা) জীবন্মুক্তিঃ অপি ক্ব (জীবন্মুক্তিই বা কোথায়), তৎ (সেই) বিদেহকৈবল্যং ক্ব (বিদেহমুক্তিই বা কোথায়)? ৪।

কোথায় প্রারব্ধকর্ম্ম, জীবন্মুক্তি কোথা।
নির্ব্বিশেষ আমাতে, বিদেহমুক্তি কোথা॥ ৪।

ক্ব কর্ত্তা ক্ব চ বা ভোক্তা নিষ্ক্রিয়স্ফুরণং ক্ব বা।
ক্বাপরোক্ষং ফলং বা ক্ব নিঃস্বভাবস্য মে সদা ॥ ৫।

সদা নিঃস্বভাবস্য মে (সর্ব্বদা জীবভাবশূন্য ব্রহ্মভূত আমার) কর্ত্তা ক্ব (কর্ত্তৃত্ব কোথায়) বা (অথবা) ভোক্তা চ ক্ব (ভোক্তৃত্বই বা কোথায়) বা (কিম্বা) নিষ্ক্রিয়স্ফুরণং ক্ব (স্বয়ংপ্রকাশ জ্ঞান কোথায়), অপরোক্ষং ক্ব (প্রত্যক্ষ প্রমাণ কোথায়) বা (অথবা) ফলং (প্রত্যক্ষপ্রমাণস্য ফলং প্রমা—চৈতন্যং—প্রত্যক্ষাদি প্রমাণের ফল নিশ্চয়াত্মক বোধই বা) ক্ব (কোথায়) ? ৫ ।

নিষ্ক্রিয় প্রকাশ কিম্বা কর্ত্তা, ভোক্তা কোথা।
নিঃস্বভাব আমাতে বা অপরোক্ষ কোথা ॥ ৫ ।

ক্ব লোকঃ ক্ব মুমুক্ষুর্ব্বা ক্ব যোগী জ্ঞানবান্ ক্ব বা।
ক্ব বন্ধঃ ক্ব চ বা মুক্তঃ স্বস্বরূপেঽহমদ্বয়ে ॥ ৬।

স্বস্বরূপে (ব্রহ্মস্বরূপ) অহং অদ্বয়ে (অদ্বিতীয় আমাতে) লোকঃ ক্ব (ত্রিলোক কোথায়) বা (অথবা) মুমুক্ষুঃ ক্ব (মুক্তিকামী লোক কোথায়), যোগী ক্ব (যোগিলোক কোথায়) বা (অথবা) জ্ঞানবান্ ক্ব (জ্ঞানী কোথায়), বন্ধঃ (অবিদ্যা) ক্ব (কোথায়) বা (অথবা) মুক্তঃ চ ক্ব (অবিদ্যামুক্ত পুরুষই বা কোথায়) ? ৬ ।

ত্রিলোক, মুমুক্ষু, যোগী, জ্ঞানবান্ কোথা।
অদ্বয়স্বরূপে মম বন্ধমুক্ত কোথা ॥ ৬ ।

ক্ব সৃষ্টিঃ ক্ব চ সংহারঃ ক্ব সাধ্যং ক্ব চ সাধনং।
ক্ব সাধকঃ ক্ব সিদ্ধির্ব্বা স্বস্বরূপেঽহমদ্বয়ে ! ৭।

স্বস্বরূপে (ব্রহ্মস্বরূপ) অহং অদ্বয়ে (অদ্বিতীয় আমাতে) সৃষ্টিঃ ক্ব (সৃষ্টি কোথায়), সংহারঃ চ ক্ব (সৃষ্টি সংহারই বা কোথায়), সাধ্যং ক্ব

(সাধিবার বিষয় কোথায়), সাধনং চ ক্ব (সাধনই বা কোথায়), সাধকঃ ক্ব (সাধক কোথায়), সিদ্ধিঃ বা ক্ব (সাধনার ফল—সিদ্ধিই বা কোথায়) ? ৭।

সাধক, সাধন, সাধ্য, সিদ্ধি বা কোথায়।
অদ্বয়স্বরূপে সৃষ্টি, লয় বা কোথায় ? ৬ ।

ক্ব প্রমাতা প্রমাণং বা ক্ব প্রমেয়ঃ ক্ব বা প্রমা।
ক্ব কিঞ্চিৎ ক্ব ন কিঞ্চিদ্বা সর্ব্বদা বিমলস্য মে ॥ ৮।

সর্ব্বদা বিমলস্য মে (নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বরূপ আমার নিকটে) প্রমাতা ক্ব (অনুভবকর্ত্তা—জ্ঞাতা কোথায়) বা (অথবা) প্রমাণং ক্ব (প্রত্যক্ষ আদি প্রমাণ কোথায়), প্রমেয়ঃ ক্ব (জানিবার বিষয়—জ্ঞেয় কোথায়) বা (অথবা) প্রমা ক্ব (নিশ্চয়জ্ঞান কোথায়) কিঞ্চিৎ ক্ব (অনির্দ্দিষ্ট কিছু কোথায়) ন কিঞ্চিৎ বা ক্ব (নির্দ্দিষ্ট কিছুই বা কোথায়)। ৮।

প্রমাতা, প্রমাণ, প্রমা, প্রমেয় বা কোথা।
সর্ব্বদা বিমলে কিছু, না কিছু বা কোথা ॥ ৮।

ক্ব বিক্ষেপঃ ক্ব চৈকাগ্রং ক্ব নিরোধঃ ক্ব মূঢ়তা।
ক্ব হর্ষঃ ক্ব বিষাদো বা সর্ব্বদা নিষ্ক্রিয়স্য মে ॥ ৯।

সর্ব্বদা নিষ্ক্রিয়স্য মে (সর্ব্বদা নির্ব্বিকারস্বরূপ আমার) বিক্ষেপঃ ক্ব (অস্থিরতা কোথায়), একাগ্রং চ ক্ব (একাগ্রতাই বা কোথায়), নিরোধঃ ক্ব (চিত্তবৃত্তিসমূহের নিরোধ কোথায়), মূঢ়তা ক্ব (মোহ-ভাব কোথায়), হর্ষঃ ক্ব (হর্ষ কোথায়), বিষাদঃ বা ক্ব (বিষাদই বা কোথায় ? ৯।

নিরোধ, বিক্ষেপ, জাড্য, একাগ্রতা কোথা।
সর্ব্বদা নিষ্ক্রিয় মম হর্ষ, ক্ষোভ কোথা ॥ ৯।

ক্ক চৈব ব্যবহারো বা ক্ক চ সা পরমার্থতা।
ক্ক সুখং ক্ক চ বা দুঃখং নির্ব্বিশেষস্য মে সদা ॥ ১০।

সদা নির্ব্বিশেষস্য মে (সর্ব্বদা সর্ব্ববিধবিশেষণশূন্য আমার) [নিকটে] ব্যবহার এব চ ক্ক (মিথ্যা লৌকিক ব্যবহারই বা কোথায়) চ (এবং) সা পরমার্থতা ক্ক (সেই খাঁটি সত্য পারমার্থিক ভাব কোথায়), সুখং ক্ক (সুখ কোথায়), দুঃখং চ বা ক্ক (দুঃখই বা কোথায়) ? ১০।

কোথা লোকব্যবহার পরমার্থ কোথা।
সদা নির্ব্বিশেষ মম সুখদুঃখ কোথা ॥ ১০।

ক্ক মায়া ক্ক চ সংসারঃ ক্ক প্রীতির্ব্বিরতিঃ ক্ক বা।
ক্ক জীবঃ ক্ক চ তদ্‌ব্রহ্ম সর্ব্বদা বিমলস্য মে ॥ ১১,

সর্ব্বদা বিমলস্য মে (নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বরূপ আমার) মায়া ক্ক (মায়া কোথায়), চ (এবং) সংসারঃ ক্ক (সংসার কোথায়), প্রীতিঃ ক্ক (বিষয়ানুরাগ কোথায়), বিরতিঃ বা ক্ক (বিরাগই বা কোথায়), জীবঃ ক্ক (জীবভাব কোথায়) চ (এবং) তৎ ব্রহ্ম ক্ক (ব্রহ্মভাবই বা কোথায়) ? ১১।

অবিদ্যা সংসাররতি বিরতি বা কোথা।
সর্ব্বদা বিমলে মম জীব, ব্রহ্ম কোথা ? ১১।

ক্ক প্রবৃত্তির্নিবৃত্তির্ব্বা ক্ক মুক্তিঃ ক্ক চ বন্ধনং।
কূটস্থনির্ব্বিভাগস্য স্বস্থস্য মম সর্ব্বদা ॥ ১২।

কূটস্থনির্ব্বিভাগস্য (কূটস্থনির্ব্বিশেষস্য কূটস্থস্য—অবিকারী) [ও] সর্ব্বদা স্বস্থস্য মে (সর্ব্বদা স্বস্বরূপাবস্থিত আমার) প্রবৃত্তিঃ (বিষয়েচ্ছা) ক্ক (কোথায়) বা (কিম্বা) নিবৃত্তিঃ [ক্ক] (বিষয়ে অনিচ্ছাই বা

কোথায়), মুক্তিঃ ক্ব (অবিদ্যাবিমুক্তি কোথায়) চ (এবং) বন্ধনং ক্ব (বন্ধনরূপিণী অবিদ্যাই বা কোথায়)? ১২।

প্রবৃত্তি, নিবৃত্তি, মুক্তি, কোথায় বন্ধন?
সতত অখণ্ড, শান্ত, শুদ্ধ নিরঞ্জন॥ ১২।

ক্বোপদেশঃ ক্ব বা শাস্ত্রং ক্ব শিষ্যঃ ক্ব চ বা গুরুঃ।
ক্ব চাস্তি পুরুষার্থো বা নিরুপাধেঃ শিবস্য মে॥ ১৩।

নিরুপাধেঃ শিবস্য মে (মায়ামুক্তশিবস্বরূপ আমার নিকটে) উপদেশঃ ক্ব (জ্ঞান উপদেশ কোথায়) বা (কিম্বা) শাস্ত্রং ক্ব (শাস্ত্রজ্ঞান কোথায়), শিষ্যঃ ক্ব (উপদেশপ্রার্থী শুশ্রূষু কোথায়) বা (কিম্বা) গুরুঃ চ ক্ব (তত্ত্বদর্শী উপদেষ্টা কোথায়), পুরুষার্থঃ চ বা ক্ব অস্তি (ভোগ ও মোক্ষই বা কোথায়)? ১৩।

কোথা গুরু, শিষ্য, শাস্ত্র, উপদেশ কোথা।
নিরুপাধি শিবত্বে বা পুরুষার্থ কোথা॥ ১৩।

ক্ব চাস্তি ক্ব চ বা নাস্তি ক্বাস্তি চৈকং ক্ব বা দ্বয়ং।
বহুনাত্র কিমুক্তেন কিঞ্চিন্নোত্তিষ্ঠতে মম॥ ১৪।

ইতি জীবন্মুক্তিচতুর্দ্দশকং নাম বিংশপ্রকরণম্।

অস্তি চ ক্ব (অস্তিত্বই বা কোথায়), বা (অথবা) নাস্তি চ ক্ব (নাস্তিত্বই বা কোথায়), অস্তি ক্ব (অস্তি-নাস্তি বর্জ্জিত অস্তিই বা কোথায়), চ (এবং) একং ক্ব (একত্ব কোথায়), দ্বয়ং বা ক্ব (বহুত্বই বা কোথায়)? অত্র (এ বিষয়ে) বহুনা উক্তেন কিং (বেশী বলিবার কি প্রয়োজন)? মম (আমার) কিঞ্চিৎ (কিছুই) ন উত্তিষ্ঠতে (চিত্তে উদিত হয় না অর্থাৎ আমার কিছুই নাই)। ১৪।

কোথা অস্তি, নাস্তি, দ্বয়, অদ্বয়, পরম।
কি অধিক বলি আর কিছু নাই মম॥ ১৪।

ইতি জীবন্মুক্তি নামক বিংশ প্রকরণ।

একবিংশপ্রকরণম্।

দশষট্‌চোপদেশে স্যুঃ শ্লোকাশ্চ পঞ্চবিংশতিঃ।
সত্যাত্মানুভবোল্লাসে উপদেশে চতুর্দ্দশ ॥ ১।

উপদেশে (আত্মানুভব উপদেশ নামক প্রথমপ্রকরণে) দশ চ ষট্ (ষোড়শসংখ্যক) শ্লোকাঃ (শ্লোক) স্যুঃ (আছে) চ (এবং) সত্যাত্মানুভবোল্লাসে (সত্যাত্মানুভব নামক দ্বিতীয় প্রকরণে) পঞ্চবিংশতিঃ (পঁচিশটী শ্লোক আছে), উপদেশে (আক্ষেপদ্বারক-উপদেশ নামক তৃতীয় প্রকরণে) চতুর্দ্দশ (চৌদ্দটী শ্লোক আছে)। ১।

ষড়ুল্লাসে লয়ে চৈব উপদেশে চতুশ্চতুঃ।
পঞ্চকং স্যাদনুভবে বন্ধমোক্ষে চতুষ্টয়ং ॥ ২।

উল্লাসে (শিষ্যপ্রোক্তানুভব নামক চতুর্থ প্রকরণে ষট্ (ছয়টী শ্লোক আছে), লয়ে (আচার্য্যোক্তলয় নামক পঞ্চম প্রকরণে চ (এবং) উপদেশে (শিষ্যপ্রোক্ত উত্তর-চতুষ্ক নামক ষষ্ঠ প্রকরণে) চতুশ্চতুঃ এব (চারিটী চারিটী করিয়া শ্লোক আছে), অনুভবে (অনুভবপঞ্চক বিবরণ নামক সপ্তম প্রকরণে) পঞ্চকং (পাঁচটী শ্লোক আছে), বন্ধমোক্ষে (বন্ধমোক্ষচতুষ্কনামক অষ্টম প্রকরণে) চতুষ্টয়ং (চারিটী শ্লোক আছে)। ২।

নির্ব্বেদোপশমে জ্ঞানে এবমেবাষ্টকং ভবেৎ।
যথাসুখে সপ্তকঞ্চ শান্তৌ স্যাদ্বেদসম্মিতং ॥ ৩।

নির্ব্বেদোপশমে (নির্ব্বেদ নামক নবম প্রকরণে ও উপশম নামক দশম প্রকরণে) জ্ঞানে (জ্ঞান নামক একাদশ প্রকরণে) এবমেব (এবমেব নামক দ্বাদশ প্রকরণে) অষ্টকং ভবেৎ (আটটী করিয়া শ্লোক আছে); যথাসুখে (যথাসুখ নামক ত্রয়োদশ প্রকরণে) সপ্তকং (সাতটী) চ (এবং) শান্তৌ (শান্তি নামক চতুর্দ্দশ প্রকরণে) বেদসম্মিতং (চারিটী) স্যাৎ (শ্লোক আছে)। ৩।

তত্ত্বোপদেশে বিংশচ্চ দশ জ্ঞানোপদেশকে।
তত্ত্বস্বরূপে বিংশচ্চ সমে চ শতকং ভবেৎ ॥ ৪।

তত্ত্বোপদেশে (তত্ত্বোপদেশ নামক পঞ্চদশ প্রকরণে) বিংশৎ (বিংশতি), চ (এবং) জ্ঞানোপদেশকে (জ্ঞানোপদেশ বা বিশেষোপদেশ নামক ষোড়শ প্রকরণে) দশ (দশটী), তত্ত্বস্বরূপে (তত্ত্বজ্ঞস্বরূপ নামক সপ্তদশ প্রকরণে) বিংশৎ (বিংশতি), চ (এবং) সমে (সমশতক নামক অষ্টাদশ প্রকরণে) শতকং ভবেৎ (একশত শ্লোক আছে)। ৪।

অষ্টকঞ্চাত্মবিশ্রান্তৌ জীবন্মুক্তৌ চতুর্দ্দশ।
ষট্‌সংখ্যাক্রম-বিজ্ঞানে গ্রন্থৈকাত্ম্যং ততঃপরং ॥ ৫।

আত্মবিশ্রান্তৌ (আত্মবিশ্রান্তি-নামক উনবিংশ প্রকরণে) অষ্টকং (আটটী) চ (এবং) জীবন্মুক্তৌ (জীবন্মুক্তিনামক বিংশ প্রকরণে) চতুর্দ্দশ (চৌদ্দটী), সংখ্যাক্রমবিজ্ঞানে (সংখ্যাক্রমব্যাখ্যান নামক একবিংশ প্রকরণে) ষট্ (ছয়টী শ্লোক আছে), ততঃপরং (অনন্তর পরবর্ত্তী শ্লোকে) গ্রন্থৈকাত্ম্যং (গ্রন্থের শ্লোকসমষ্টি) [নির্দ্দিষ্ট হইতেছে]। ৫।

বিংশত্যেকমিতৈঃ খণ্ডৈঃ শ্লোকৈরাত্মাগ্নিমধ্যখৈঃ।
অবধূতানুভূতেশ্চ শ্লোকাঃ সংখ্যাক্রমা অমী ॥ ৬।

ইতি সংখ্যাক্রমব্যাখ্যানং নামৈকবিংশপ্রকরণম্।

ইত্যষ্টাবক্রসংহিতা সম্পূর্ণা।

বিংশত্যেকমিতৈঃ খণ্ডৈঃ (একবিংশতি পরিমিত খণ্ডে), আত্মা (জীবাত্মা ও পরমাত্মায় দুই সংখ্যা) অগ্নি (তৃতীয় সংখ্যার নক্ষত্রের অধিপতি বলিয়া অগ্নি শব্দে তিন সংখ্যা) মধ্যখৈঃ (উক্ত দুই ও তিন সংখ্যার মধ্যে খ=শূন্য দিলে অঙ্কের বিপরীত গণনাক্রমে একত্রিত ৩০২টী) শ্লোকৈঃ [ভূয়তে] (শ্লোক আছে)। অবধূতানুভূতেঃ (অবধূতগণের অনুভূতির—অষ্টাবক্র-সংহিতায়) সংখ্যাক্রমাঃ (সংখ্যাক্রম গণনায়) অমী চ (উক্ত, ৩০২ টী) শ্লোকাঃ [বর্ত্তন্তে] (শ্লোক আছে)।

ইতি সংখ্যাক্রমব্যাখ্যান নামক একবিংশতি প্রকরণ।

সমাপ্তোঽয়ং গ্রন্থঃ।

মর্ডার্ণ আর্ট প্রেস, ১২, দুর্গা পিতুড়ী লেন, কলিকাতা,
শ্রীঅম্বিকাচরণ বিশ্বাস দ্বারা মুদ্রিত।